বিমানবাহিনী প্রধান	১৭	এয়ার মার্শাল হাসান মাহমুদ খাঁন	বিজিবি প্রধান	---	মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী প্রধান	---	মেজর জেনারেল এ কে এম আমিনুল হক	ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্য	৩০	ড. নিয়াজ আহমেদ খান
র‍্যাবের মহাপরিচালক	১২	এ কে এম শহিদুর রহমান	গভর্নর, বাংলাদেশ ব্যাংক	১৩	আহসান এইচ মনসুর[১]
অর্থসচিব	---	মো. খায়েরুজ্জামান মজুমদার	পুলিশ মহাপরিদর্শক (IGP)	৩৩	বাহারুল আলম
দুর্নীতি দমন কমিশন	---	ড. মোহাম্মদ আবদুল মোমেন	NBR চেয়ারম্যান	---	মো. আব্দুর রহমান খান
মানবাধিকার কমিশনের চেয়ারম্যান	৫	ড. কামাল উদ্দিন আহমেদ	বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান	১৫	অধ্যাপক এস এম এ ফায়েজ
মন্ত্রিপরিষদ সচিব	২৫	ড. শেখ আব্দুর রশীদ	বাংলাদেশ ক্রিকেট বোর্ড	১৭	আমিনুল ইসলাম বুলবুল
বাংলা একাডেমি সভাপতি	২৩	আবুল কাসেম ফজলুল হক[২]	বাংলা একাডেমি মহাপরিচালক	১৯	অধ্যাপক মোহাম্মদ আজম
স্থায়ী প্রতিনিধি, জাতিসংঘ	১৭	সালাউদ্দিন নোমান চৌধুরী	আইন কমিশন (প্রথম নারী চেয়ারম্যান)	---	বিচারপতি জিনাত আরা

❖ [১] বাংলাদেশ ব্যাংকের গভর্নরের নির্ধারিত বয়সসীমা তুলে দেওয়া হয়। পূর্বে বয়সসীমা ছিল ৬৭ বছর।

❖ [২] **আবুল কাসেম ফজলুল হক:** তিনি সর্বস্তরে বাংলা ভাষার ব্যবহার নিশ্চিতে সোচ্চার 'রাষ্ট্রভাষা বাংলা রক্ষা কমিটি'র আহ্বায়ক। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সাবেক অধ্যাপক। ১৯৮১ সালে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার লাভ করেন।

❖ [৩] **সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান:** ইস্ট বেঙ্গল রেজিমেন্টের ১৭তম 'কর্নেল অব দ্য রেজিমেন্ট' হিসেবে অভিষিক্ত হন। মধ্য আফ্রিকান প্রজাতন্ত্রের সম্মানসূচক রাষ্ট্রপতি পদকে ভূষিত হন।

❖ **সর্বোচ্চ আদালত:** সুপ্রিম কোর্ট (বিভাগ: আপিল, হাইকোর্ট)। **বিচারক: হাইকোর্ট বিভাগ** – ৮৯ জন, **আপিল বিভাগ** – ৭ জন।

জুলাই গণহত্যা বিচারে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল

একাত্তরে মুক্তিযুদ্ধের সময় বিরোধীতাকারীদের বিভিন্ন মানবতাবিরোধী অপরাধের বিচার করতে বাংলাদেশে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল গঠন করা হয় ২৫ মার্চ, ২০১০ (আন্তর্জাতিক অপরাধ আইন, ১৯৭৩ এর মাধ্যমে)। বিচারের গতি দ্রুত করতে ২২ মার্চ, ২০১২ দ্বিতীয় ট্রাইব্যুনাল গঠন করা হয়। ট্রাইব্যুনাল-১ থেকে ৪৪টি ও ট্রাইব্যুনাল-২ থেকে ১১টি মামলার রায় হয়। ট্রাইব্যুনালের রায়ের পর সব আইনি প্রক্রিয়া শেষে মুক্তিযুদ্ধের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের দায়ে এখন পর্যন্ত শীর্ষ পর্যায়ের ৬ আসামির মৃত্যুদণ্ড কার্যকর হয়েছে। পরবর্তীতে মামলার চাপ কমে যাওয়ায় ১৫ সেপ্টেম্বর, ২০১৫ দুই ট্রাইব্যুনালকে একীভূত করে ১টি ট্রাইব্যুনাল করা হয়। ৫ আগস্ট, ২০২৪ গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর ট্রাইব্যুনাল-১ পুনর্গঠন করা হয় ১৪ অক্টোবর, ২০২৪; গণ-অভ্যুত্থানকালীন (১৫ জুলাই – ৫ আগস্ট, ২০২৪) চালানো দমন পীড়ন, গণহত্যার বিচার করার জন্যে। ১৭ অক্টোবর, ২০২৪ ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম।

❖ ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে আনুষ্ঠানিকভাবে অভিযোগ দাখিল করা হয় ১ জুন, ২০২৫; এই বিচারকাজ দেশের ইতিহাসে প্রথমবারের মতো সরাসরি সম্প্রচার করা হয় (বাংলাদেশ টেলিভিশন পর্দায়)।

তথ্য	প্রথম আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল	দ্বিতীয় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল
গঠন	১৪ অক্টোবর, ২০২৪	০৮ মে, ২০২৫
প্রধান (চেয়ারম্যান)	মো. গোলাম মর্তুজা মজুমদার	নজরুল ইসলাম চৌধুরী
সদস্য	মো. শফিউল আলম মাহমুদ এবং মো. মোহিতুল হক এনাম চৌধুরী	মো. মঞ্জুরুল বাছিদ এবং নূর মোহাম্মদ শাহরিয়ার কবীর

❖ জুলাই ২৪ শহীদ পরিবার সোসাইটি: জুলাই হত্যাকাণ্ডে শহীদ পরিবারের সদস্যদের সংগঠন।

❖ **আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ (১২ মে, ২০২৫):** বাংলাদেশ আওয়ামী লীগ এবং এর সব অঙ্গসংগঠন, সহযোগী সংগঠন ও ভ্রাতৃপ্রতিম সংগঠনের নেতা-কর্মীদের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচার কার্যসম্পন্ন না হওয়া পর্যন্ত তাদের যাবতীয় কার্যক্রম নিষিদ্ধ করে প্রজ্ঞাপন জারি করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ - সন্ত্রাসবিরোধী (সংশোধন) অধ্যাদেশ ২০২৫ জারীর মাধ্যমে।

জুলাই গণহত্যা নিয়ে জাতিসংঘের ফ্যাক্ট ফাইন্ডিং মিশনের প্রতিবেদন

ড. মুহাম্মদ ইউনূস OHCHR'র হাইকমিশনার ভলকার টুর্ককে জাতিসংঘের নেতৃত্বে ফ্যাক্ট ফাইন্ডিং মিশন পাঠানোর অনুরোধ করেন ৮ আগস্ট, ২০২৪। ১৬ সেপ্টেম্বর, ২০২৪ জাতিসংঘের Office of the United Nations High Commissioner for Human Rights (OHCHR) বাংলাদেশে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানকে কেন্দ্র করে ১ জুলাই – ১৫ আগস্ট পর্যন্ত ৪৬ দিনে সংঘটিত অপরাধ ও মানবাধিকার লঙ্ঘনের ঘটনা স্বাধীন, পূর্ণাঙ্গ, সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত করে ১৪৪ পৃষ্ঠার তদন্ত প্রতিবেদন প্রকাশ করে ১২ ফেব্রুয়ারি, ২০২৫ (ইংরেজি ও বাংলা ভাষায় প্রকাশ করে)। প্রতিবেদনে ১৪০০ জন নিহত (নারী ১৩ জন, শিশু ১২-১৩%), আহত ১৩,৫২৯ জন। জাতিসংঘ ৫টি বিষয়ের উপর ৪১ দফা সুপারিশ করেন। OHCHR'র হাইকমিশনার ভলকার টুর্ক জাতিসংঘে উপস্থাপন করেন ৫ মার্চ, ২০২৫। ১৯৭১ সালের পর বাংলাদেশে ফ্যাক্ট ফাইন্ডিং মিশন পাঠিয়েছে জাতিসংঘ।

Working Group on Enforced or Involuntary Disappearances (WGEID)

জাতিসংঘের মানবাধিকার পরিষদের গুমবিষয়ক ওয়ার্কিং গ্রুপ। বাংলাদেশে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে জোর করে যেসব গুমের ঘটনা ঘটেছে, সেগুলো তদন্তের জন্য বাংলাদেশে আসে ১৫ জুন, ২০২৫।

সংবিধানের পঞ্চদশ সংশোধনী ও ষোড়শ সংশোধনী

❖ **হাইকোর্ট পঞ্চদশ সংশোধনীকে আংশিক অবৈধ ঘোষণা করে:** ১৭ ডিসেম্বর, ২০২৪ (পাস হয়েছিলো: ৩০ জুন, ২০১১)। ফলে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনর্বহাল হয় এবং দলীয় সরকারের অধীনে সংসদ নির্বাচন বাতিল হয়ে যায়।

নোট: সংবিধানের ত্রয়োদশ সংশোধনী (২৬ মার্চ, ১৯৯৬) মাধ্যমে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা চালু হয়। তত্ত্বাবধায়ক সরকারের প্রথম প্রধান উপদেষ্টা ছিলেন বিচারপতি সাহাবুদ্দিন আহমেদ (১৯৯১ সালে) এবং প্রথম সাংবিধানিক তত্ত্বাবধায়ক সরকারের প্রথম প্রধান উপদেষ্টা ছিলেন বিচারপতি হাবিবুর রহমান (১৯৯৬)।

ষোড়শ সংশোধনী উদ্দেশ্যপ্রণোদিত আইন

ষোড়শ সংশোধনী (১৭ সেপ্টেম্বর, ২০১৪) বিষয়বস্তু: ৭২ এর সংবিধানের ৯৬ অনুচ্ছেদ পুনঃস্থাপনের মাধ্যমে বিচারপতিদের অপসারণের ক্ষমতা সংসদকে ফিরিয়ে দেওয়া হয়।

সংসদে সংবিধানের ষোড়শ সংশোধনী 'উদ্দেশ্যপ্রণোদিত আইন' ছিল বলে পর্যবেক্ষণ দিয়েছেন আপিল বিভাগ (৫ জুন, ২০২৫)। সংবিধানের ৯৬ অনুচ্ছেদ (২-৮ ধারাগুলো) পুনর্বহাল করে সুপ্রিম কোর্টের বিচারপতিদের অপসারণের ক্ষমতা সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিলের হাতে ফিরিয়ে দেয়া হয়। ষোড়শ সংশোধনী সংবিধানের ১১১নং অনুচ্ছেদ লঙ্ঘন করে।

ইকরামুল হাসান শাকিল 'সি টু সামিট - সমুদ্র থেকে শৃঙ্গ'

❖ এভারেস্টচূড়ার উদ্দেশ্যে হাঁটা শুরু করেন: ২৫ ফেব্রুয়ারি, ২০২৫ (কক্সবাজারের ইনানী সমুদ্রসৈকত থেকে যাত্রা করেন)। ১,৪০০ কিলোমিটার পথ হেঁটে ২৯ এপ্রিল, ২০২৫ এভারেস্ট বেজক্যাম্পে পৌঁছান। সর্বকনিষ্ঠ হিসেবে সবচেয়ে কম সময়ে (৮৪ দিনে) সমুদ্রপৃষ্ঠ থেকে পদযাত্রা করে 'সবচেয়ে বেশি পথ' পাড়ি দিয়ে এভারেস্ট জয়ের বিশ্ব রেকর্ড গড়েন।

❖ বাংলাদেশি হিসেবে এ পর্যন্ত এভারেস্ট জয় করেন: ৬ জন (পুরুষ: ৪ জন, নারী: ২ জন)।

পুরুষ			নারী		
১	মোহাম্মদ মুসা ইব্রাহিম	২৩ মে, ২০১০	১	নিশাত মজুমদার	১৯ মে, ২০১২
২	এম.এ. মুহিত [২ বার]	২১ মে, ২০১১	২	ওয়াসফিয়া নাজরীন চৌধুরী	২৬ মে, ২০১২
৩	ডা. বাবর আলী	১৯ মে, ২০২৪	---	----------	---
৪	ইকরামুল হাসান শাকিল	১৯ মে, ২০২৫			

Remove Confusion: এ পর্যন্ত ৭ জন বাংলাদেশি এভারেস্ট চূড়ায় উঠেন কিন্তু মোহাম্মদ খালিদ হোসাইন ২০ মে, ২০১৩ এভারেস্ট চূড়ায় উঠে বাংলাদেশের পতাকা উড়িয়ে নামার পথে তুষারধসে মৃত্যুবরণ করেন; যেহেতু তিনি এভারেস্টে চড়ে পুনরায় বেসক্যাম্পে আসতে পারেন নি সেহেতু তিনি এভারেস্ট জয়ী হিসেবে তালিকাভুক্ত হন নি। অর্থাৎ, এভারেস্ট চূড়ায় উঠেন/আরোহী বাংলাদেশি ৭ জন কিন্তু এভারেস্ট বিজয়ী ৬ জন। জেনে রাখা ভাল:

☑ প্রথম বাংলাদেশি হিসেবে ডা. বাবর আলী পৃথিবীর চতুর্থ শীর্ষ পর্বত লোৎসে পর্বত (৮৫১৬ মিটার) জয় করেন: ২১ মে, ২০২৪।

☑ প্রথম বাংলাদেশি হিসেবে বিশ্বের দশম সর্বোচ্চ শৃঙ্গ এবং অন্যতম কঠিন পর্বত অন্নপূর্ণা-১ (২৬ হাজার ৫৪৫ ফুট) আরোহণ করেন পর্বতারোহী ডা. বাবর আলী (০৭ এপ্রিল, ২০২৫)।

☑ পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্টের উচ্চতা ৮,৮৪৮.৮৬ মিটার (২৯,০৩১.৭ ফুট)।

☑ **প্রথম এভারেস্ট বিজয়ী:** স্যার এডমন্ড পার্সিভাল হিলারি (নিউজিল্যান্ড) ও তেনজিং নোরগে (নেপাল, ভারত) – ২৯ মে, ১৯৫৩।

বিভিন্ন প্রতিষ্ঠানের নাম পরিবর্তন

পূর্বনাম	পরিবর্তিত নতুন নাম
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়	বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়
বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম	জাতীয় স্টেডিয়াম, ঢাকা
বঙ্গবন্ধু স্যাটেলাইট-১	বাংলাদেশ স্যাটেলাইট-১
বঙ্গবন্ধু সামরিক জাদুঘর, বিজয় সরণি, ঢাকা	বাংলাদেশ সামরিক জাদুঘর
চন্দ্রিমা উদ্যান, শেরে বাংলা নগর, ঢাকা	জিয়া উদ্যান

❑ বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগরের বর্তমান নাম: জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল। অবস্থান: চট্টগ্রাম (মীরসরাই, সীতাকুন্ড) ও ফেনি (সোনাগাজী) এলাকা।

❑ বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটির বর্তমান নাম: বাংলাদেশ ফিল্ম সিটি।

তিন শূন্য তত্ত্ব ও সামাজিক ব্যবসার জনক প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস

জন্ম: ২৮ জুন, ১৯৪০	**জন্মগ্রহণ:** বাথুয়া, হাটহাজারী, চট্টগ্রাম	**প্রবর্তক:** ক্ষুদ্র ঋণ (Microcredit) ও সামাজিক ব্যবসা
প্রতিষ্ঠা: গ্রামীণ ব্যাংক (১৯৭৬)	**ক্ষুদ্র ঋণ কার্যক্রম শুরু:** জোবরা, চট্টগ্রাম	**প্রথম ঋণ গ্রহীতা:** সুফিয়া বেগম

ড. মুহাম্মদ ইউনূসের সাফল্যকর্ম: [এই অনুচ্ছেদটি পড়লে ওনার সম্পর্কে বিগত সকল প্রশ্ন পড়া হয়ে যাবে]

❑ **গ্রামীণ ব্যাংক:** দরিদ্র পরিবারকে (গ্রামের ভূমিহীন ও দরিদ্র জনসাধারণ) জামানতবিহীন ক্ষুদ্র ঋণ দেওয়ার জন্য 'গ্রামীণ ব্যাংক প্রকল্প' রূপে কাজ শুরু করেন ১৯৭৬ সালে। (১৯৮৩) সালে বাংলাদেশ ব্যাংকের অ-তালিকাভুক্ত ব্যাংক হিসেবে গ্রামীণ ব্যাংক প্রতিষ্ঠিত হয়। গ্রামীণ ব্যাংক গ্রামীণ অর্থনীতিতে অর্থায়ন করে। গ্রামীণ ব্যাংক মাইক্রোক্রেডিট সম্মেলনের অন্যতম উদ্যোক্তা। ব্যাংকটি দেশ বিদেশে সুনাম কুড়িয়েছে। সাধারণত ক্ষুদ্রঋণ গ্রহীতার (৯৫%) এর বেশি দরিদ্র মহিলারা। গ্রামীণ ব্যাংকের ধারণা বাংলাদেশের বাইরে প্রথম চালু করে মালয়েশিয়া এবং গ্রামীণ ব্যাংকের আদলে ক্ষুদ্র ঋণ চালু করে জাপান। এর সাফল্যের স্বীকৃতি হিসেবে ড. মুহাম্মদ ইউনূস ও গ্রামীণ ব্যাংক যৌথভাবে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন ১০ ডিসেম্বর, ২০০৬ (অসলো, নরওয়ে)। ড. মুহাম্মদ ইউনূস দক্ষিণ এশিয়ায় দ্বিতীয় শান্তিতে নোবেল বিজয়ী।

❑ **Three Zeros 'তিন শূন্য' তত্ত্বের জনক ড. মুহাম্মদ ইউনূস:**

↳ ড. মুহাম্মদ ইউনূস ২০২৪ সালে ৩৩তম প্যারিস অলিম্পিকে **Three Zeros** তত্ত্ব প্রদান করেন। Three Zeros হলো –

a) Zero Poverty (শূন্য দারিদ্র্য)
b) Zero Unemployment (শূন্য বেকারত্ব)
c) Zero Net Carbon Emissions (শূন্য নিট কার্বন নির্গমন)

- থ্রি জিরো বাস্তবায়নের জন্য ৪টি নিয়ামক আবশ্যক। এগুলো হচ্ছে –

১. তরুণদের শক্তি এবং সৃজনশীলতাকে কাজে লাগানো	৩. ব্যবসাকে সামাজিক ব্যবসায় রূপান্তর
২. প্রযুক্তির শক্তি ব্যবহার	৪. সুশাসন নিশ্চিত করা।

- 'থ্রি জিরো' তত্ত্ব সামাজিক ও অর্থনৈতিক দৃষ্টিভঙ্গির আড়ালে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা করে নতুন বিশ্ব গড়তে সহায়ক ভূমিকা পালন করবে। থ্রি জিরো অর্জনে প্রয়োজন তারুণ্য, প্রযুক্তি, সুশাসন ও সামাজিক ব্যবসা।
- বাংলাদেশ সরকার SDG (Sustainable Development Goals) কার্যক্রমে যুক্ত 'থ্রি জিরো তত্ত্ব'।
- 3 ZERO CLUB: 'পোপ ফ্রান্সিস-ইউনূস থ্রি-জিরো ক্লাব' নামে পরিচিত। উদ্বোধন ১৫ নভেম্বর, ২০২৪ (রোম)। উদ্দেশ্য: মানবতার জন্য রূপান্তরমূলক ও অন্তর্ভুক্তিমূলক ভবিষ্যৎ গড়া। বিশ্বব্যাপী 3 ZERO CLUB রয়েছে: অন্তত ৪,৬০০টি।

☑ **ক্রীড়াক্ষেত্রে (অলিম্পিক গেমস) ড. ইউনূস:** ২০১৬ সালে ৩১তম রিও অলিম্পিকে মশাল বহন, ২০২০ সালে ৩২তম টোকিও অলিম্পিকে লরেন্স অ্যাওয়ার্ড লাভ এবং ২০২৪ সালে ৩৩তম প্যারিস অলিম্পিকে Three Zero তত্ত্ব প্রদান।

*** অলিম্পিক কমিটি ৩২তম অলিম্পিক, ২০২০ এর লরেন্স অ্যাওয়ার্ড প্রদান করে ২৩ জুলাই, ২০২১ (করোনার কারণে)।

☑ **পুরস্কার:**

প্রেসিডেন্ট অ্যাওয়ার্ড (১৯৭৮)	র‍্যামন ম্যাগসেসে পুরস্কার (১৯৮৪)	স্বাধীনতা দিবস পুরস্কার (১৯৮৭)
বিশ্ব খাদ্য পুরস্কার (১৯৯৪)	ইন্দিরা গান্ধী পুরস্কার (১৯৯৮)	গান্ধী শান্তি পুরস্কার (২০০০)
ভলভো পরিবেশ পুরস্কার (২০০৩)	নোবেল শান্তি পুরস্কার (২০০৬)	প্রেসিডেন্সিয়াল মেডেল অব ফ্রিডম (২০০৯)
কংগ্রেসনাল গোল্ড মেডেল (২০১০)	অলিম্পিক লরেল (২০২০)	ট্রি অব পিস পুরস্কার (২০২৪)

☑ **গ্রন্থসমূহ:** Three farmers of Jobra, Banker to the poor, Creating a world without poverty, Building Social Business, A World of Three Zeros, Super Happiness, Muhammad (pbuh) An Exemplar of Love, Humility, Compassion.

☑ **আত্মজীবনীমূলক গ্রন্থ:** দারিদ্র্যহীন বিশ্বের অভিমুখে

উপাধি	উপাধি দেয়
Revolutionary Economist, বর্ষসেরা ১০ ব্যক্তির তালিকায় অন্তর্ভুক্ত, নেশনস বিল্ডার বা জাতির কারিগর	যুক্তরাজ্যভিত্তিক বিজ্ঞানবিষয়ক সাময়িকী 'নেচার ম্যাগাজিন
বিশ্বের সবচেয়ে প্রভাবশালী ১০০ ব্যক্তির তালিকায় অন্তর্ভুক্ত (লিডারস ক্যাটাগরিতে ষষ্ঠ অবস্থানে)	মার্কিন সাময়িকী টাইম
টাইম ম্যাগাজিনে প্রধান উপদেষ্টাকে নিয়ে মুখবন্ধ লিখেন যুক্তরাষ্ট্রের সাবেক নারী পররাষ্ট্রমন্ত্রী হিলারি ক্লিনটন।	

বাংলাদেশ বিষয়ক সাম্প্রতিক Cream Hour

ক্ষেত্র	তথ্যপ্রবাহ
নেপাল থেকে জলবিদ্যুৎ আমদানি	নেপাল, বাংলাদেশ ও ভারতের মধ্যে ৩ অক্টোবর, ২০২৪ স্বাক্ষরিত ত্রিদেশীয় চুক্তির অধীনে নেপাল থেকে আনুষ্ঠানিকভাবে জলবিদ্যুৎ আমদানি শুরু হয় ১৫ জুন, ২০২৫ (৩৮ মেগাওয়াট)। চুক্তি অনুযায়ী, আগামী ৫ বছর ১৫ জুন - ১৫ নভেম্বর পর্যন্ত ভারত হয়ে ৪০ মেগাওয়াট জলবিদ্যুৎ বাংলাদেশে আসবে। *নোট: নেপালে নির্মাণাধীন ভারতের জিএমআর গ্রুপের জলবিদ্যুৎ কেন্দ্র থেকে ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানির পরিকল্পনা বাতিল করে বাংলাদেশ।*
দেশের প্রথম মনোরেল	৫৪.৫ কি.মি. দৈর্ঘ্যের দেশের প্রথম মনোরেল তৈরি হচ্ছে চট্টগ্রামে। জার্মান ও মিশরের জয়েন্ট ভেঞ্চার কোম্পানি ওরাসকম ও আরব কন্ট্রাক্টর গ্রুপ প্রকল্পটি নির্মাণ করবে। বিনিয়োগ করবে NAS Investment & National Bank of Egypt. মোট ৩টি রুট হবে। মনোরেল হলো এমন একটি রেলওয়ে, যেখানে ট্র্যাকটি একটি একক রেল বা বিম দিয়ে তৈরি। মনোরেল এক চাকার ট্রেন। এক চাকার ওপরই চলে।
জাতীয় কবি হিসেবে গেজেট	কবি কাজী নজরুল ইসলামকে ঢাকায় আগমনের তারিখ হতে (৪ মে, ১৯৭২) বাংলাদেশের জাতীয় কবি হিসেবে ঘোষণা করে গেজেট প্রকাশের প্রস্তাব উপদেষ্টা পরিষদের সভায় অনুমোদিত হয় ৫ ডিসেম্বর, ২০২৪। সেহেতু, কবি কাজী নজরুল ইসলামকে বাংলাদেশের জাতীয় কবি হিসেবে ঘোষণা করে প্রজ্ঞাপন জারী করা হয় ১৫ ডিসেম্বর, ২০২৪ এবং তা গেজেট আকারে প্রকাশ করা হয় ২৪ ডিসেম্বর, ২০২৪।

মার্চ ফর গাজা	ফিলিস্তিনের গাজায় "চলমান গণহত্যা ও জাতিগত নিধনের বিরুদ্ধে" প্রতিবাদ জানাতে বাংলাদেশের রাজধানী ঢাকায় সোহরাওয়ার্দী উদ্যানে 'মার্চ ফর গাজা' কর্মসূচি পালিত হয় ১২ এপ্রিল, ২০২৫। আয়োজক: প্যালেস্টাইন সলিডারিটি মুভমেন্ট বাংলাদেশ। সমাবেশে পাঁচ দফার ঘোষণাপত্র পাঠ করেন দৈনিক আমার দেশ পত্রিকার সম্পাদক মাহমুদুর রহমান। ঘোষণাপত্রে ইসরায়েলের সাথে সব ধরনের চুক্তি বাতিল ও সম্পর্ক ছিন্ন করতে মুসলিম বিশ্বের নেতাদের প্রতি আহ্বান জানানো হয়।
জাতিসংঘের মহাসচিবের বাংলাদেশ সফর (১ম বার: ১ জুলাই, ২০১৮; ২য় বার: ১৩ মার্চ, ২০২৫)	জাতিসংঘের বর্তমান (৯ম) মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস ৪ দিনের বাংলাদেশ সফর করেন ১৩ – ১৬ মার্চ, ২০২৫। ১৪ মার্চ আন্তোনিও গুতেরেস ও ড. মুহাম্মদ ইউনূস কক্সবাজারে উখিয়ার বালুখালি ক্যাম্প পরিদর্শন করেন ও উখিয়ার ক্যাম্প ২০ এক্সটেনশন-এ আশ্রয়ে থাকা ১ লাখ রোহিঙ্গার সঙ্গে সলিডারিটি ইফতার করেন। গুতেরেসের উক্তি: "রোহিঙ্গাদের বিষয়ে একমাত্র সমাধান তাদের নিজ দেশে প্রত্যাবাসন"। রোহিঙ্গাদের জনপ্রতি মাসিক বরাদ্দ (১২ মার্কিন) ডলার; World Food Programme (WFP); ১ এপ্রিল, ২৫ থেকে কার্যকর হয়। রোহিঙ্গাদের জন্য ২.১ মিলিয়ন মার্কিন ডলার অনুদান ঘোষণা করে সুইডেন। **নোট:** রোহিঙ্গাদের সহায়তায় বাংলাদেশকে ৬৮ মিলিয়ন ইউরো দেবে – ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)।
জাতিসংঘ হাউস	বাংলাদেশ-জাতিসংঘ সম্পর্কের ৫০ বছর পূর্তি উপলক্ষে জাতিসংঘের মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস ঢাকার গুলশানে 'জাতিসংঘ হাউস' – UN House in Bangladesh উদ্বোধন করেন ১৫ মার্চ, ২০২৫।
মানবাধিকার বিষয়ক হাইকমিশন	বাংলাদেশে 'জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনারের কার্যালয়' -এর মিশন স্থাপন সংক্রান্ত সমঝোতা স্মারকের খসড়া চূড়ান্ত অনুমোদন করা হয় ১০ জুলাই, ২০২৫। বাংলাদেশ ও জাতিসংঘ মানবাধিকার কমিশনের মধ্যে ৩ বছর মেয়াদি ২৮ ধারা সংবলিত সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় ১৮ জুলাই, ২০২৫ (জেনেভা)। বাংলাদেশের পক্ষে পররাষ্ট্রসচিব আসাদ আলম সিয়াম এবং জাতিসংঘ মানবাধিকার কমিশনের পক্ষে হাইকমিশনার ভলকার টুর্ক স্বাক্ষর করেন। বর্তমানে ১৬টি দেশে জাতিসংঘ মানবাধিকার কমিশনের এমন মিশন রয়েছে।
আরাকান আর্মির দখলে রাখাইন	থাইল্যান্ডের উদ্যোগে ১৯ – ২০ ডিসেম্বর, ২০২৪ মিয়ানমারের চলমান সংকট নিয়ে সীমান্তঘেঁষা ৬টি দেশ ২টি বৈঠকে মিলিত হয় ব্যাংককে। ১ম বৈঠক সীমান্তঘেঁষা ৬ দেশের সাথে এবং ২য় বৈঠকটি আসিয়ান এর পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের মধ্যে। মিয়ানমার সীমান্তঘেঁষা ৫ দেশ: বাংলাদেশ, চীন, ভারত, লাওস এবং থাইল্যান্ড। বাংলাদেশের প্রধান উপদেষ্টার রোহিঙ্গা সংক্রান্ত বিশেষ প্রতিনিধি: খলিলুর রহমান।
যমুনা রেলসেতু [দৈর্ঘ্য: ৪.৮ কিমি] পিলার:৫০,স্প্যান: ৪৯	বাংলাদেশের একক বৃহত্তম রেলসেতু (প্রথম ডাবল লাইন ডুয়েল-গেজ রেলওয়ে সেতু)। ঢাকার সঙ্গে উত্তর-পশ্চিমাঞ্চল ও উত্তর-দক্ষিণাঞ্চলের রেল যোগাযোগ স্থাপিত হয়। সেতুটি সংযোগ করে: ইব্রাহিমাবাদ টাঙ্গাইল – সয়দাবাদ, সিরাজগঞ্জকে। অর্থায়ন: জাইকা, জাপান। উদ্বোধন: ১৮ মার্চ, ২০২৫।
National Citizen Party (NCP)	জুলাই আন্দোলনে নেতৃত্বদানকারী বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সংগঠকদের নিয়ে প্রতিষ্ঠিত হয় ২৮ ফেব্রুয়ারি ২০২৫ (স্থান: মানিক মিয়া এ্যাভিনিউ, ঢাকা)। বাংলাদেশের ইতিহাসের প্রথম ছাত্র-নেতৃত্বাধীন রাজনৈতিক দল। আহ্বায়ক নাহিদ ইসলাম (ঘোষণাপত্র পাঠ)।ঘোষক: মিম আক্তার (শহীদ ইসমাইলের বোন)।
ইউরোপের সহজ ভিসা প্রসেস	বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) ২৭ দেশের রাষ্ট্রদূত বৈঠক করেন ৯ ডিসেম্বর,২৪। এরই প্রেক্ষিতে বহুজাতিক ভিসা প্রসেসিং সার্ভিস সংস্থা VFS Global ঢাকায় সুইডিশ দূতাবাসের সহযোগিতায় ঢাকার সুইডিশ দূতাবাস থেকে ইউরোপের শেনজেনভুক্ত ৯টি দেশকে ভিসা সেবা দিচ্ছে (১৭ ডিসেম্বর,২৪)। শেনজেনভুক্ত এই ৯টি দেশ হচ্ছে বেলজিয়াম, ফিনল্যান্ড, আইসল্যান্ড, লাটভিয়া, লুক্সেমবার্গ, নেদারল্যান্ডস, পোল্যান্ড, স্লোভেনিয়া, সুইডেন।
গুমবিরোধী আন্তর্জাতিক সনদে বাংলাদেশ	গুমবিরোধী আন্তর্জাতিক সনদে বাংলাদেশ স্বাক্ষর করে ২৯ আগস্ট, ২০২৪ (৭৬তম দেশ হিসেবে)। সনদটি জাতিসংঘের সাধারণ পরিষদে গৃহীত হয় ২০ ডিসেম্বর, ২০০৬ (নিউইয়র্ক)। এর মাধ্যমে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক ৯টি সনদের সবগুলোতেই সই করেছে বাংলাদেশ। নোট: গুমের শিকার পরিবারগুলো নিয়ে গঠিত বাংলাদেশি সংগঠন: মায়ের ডাক।

আর্জেন্ট এলএনজি	ডোনাল্ড ট্রাম্প ক্ষমতা গ্রহণের পর যুক্তরাষ্ট্রের প্রথম বড় এলএনজি সরবরাহ চুক্তির আওতায় বাংলাদেশকে বছরে ৫০ লাখ টন এলএনজি সরবরাহ করবে যুক্তরাষ্ট্রের লুইজিয়ানা ভিত্তিক আর্জেন্ট এলএনজি। বাধ্যবাধকতাহীন (নন-বাইন্ডিং) চুক্তি স্বাক্ষরিত হয় ২৪ জানুয়ারি, ২০২৫।
ভারতীয় ট্রান্সশিপমেন্টের বিকল্প রুট চালু (২৭ এপ্রিল, ২৫)	৮ এপ্রিল, ২৫ বাংলাদেশি পণ্য তৃতীয় দেশে ট্রান্সশিপমেন্টের জন্য ভারতীয় বন্দর ব্যবহারের সুবিধা বাতিল করে ভারত। ফলে বাংলাদেশ নিজেদের সক্ষমতা বাড়াতে সিলেটের ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে বিশেষায়িত কার্গো কার্যক্রম শুরু করে ২৭ এপ্রিল, ২৫। গালিস্টেয়ার এভিয়েশনের চার্টার্ড এয়ারবাস এ৩৩০-৩০০ ফ্রেইটার স্পেনের ফ্যাশন ব্র্যান্ড ইন্ডিটেক্সের জন্য ৬০ টন তৈরি পোশাক পরিবহন করে। বর্তমানে দেশে মালবাহী ফ্লাইট পরিচালনাকারী বিমানবন্দর ২টি (১.হযরত শাহজালাল, ২.ওসমানী)।
স্কিন ব্যাংক	মানব-চামড়া সংরক্ষণে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে দেশের প্রথম স্কিন ব্যাংক চালু হয়।
শহীদ সেনা দিবস	২৫শে ফেব্রুয়ারি (বিডিআর গণহত্যা ২০০৯ স্মরণে)। প্রথমবারের মতো পালিত হয় ২৫ ফেব্রুয়ারি, ২০২৫।
ক্লোবং স্লা	মো ভাষায় পরিচালিত প্রথম চলচ্চিত্র।
ভুটানিজ অর্থনৈতিক অঞ্চল	কুড়িগ্রামে ধরলা নদীর তীরে ধরলাপাড়ের মাধবরাম গ্রামে ভুটানের জন্য বিশেষায়িত অর্থনৈতিক অঞ্চল-প্রতিষ্ঠা করতে ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক বাংলাদেশ সফর করেন ২৫-২৮ মার্চ, ২০২৪।

হামিদুজ্জামান খান [মৃত্যু: ২০ জুলাই ২০২৫]

- একুশে পদকপ্রাপ্ত ভাস্কর ও চিত্রশিল্পী। পরিচিতি: ফর্ম, বিষয়ভিত্তিক ও নিরীক্ষাধর্মী ভাস্কর। ১৯৭২ সালে ভাস্কর আবদুর রাজ্জাকের সঙ্গে জয়দেবপুরে বাংলাদেশের মুক্তিযুদ্ধ বিষয়ক প্রথম ভাস্কর্য 'জাগ্রত চৌরঙ্গী' নির্মাণে কাজ করেন।
- তাঁর মুক্তিযুদ্ধ বিষয়ক উল্লেখযোগ্য ভাস্কর্য:

ভাস্কর্য	অবস্থান	ভাস্কর্য	অবস্থান
জাগ্রত বাংলা	আশুগঞ্জ সার কারখানা, ব্রাহ্মণবাড়িয়া	ফ্রিডম	কৃষিবিদ ইনস্টিটিউট প্রাঙ্গণ
সংশপ্তক	জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়	স্বাধীনতা চিরন্তন	উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর
বিজয় কেতন	ঢাকা সেনানিবাস	মৃত্যুঞ্জয়ী	সরকারি কর্মকমিশন প্রাঙ্গণ, আগারগাঁও
ইউনিটি	বাংলাদেশ ব্যাংক ভবন প্রাঙ্গণ, মতিঝিল	শান্তির পায়রা	(ধাতব মধ্যমে করা) - টিএসসি চত্বর, ঢাবি

৩৭ বছর পর ইংলিশ চ্যানেল পাড়ি দিলেন বাংলাদেশের দুই সাঁতারু

- দুই সাঁতারু নাজমুল হক ও মাহফিজুর রহমান সাগর ইংলিশ চ্যানেল অতিক্রম করেন ২৯ জুলাই, ২০২৫।
- প্রথম বাংলাদেশি হিসেবে সাঁতারে ইংলিশ চ্যানেল পাড়ি দেন - ব্রজেন দাস (প্রথম এশীয় বাঙালি; মোট ৬ বার পাড়ি দেন)।
  নোট: এ পর্যন্ত ৫ জন বাংলাদেশি ইংলিশ চ্যানেল অতিক্রম করেন - ব্রজেন দাস-১৯৫৮, আবদুল মালেক-১৯৬৫, মোশাররফ হোসেন-১৯৮৮**, নাজমুল হক-২০২৫, মাহফিজুর রহমান সাগর-২০২৫।
  ** স্বাধীনতার পর বাংলাদেশের প্রথম সাঁতারু হিসেবে ইংলিশ চ্যানেল পাড়ি দেন মোশাররফ হোসেন।
- **ইংলিশ চ্যানেল:** উত্তর সাগর ও আটলান্টিক মহাসাগরকে এক করেছে (যুক্তরাজ্যের দক্ষিণ অংশকে ফ্রান্সের উত্তর অংশ থেকে আলাদা করেছে)। দৈর্ঘ্য ৫৬০ কি.মি. এবং অবস্থানভেদে প্রস্থ সর্বোচ্চ ২৪০ কি.মি. থেকে সর্বনিম্ন ৩৪/৩৩.৪ কি.মি.।

একনজরে সাম্প্রতিকে বাংলাদেশ বিষয়াবলি

- জাতীয় যুব দিবস (১ নভেম্বর) ও আন্তর্জাতিক যুব দিবস (১২ আগস্ট) প্রতি বছর ১২ আগস্ট একসঙ্গে পালিত হবে।
- বাংলাদেশ বিমানবাহিনীর আকাশ প্রতিরক্ষাব্যবস্থায় যুক্ত হয়: রাডার 'জিএম ৪০৩ এম'।
- এশিয়ার প্রথম দেশ হিসেবে আন্তর্জাতিক পানি চুক্তিতে স্বাক্ষর করে বাংলাদেশ।
- দেশে প্রথম রোবটিক রিহ্যাবিলিটেশন সেন্টার চালু করে সুপার স্পেশালাইজড হাসপাতাল, বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়।
- Asia Pacific Group (ASPAG) দেশগুলোর নতুন সমন্বয়কারী দেশ বাংলাদেশ (দায়িত্ব গ্রহণ: জাপানের নিকট থেকে)।
- চীনের ইউনান প্রদেশের কুনমিংয়ে বাংলাদেশ, চীন ও পাকিস্তানের প্রতিনিধিদের মধ্যে অনানুষ্ঠানিক ত্রিপক্ষীয় বৈঠক হয় ১৯ জুন, ২০২৫ (নবম চীন-দক্ষিণ এশিয়া প্রদর্শনী এবং ষষ্ঠ চীন-দক্ষিণ এশিয়া সহযোগিতা বৈঠকের ফাঁকে)।

- ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো ইউনেস্কো চেয়ার প্রতিষ্ঠিত হয়। এর মাধ্যমে বিশ্বের ১২৫টি দেশের সঙ্গে একাডেমিক সংযোগ তৈরি হবে। সুফল পাবে শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীরা।
- সোশ্যাল বিজনেস ডে ২৮ জুন। '১৫তম সোশ্যাল বিজনেস ডে ২০২৫' পালিত হয় ২৭-২৮ জুন, ২০২৫ (স্থান: জিরাব, সাভার)। আয়োজক: ইউনূস সেন্টার ও গ্রামীণ গ্রুপ। অংশগ্রহণ করে ২৫টি দেশ।
  প্রতিপাদ্য: সবার জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে সবচেয়ে কার্যকর পথ হলো সামাজিক ব্যবসা।
- বাংলাদেশের অবস্থান: আল্ট্রা সুপার ক্রিটিক্যাল প্রযুক্তি ব্যবহারে (কয়লাভিত্তিক) ৩তম/বাংলাদেশ বিশ্ব পারমাণবিক ক্লাবে ৩৩তম /মেট্রোরেল চালুতে ৬০তম/স্যাটেলাইট উৎপেক্ষণে ৫৭তম/ই-পাসপোর্ট চালুকরণে ১১৯তম/সাবমেরিন মালিকানায় ৪১তম
- বিশ্বব্যাপী দারিদ্র্য বিমোচন ও শান্তি প্রতিষ্ঠায় অবদান রাখায় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে সম্মানসূচক ডি-লিট (ডক্টর অব লিটারেচার) ডিগ্রি দেয় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (পঞ্চম সমাবর্তন, ১৪ মে ২০২৫)।
- বাংলাদেশের পাসপোর্টে "THIS PASSPORT IS VALID FOR ALL COUNTRIES OF THE WORLD EXCEPT ISRAEL" পুনর্বহালের সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ সরকার। পাসপোর্টে পুলিশ ভেরিফিকেশন বাতিল ১৮ ফেব্রুয়ারি, ২৫ থেকে।
- চীনে চিকিৎসা গ্রহণে ইচ্ছুক বাংলাদেশিদের জন্য গ্রিন চ্যানেল ভিসা চালু করেছে চীন।
- ঢাকা ৭ কলেজ নিয়ে নতুন বিশ্ববিদ্যালয় 'ঢাকা সেন্ট্রাল বিশ্ববিদ্যালয়' নাম চূড়ান্ত করা হয়।
- কানাডার অন্টারিও প্রাদেশিক নির্বাচনে তৃতীয় বারের মতো সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন বাংলাদেশি বংশোদ্ভূত ডলি বেগম (মৌলভীবাজারের সন্তান)। দলের নাম – নিউ ডেমোক্রেটিক পার্টি-এনডিপি।
- এমবিবিএস অথবা বিডিএস ডিগ্রিপ্রাপ্ত ছাড়া অন্য কেউ তাঁদের নামের আগে ডাক্তার পদবি ব্যবহার করতে পারবেন না বলে রায় দেয় হাইকোর্ট (১২ মার্চ, ২০২৫)
- দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে ও সন্ত্রাসীদের আইনের আওতায় আনতে যৌথ বাহিনীর সমন্বয়ে 'অপারেশন ডেভিল হান্ট' কার্যকর হয় ৮ ফেব্রুয়ারি, ২০২৫ থেকে।
- কুমিল্লার ময়নামতি ওয়্যার সিমেট্রি (যুদ্ধসমাধি) থেকে দ্বিতীয় বিশ্বযুদ্ধে নিহত ২৪ সৈনিকের দেহাবশেষ নিয়ে যায় জাপান।
- ওশেনিয়া মহাদেশের পলিনেশিয়া অঞ্চলের দ্বীপ দেশ নিউজিল্যান্ডে বাংলাদেশ হাইকমিশন স্থাপন করবে বাংলাদেশ সরকার।
- অমর একুশে বইমেলা ২০২৫ এর প্রতিপাদ্য: 'জুলাই গণঅভ্যুত্থান: নতুন বাংলাদেশ বিনির্মাণ'।
- **বাংলাদেশের বর্ষপণ্য: ২০২৫ সাল** – আসবাবপত্র, **২০২৪ সাল** – হস্তশিল্পজাত পণ্য।
- তরুণ ও প্রান্তিক জনগোষ্ঠীকে উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে 'ক্ষুদ্রঋণ ব্যাংক' স্থাপনের গুরুত্বারোপ করেন ড. মুহাম্মদ ইউনূস। সামাজিক ব্যবসাকে ছড়িয়ে দিতে ব্যাংকটি চলবে বিশ্বাস ও আস্থার ওপর ভিত্তি করে, ঋণ নিতে জামানত লাগবে না।

অনুশীলনী [For More Practice! Just scan this QR Code...]

1. জুলাই সনদে দফা কয়টি?
   A. ২৪টি B. ২৬টি
   C. ২২টি D. ২৮টি (D)
2. জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘর কোথায় অবস্থিত?
   A. আগারগাঁও B. দিলকুশা
   C. শেরে বাংলা নগর D. মোহাম্মদপুর (C)
3. বঙ্গোপসাগরীয় অঞ্চলে নিম্নের কোন প্রজেক্টটি চলমান?
   A. QUAD B. BIG-B
   C. AUKUS D. Indo-Pacific (B)
4. নারী বিষয়ক সংস্কার কমিশনের সভাপতি –
   A. ড. খলিলুর রহমান B. শেখ মঈন উদ্দিন
   C. সি আর আবরার D. শিরীন পারভীন হক (D)
5. সম্প্রতি প্রধান উপদেষ্টার মালয়েশিয়ার সফরে ২ দেশের মধ্যে কয়টি সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়?
   A. ৫টি B. ২টি
   C. ৪টি D. ৬টি (A)
6. সরকারি গেজেটে, জুলাই গণঅভ্যুত্থানে মোট শহীদ?
   A. ৮৩৬ জন B. ৮৩৪ জন
   C. ৮৫৬ জন D. ৮৪৪ জন (A)
7. জুলাই গণ-অভ্যুত্থানের গ্রাফিতি রয়েছে কোন টাকার নোটে?
   A. ৫ টাকা B. ১০ টাকা
   C. ২০০ টাকা D. সবগুলো (D)
8. জুলাই গণহত্যাকারীদের বিচার কার্যক্রম সম্পাদনের জন্য দ্বিতীয় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল গঠিত হয় –
   A. ১৪ অক্টোবর, ২০২৪ B. ২০ ফেব্রুয়ারি, ২০২৫
   C. ১৫ আগস্ট, ২০২৪ D. ৮ মে, ২০২৫ (D)
9. বাংলাদেশ কোন দেশটি থেকে জলবিদ্যুৎ আমদানি করছে?
   A. নেপাল B. ভুটান
   C. চীন D. ভারত (A)
10. নাজমুল হক ও মাহফিজুর রহমান ইংলিশ চ্যানেল পাড়ি দেন-
    A. ২১ জুলাই, ২০২৫ B. ১ আগস্ট, ২০২৫
    C. ২৯ জুলাই, ২০২৫ D. ১০ আগস্ট, ২০২৫ (C)
11. নিম্নের কোনটি শিল্পী হামিদুজ্জামানের ভাস্কর্য?
    A. সংশপ্তক B. শান্তির পায়রা
    C. ইউনিটি D. সবগুলোই (D)
12. জাতীয় যুব দিবস -
    A. ১৫ আগস্ট B. ১২ নভেম্বর
    C. ১২ আগস্ট D. ১৮ আগস্ট (C)

অধ্যায়-০২: বাংলাদেশের কৃষিজ সম্পদ

বাংলাদেশের ভৌগোলিক নির্দেশক (GI) পণ্য

GI পণ্য – একটি দেশের মাটি, পানি, আবহাওয়া, জলবায়ু, উৎপাদন পদ্ধতি এবং সংশ্লিষ্ট দেশের জনগোষ্ঠীর সংস্কৃতি যদি কোনো একটি অনন্য গুণসম্পন্ন পণ্য উৎপাদন করে বা করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে তাহলে সেটিকে ওই দেশের জিআই হিসেবে স্বীকৃতি দেওয়া হয়।

❖ **বর্তমানে বাংলাদেশের GI পণ্য:** ৬০টি (১ম জিআই পণ্য: জামদানি শাড়ি)। সর্বশেষ ৪টি GI পণ্য –

৬০তম – ফরিদপুরের পাট
৫৯তম – মেহেরপুরের হিমসাগর আম
৫৮তম – ফুলবাড়ীয়ার লাল চিনি
৫৭তম – নেত্রকোণার বালিশ মিষ্টি
৫৬তম – মেহেরপুরের মেহেরসাগর কলা

GI পণ্যগুলো দেতে QR Codeটি Scan করুন।

ইউক্যালিপটাস ও আকাশমণি গাছ নিষিদ্ধ

❖ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় সরকারি, বেসরকারি ও ব্যক্তিগত পর্যায়ের বৃক্ষরোপণ কর্মসূচিতে ইউক্যালিপটাস ও আকাশমণি গাছের চারা তৈরি ও রোপণ এবং বিক্রয় নিষিদ্ধ করে ১৫ মে, ২০২৫। ১৯২১ সালে সিলেটের চা-বাগানে সৌন্দর্যবর্ধনের জন্য প্রথম ইউক্যালিপটাস আনা হয় অস্ট্রেলিয়া থেকে। গ্রোথ বেশি হওয়ায় ইউক্যালিপটাস পানি বেশি শোষণ করে। যেখানে লাগানো থাকে সেখানে গাছটি প্রচুর বীজ ছড়ায়। ফলে, অন্যান্য প্রজাতির গাছ জন্ম নেওয়ার সুযোগ পায় না।

কৃষিজ পণ্য উৎপাদনে শীর্ষে

সোর্স: কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০২৪ (বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো) – ৯ জুন, ২০২৫

ফসল	শীর্ষ (বাংলাদেশ)		ফসল	শীর্ষ (বাংলাদেশ)	
	জেলা	বিভাগ		জেলা	বিভাগ
ভুট্টা	দিনাজপুর	রংপুর	আলু	রংপুর	রংপুর
লিচু	পাবনা	রাজশাহী	আম	চাঁপাইনবাবগঞ্জ	রাজশাহী
পেঁয়াজ	পাবনা	ঢাকা	কলা	টাঙ্গাইল	খুলনা
তুলা	ঝিনাইদহ	খুলনা	কাঁঠাল	গাজীপুর	ঢাকা
গম	ঠাকুরগাঁও	রাজশাহী	তামাক	কুষ্টিয়া	খুলনা
ধান	ময়মনসিংহ	রাজশাহী	আউশ	কুমিল্লা	চট্টগ্রাম
আখ	নাটোর	রাজশাহী	আমন	দিনাজপুর	রংপুর
পাট	ফরিদপুর	ঢাকা	বোরো	ময়মনসিংহ	রাজশাহী

মাছ শীর্ষ (বাংলাদেশ)

মাছ	জেলা	বিভাগ
চিংড়ি মাছ	সাতক্ষীরা	খুলনা
নদীর মাছ	ভোলা	বরিশাল
পুকুরের মাছ/ অভ্যন্তরীণ মাছ	ময়মনসিংহ	চট্টগ্রাম

বৈশ্বিক কৃষিজ পণ্য: বিশ্বের শীর্ষ উৎপাদন, আমদানি ও রপ্তানিকারক দেশ [সোর্স: FAO Food Outlook 2025]

ফসল	উৎপাদন	আমদানি	রপ্তানি
গম	চীন	মিসর (বাংলাদেশ ৮ম)	রাশিয়া
ধান	ভারত (বাংলাদেশ ৩য়)	------	ভারত
চিনি	ব্রাজিল	------	------
ভুট্টা	যুক্তরাষ্ট্র	মেক্সিকো	যুক্তরাষ্ট্র
চাল	ভারত	চীন	ভারত

মাছ উৎপাদনে বাংলাদেশ [সোর্স: জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO)- (Publishing: 29 November, 2024)]:

ক্ষেত্র	বাংলাদেশ	ক্ষেত্র	বাংলাদেশ
স্বাদু পানির মাছ উৎপাদনে (শীর্ষে: ভারত)	২য়	মাছ উৎপাদনে	৭ম
চাষের মাছ (বদ্ধ জলাশয়), মিঠা পানি মাছ উৎপাদনে	৫ম	সামুদ্রিক মৎস্য আহরণে (শীর্ষে: চীন)	১৪তম

কৃষি সম্পর্কিত আলোচিত বিষয়াবলি

❖ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (BRRI) ব্রি উদ্ভাবিত সর্বশেষ ধানের জাত:

→ ১২১টি (দৈনিক পত্রিকাসমূহ); ১১৮টি (brri.gov.bd)। সর্বশেষ উদ্ভাবিত ৩টি জাত হচ্ছে -

ব্রি ধান ১১২	লবণাক্ততা সহনশীল রোপা আমন ধান।
ব্রি ধান ১১৩	উচ্চ ফলনশীল বোরো ধান (ব্রি ধান ২৯ এর বিকল্প; মাঝারি চিক দানার উচ্চফলনশীল জাত)।
ব্রি ধান ১১৪	ব্লাস্ট রোগপ্রতিরোধী বোরো ধান (দীর্ঘ জীবনকালীন)।
ব্রি ধান ১০৮	উচ্চ প্রোটিনসমৃদ্ধ ধানের জাত, প্রতিটি ছড়ায় অধিক সংখ্যক বোরো ধান (২৫০-২৭০টি) সন্নিবেশিত থাকে। উদ্ভাবক মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এ এস এম মাসুদুজ্জামান।

❖ জিএইউ গম-১ (উচ্চ লবণসহিষ্ণু গম) উদ্ভাবন করে গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়।

❖ বাংলাদেশ চীনে যশোর ও সাতক্ষীরার আম রপ্তানি শুরু করে ২৮ মে, ২০২৫ (প্রথমবার)। বিশ্বের ৩৮টি দেশে আম রপ্তানি হয়।

❖ মোট আবাদযোগ্য জমি (Gross Cropped Area)'র পরিমাণ: ৩,৯২,৯৬,০০০ একর [১,৫৯,০৩,০০০ হেক্টর (প্রায়)]।

❖ বাংলাদেশে সবচেয়ে বেশি যে ধানের চাষ হয়: আমন ধান।

❖ বাংলাদেশের কৃষি ও খাদ্যখাতে দীর্ঘদিনের অবদানের স্বীকৃতি হিসেবে যুক্তরাষ্ট্রভিত্তিক ওয়ার্ল্ড ফুড প্রাইজ ফাউন্ডেশন ২০২৫ পুরস্কার লাভ করেন: কৃষি উদ্যোক্তা আবদুল আউয়াল মিন্টু (লাল তীর সীডস লিমিটেড এর কর্ণধার)।

❖ ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশের চা সবচেয়ে বেশি রপ্তানি হয় সংযুক্ত আরব আমিরাতে।

❖ দেশের প্রথম ঘড়িয়াল প্রজনন কেন্দ্র: রাজশাহী। দেশি শিং মাছের জীবন রহস্য উন্মোচন করে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়।

❖ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় প্রথমবারের মতো 'কৃষক দিবস' পালন করে: ৩০ জানুয়ারি, ২০২৫।

অনুশীলনী [For More Practice! Just scan this QR Code...]

1. সরকার কোন গাছটিকে নিষিদ্ধ করে?
   A. ইউক্যালিপটাস B. আকাশমণি
   C. জারুল D. A+B ⓓ

2. কোন জেলার পাট ৬০তম জিআই পণ্য হিসেবে স্বীকৃতি পেয়েছে?
   A. ফরিদপুর B. বরিশাল
   C. রাজবাড়ি D. ময়মনসিংহ Ⓐ

3. বাংলাদেশ সবচেয়ে বেশি চা রপ্তানি করে কোন দেশে?
   A. তুরস্ক B. ব্রাজিল
   C. আরব আমিরাত D. শ্রীলঙ্কা ⓒ

4. কৃষক দিবস পালিত হয় –
   A. ৩০ জানুয়ারি B. ১ ফেব্রুয়ারি
   C. ১ এপ্রিল D. ৩০ মার্চ Ⓐ

অধ্যায়-০৩: আন্তর্জাতিক বিষয়াবলি

Global North বনাম Global South

Global North: যে দেশগুলো অর্থনৈতিকভাবে উন্নত ও রাজনৈতিকভাবে শক্তিশালী তারা Global North এর অন্তর্ভুক্ত।

Global South: যে দেশগুলো অর্থনৈতিকভাবে পিছিয়ে থাকে অর্থাৎ উন্নয়নশীল বা কম উন্নত মানের দেশ সেই দেশগুলো Global South এর অন্তর্ভুক্ত। এ দেশগুলোকে পূর্বে তৃতীয় বিশ্ব (Third World) রাষ্ট্র হিসেবে অভিহিত করা হতো।

বৈশিষ্ট্য	Global North	Global South
অর্থনীতি	উন্নত, শিল্পায়িত, উচ্চ আয়	অনুন্নত, কম শিল্পোন্নত
শিল্প ও প্রযুক্তি	উন্নত প্রযুক্তি, উৎপাদনশীলতা বেশি	তুলনামূলক কম উন্নত, প্রযুক্তি ও শিল্পায়ন কম
অঞ্চল	ইউরোপ, উত্তর আমেরিকা, জাপান, দক্ষিণ কোরিয়া, অস্ট্রেলিয়া	এশিয়া, আফ্রিকা, ল্যাটিন আমেরিকা, ওশেনিয়া
রাজনৈতিক প্রভাব	বৈশ্বিক রাজনীতি ও অর্থনীতিতে প্রভাবশালী	প্রভাব কম, ক্রমবর্ধমান ভূমিকা রাখছে
পটভূমি	উপনিবেশ স্থাপনকারী, ঔপনিবেশিক শক্তি	ঔপনিবেশিক শাসনের শিকার, স্বাধীনতা লাভ
আন্তর্জাতিক ক্ষমতা	IMF, World Bank, WTO এ নেতৃত্ব দেয়	G77, BRICS-এর মতো জোটে নেতৃত্ব
উন্নয়ন কৌশল	জ্ঞাননির্ভর অর্থনীতি, পরিষেবা খাত প্রাধান্য	কৃষি, শ্রমনির্ভর উৎপাদন এবং কাঁচামাল রপ্তানিমুখী
মানব উন্নয়ন সূচক	সাধারণত উচ্চ	সাধারণত মধ্যম বা নিম্ন

যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় আর্মেনিয়া-আজারবাইজানের মধ্যে শান্তি চুক্তি স্বাক্ষরের মাধ্যমে ৩৫তম বছরের সংঘাতের অবসান

- চুক্তি স্বাক্ষরিত হয়: ০৮ আগস্ট, ২০২৫ (ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র)।
- স্বাক্ষর: ট্রাম্পের মধ্যস্থতায় আজারবাইজানের প্রেসিডেন্ট ইলহাম আলিয়েভ এবং আর্মেনিয়ার প্রধানমন্ত্রী নিকোল পাশিনিয়ান।
- চুক্তির আওতায় আজারবাইজানকে তার নাখিচেভান বিচ্ছিন্ন অঞ্চলটির সঙ্গে সংযোগ স্থাপনের জন্য নতুন ট্রানজিট করিডোর নির্মাণ করবে যুক্তরাষ্ট্র।"Trump Route for International Peace and Prosperity (TRIPP)" নামে এই করিডোরে রেলপথ, তেল ও গ্যাস পাইপলাইন এবং ফাইবার-অপটিক লাইন স্থাপন করা হবে।
- বিতর্কিত নাগোরনো-কারাবাখ অঞ্চল নিয়ে আর্মেনিয়া-আজারবাইজানের মধ্যে বিরোধ। অঞ্চলটি আজারবাইজান ভূখণ্ডের অন্তর্ভুক্ত হলেও জাতিগত আর্মেনীয়দের বসবাস এই অঞ্চলে। সোভিয়েত ইউনিয়নের পতনের সময়, ১৯৮৮ থেকে ১৯৯৪ সালের মধ্যে নাগোরনো-কারাবাখ নিয়ে আর্মেনিয়া ও আজারবাইজানের মধ্যে ব্যাপক সশস্ত্র সংঘর্ষ হয়।

থাইল্যান্ড-কম্বোডিয়া সীমান্ত বিরোধ

থাইল্যান্ড কখনো কোনো বিদেশি শক্তির উপনিবেশ ছিল না। থাইল্যান্ডের সীমান্তবর্তী মিয়ানমারে (বার্মা) ব্রিটিশরা এবং ফরাসিরা ভিয়েতনাম, লাওস ও কম্বোডিয়াকে উপনিবেশ বানিয়েছিল। থাইল্যান্ড-কম্বোডিয়া সীমান্ত বিভাজনের সমস্যা ১০০ বছরের পুরোনো। ফরাসি ঔপনিবেশিক শাসনামলে কম্বোডিয়ার হয়ে ফরাসিরা স্বাধীন শ্যাম দেশের (বর্তমান থাইল্যান্ড) সঙ্গে সীমানা ঠিকমতো নির্ধারণ করেনি এবং চুক্তিগুলোও অস্পষ্ট ছিল। থাইল্যান্ড ও কম্বোডিয়ার মধ্যে বর্তমানে ২টি মন্দির নিয়ে বিরোধ চলমান।

- **প্রেয়া ভিহিয়ার মন্দির (হিন্দু মন্দির):** প্রায় ১ হাজার বছর আগে খেমার সাম্রাজ্যের সময় তৈরি হয়েছিল। বর্তমানে এটি কম্বোডিয়ার প্রিয় বিহার প্রদেশের ডাঙ্গ্রেক পর্বতমালার ৫২৫ মিটার (১,৭২২ ফুট) উচ্চ খাড়াই পর্বতের চূড়ায় অবস্থিত। আন্তর্জাতিক আদালত ১৯৬২ সালে এটিকে কম্বোডিয়ার বলে রায় দিলেও থাইল্যান্ড এটির মালিকানা দাবি করে।
- **'প্রাসাত তা মুয়েন থম' মন্দির:** খেমার যুগে নির্মিত হিন্দু মন্দিরটি থাইল্যান্ডের সুরিন প্রদেশ ও কম্বোডিয়ার ওদ্দার মিনচে প্রদেশের সীমান্তে, ডংরেক পর্বতমালায় অবস্থিত; প্রাচীনকালে আংকর নগরীর সাথে উত্তর–দক্ষিণ বাণিজ্যপথকে যুক্ত করত। এর অবস্থান থাইল্যান্ডে হলেও কম্বোডিয়া ঐতিহাসিকভাবে এটিকে নিজেদের বলে দাবি করে।
- থাইল্যান্ডের সীমান্তবর্তী দেশ চারটি:

পশ্চিম ও উত্তর-পশ্চিমে: মিয়ানমার	উত্তর-পূর্বে: লাওস (স্থলবেষ্টিত দেশ)
দক্ষিণ-পূর্বে: কম্বোডিয়া	দক্ষিণে: মালয়েশিয়া

- কম্বোডিয়ার সীমান্তবর্তী দেশ তিনটি:

পশ্চিম ও উত্তর-পশ্চিমে: থাইল্যান্ড	উত্তরে: লাওস
পূর্ব ও দক্ষিণ-পূর্বে: ভিয়েতনাম	----------

- কম্বোডিয়া ১৯৫৩ সাল পর্যন্ত ফ্রান্সের উপনিবেশ ছিল। খেমার শাসনকে উৎখাত করে প্রায় ৪ দশক কম্বোডিয়ায় একদলীয় শাসন ব্যবস্থা টিকিয়ে রেখেছেন ক্ষমতাধর স্বৈরশাসক হুন সেন। ২০২৩ সালে নিজ ছেলে হুন মানেতের হাতে ক্ষমতা হস্তান্তর করেন।
- **২০২৫ সালে সংঘাত:** ২৩ জুলাই ল্যান্ডমাইন বিস্ফোরণে পাঁচ থাই সেনা আহত হওয়ার পর ২৪ জুলাই ২ দেশ সীমান্ত সংঘাতে জড়িয়ে পড়ে।
- যুদ্ধবিরতি কার্যকর হয়: ২৮ জুলাই, ২০২৫ থেকে।
- যুদ্ধবিরতিতে মধ্যস্থতা করে: মালয়েশিয়া ও যুক্তরাষ্ট্র।
- আংকর ওয়াট: কম্বোডিয়ার সিম রিপ শহরে অবস্থিত কম্বোডিয়ার অন্যতম জাতীয় প্রতীক ও প্রধান পর্যটন গন্তব্য। ১২শ শতকে খেমার শাসনামলে রাজা সুর্যবর্মণ II নির্মাণ করে। হিন্দু মন্দির (ভগবান বিষ্ণুকে উৎসর্গ), পরে বৌদ্ধ মন্দিরে রূপান্তরিত হয়। এটি কম্বোডিয়ার পতাকায় স্থান পেয়েছে (পৃথিবীর একমাত্র জাতীয় পতাকা যেখানে স্থাপত্যের ছবি রয়েছে)।
- এমারেল্ড ট্রায়াঙ্গল: থাইল্যান্ড ও কম্বোডিয়ার মধ্যে বিরোধ রয়েছে এই ট্রায়াঙ্গলটি নিয়ে।

থাইল্যান্ডের প্রধানমন্ত্রী পেতংতার্ন সিনাওয়াত্রা সাময়িক বরখাস্ত

প্রধানমন্ত্রী পেতংতার্ন সীমান্ত বিরোধকে ঘিরে উত্তেজনার মধ্যে প্রতিবেশী দেশ কম্বোডিয়ার সাবেক প্রধানমন্ত্রী হুন সেনের সঙ্গে ফোনালাপ করেন এবং তাঁর এ ফোনালাপ পরিস্থিতি ঘোলাটে করে দেয়। ফোনের কথাবার্তা ফাঁসের পর প্রধানমন্ত্রীর পদ থেকে সরিয়ে দেয় সাংবিধানিক আদালত (১ জুলাই, ২০২৫)। বর্তমানে তিনি সংস্কৃতি মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করছেন। পেতংতার্ন সিনাওয়াত্রা থাইল্যান্ডের সর্বকনিষ্ঠ ও ২য় নারী প্রধানমন্ত্রী ছিলেন।

কাতার ও যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় রুয়ান্ডা-কঙ্গোর মধ্যে শান্তি চুক্তি স্বাক্ষর

- মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যস্থতায় রুয়ান্ডা ও ডেমোক্রেটিক রিপাবলিক অব কঙ্গো (ডিআর কঙ্গো)'র মধ্যে শান্তিচুক্তি স্বাক্ষরিত হয় ২৭ জুন, ২০২৫ (স্থান: ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র)।
- সূত্রপাত: মধ্য আফ্রিকার দুই রাষ্ট্র রুয়ান্ডা-কঙ্গোর মধ্যে সংঘাতের সূত্রপাত ১৯৯৪ সালে। রুয়ান্ডার গণহত্যায় হুতু সম্প্রদায় তুতসি সম্প্রদায়ের উপর গণহত্যা চালায়। বর্তমানে তুতসি সম্প্রদায় রুয়ান্ডায় ক্ষমতাসীন। রুয়ান্ডার গণহত্যায় জড়িত হুতু সম্প্রদায়কে সমর্থন দেয় কঙ্গো। হুতু সম্প্রদায়ের মিলিশিয়া গোষ্ঠী FDLR (Democratic Forces for the Liberation of Rwanda) কঙ্গো থেকে রুয়ান্ডায় আক্রমণ করে আর এ থেকেই সংঘাতে শুরু। পাল্টা রুয়ান্ডার তুতসি সম্প্রদায়ের সমর্থিত M23 (March 23 Movement) গোষ্ঠী কঙ্গোর পূর্বাঞ্চলে DR Congo সরকারের বিরুদ্ধে লড়াই করে কঙ্গোর বিশাল অঞ্চল দখল করে নেয়। DR Congo-র পূর্বাঞ্চল খনিজ (coltan, gold, cobalt) সম্পদে ভরপুর। মূলত পূর্ব ও মধ্য আফ্রিকার বিখ্যাত সুবিশাল 'গ্রেট লেক্স' এলাকার ২৪ ট্রিলিয়ন ডলারের দুর্লভ খনিজ সম্পদের বাজার নিয়ন্ত্রণে মরিয়া যুক্তরাষ্ট্র।

মার্কিন শুল্কারোপ

- ট্রাম্পের শুল্ক: বিশ্ব বাণিজ্যে 'শতবর্ষে সবচেয়ে বড় পরিবর্তন' বাণিজ্য শুল্ক নীতি (Reciprocal Tariffs): যুক্তরাষ্ট্র ১৮৫টি দেশের ওপর শুল্ক আরোপ করে ২ এপ্রিল, ২০২৫।
- মূল লক্ষ্য: যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতিকে শূন্যে ফিরিয়ে আনা।
- নতুন করে ১ আগস্ট, ২০২৫ Reciprocal Tariffs'র আওতায় বাংলাদেশ থেকে আমদানিকৃত পণ্যের ওপর ২০% শুল্ক আরোপ করে যুক্তরাষ্ট্র। বাংলাদেশকে বর্তমানের গড় ১৫% ও নতুন পাল্টা শুল্ক ২০%, অর্থাৎ মোট ৩৫% শুল্ক দিয়ে যুক্তরাষ্ট্রে পণ্য রপ্তানি করতে হবে। যা কার্যকর হয় ৭ আগস্ট, ২০২৫ থেকে।
- ডোনাল্ড ট্রাম্প ৬ আগস্ট, ২০২৫ ভারতের ওপর অতিরিক্ত ২৫% শুল্ক আরোপ করে। রাশিয়া থেকে জ্বালানি কেনার কারণে 'জরিমানা' হিসেবে অতিরিক্ত এই ২৫% শুল্ক আরোপ করে। ফলে আগের ২৫% পাল্টা শুল্কসহ ভারতীয় পণ্যে ৫০% শুল্ক আরোপিত হয়। এই শুল্ক কার্যকর ২৮ আগস্ট, ২০২৫ থেকে।
- শুল্কযুদ্ধের প্রথম সাফল্য যুক্তরাষ্ট্র-যুক্তরাজ্য নতুন বাণিজ্য চুক্তি: আমদানি পণ্যে কঠোর শুল্ক আরোপের পর যুক্তরাষ্ট্রের সঙ্গে প্রথম দেশ হিসেবে যুক্তরাজ্য নতুন বাণিজ্য চুক্তি করে ০৮ মে, ২০২৫।

ইসরায়েল – ইরানের মধ্যকার ১২ দিনের যুদ্ধ (১৩ - ২৪ জুন, ২০২৫)

যুদ্ধবিরতির মূল মধ্যস্থতাকারী: যুক্তরাষ্ট্র (ইসরায়েলের পক্ষে যুক্তরাষ্ট্র, ইরানের পক্ষে কাতার)

সূত্রপাত: জাতিসংঘের আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা International Atomic Energy Agency (IAEA) ১১ জুন, ২০২৫ অভিযোগ করে, ইরান পারমাণবিক কর্মকাণ্ড পরিচালনায় বৈশ্বিক বাধ্যবাধকতা মানছে না। অভিযোগের পরই ইসরায়েল ইরানের বিরুদ্ধে বৈশ্বিক পদক্ষেপের আহ্বান জানিয়ে 'অপারেশন রাইজিং লায়ন' নামে ১৩ জুন,২০২৫ ইরানের মধ্যাঞ্চল ইস্পাহান প্রদেশে অবস্থিত প্রধান ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কেন্দ্র নাতাঞ্জ, ফোর্দো ও ইস্পাহান পরমাণু কেন্দ্রে সামরিক হামলা চালায়।

- হামলায় ইরানের অভিজাত বাহিনী ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোরের প্রধান মেজর জেনারেল হোসেইন সালামি, সেনাপ্রধান (চিফ অব স্টাফ) মেজর জেনারেল বাকেরি, জ্যেষ্ঠ দুই পরমাণুবিজ্ঞানী ফেরেদুন আব্বাসি (Atomic Energy Organization of Iran-AEOI'র সাবেক প্রধান), মোহাম্মদ মেহদি তেহরানচিসহ ২৯ জন সামরিক কর্মকর্তা ও ৯ পরমাণুবিজ্ঞানী নিহত হন।
- ইসরায়েলকে ৩০০টি 'হেলফায়ার' ক্ষেপণাস্ত্র (লেজারনিয়ন্ত্রিত আকাশ থেকে ভূমিতে নিক্ষেপণযোগ্য ক্ষেপণাস্ত্র) সরবরাহ করে যুক্তরাষ্ট্র।
- ইরানে শত শত নিরপরাধ মানুষ হত্যা ও বেসামরিক অবকাঠামোর ক্ষয়ক্ষতির অভিযোগে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের বিরুদ্ধে জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনারের দপ্তরে আনুষ্ঠানিক অভিযোগ করে ২৭ জুন, ২০২৫।

- **Operation True Promise 3:** পাল্টা আক্রমণ হিসেবে Islamic Revolutionary Guard Corps (IRGC) ইসরায়েলের বিরুদ্ধে বৃহৎ সামরিক প্রতিশোধ শুরু করে ১৩ জুন, ২০২৫ রাত থেকে (তেল আবিব ও জেরুজালেম লক্ষ্য করে)। ইরান ইসরায়েলে প্রথমবারের মতো হাইপারসনিক ক্ষেপণাস্ত্র ফাতাহ নিক্ষেপ করে ১৬ জুন, ২০২৫।
- **Operation Midnight Hammer:** ইরানের পারমাণবিক কর্মসূচির মূল কেন্দ্রবিন্দু ইস্পাহান (সবচেয়ে বড় পারমাণবিক গবেষণা কমপ্লেক্স), নাতাঞ্জ এবং ফর্দো। যুক্তরাষ্ট্র এই ৩টি পারমাণবিক স্থাপনায় হামলা চালায় ২১ জুন, ২০২৫ (২২ জুন ইরানে ভোররাত ২:১০ মিনিটে)। এই হামলার মাধ্যমে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী সরাসরি ইরান যুদ্ধে জড়ায়। অভিযানে যুক্তরাষ্ট্র ৭টি ২৮,৭০০ পাউন্ড ওজনের বাংকারবিধ্বংসী বোমা জিবিইউ-৫৭ বহনে সক্ষম ৬টি 'বি-২ স্পিরিট স্টেলথ বোমারু বিমান' ব্যবহার করে; যুক্তরাষ্ট্রের মিজৌরি অঙ্গরাজ্যের ঘাঁটি থেকে উড্ডয়ন করে।
  - **ফর্দো:** কুম শহরের পাহাড়ের গভীরে নির্মিত ভূগর্ভস্থ ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কেন্দ্র (২০০৬); সুরক্ষিত ও গোপন স্থাপনা। স্থাপনাটি অ্যান্টি-এয়ারক্রাফট ব্যাটারির মাধ্যমে সুরক্ষিত। IAEA'র মতে, ফর্দোতে ৮৩.৭% পর্যন্ত ইউরেনিয়াম সমৃদ্ধ হয়েছে (পারমাণবিক অস্ত্র তৈরির জন্য প্রয়োজন হয় ৯০% ইউরেনিয়াম-২৩৫)। সেন্ট্রিফিউজ: পরমাণু সমৃদ্ধকরণ যন্ত্র।
  - **নাতাঞ্জ:** ইরানের মধ্যাঞ্চল ইস্পাহান প্রদেশে অবস্থিত দেশটির সবচেয়ে বড় ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কেন্দ্র (২০০৩); দুটি পারমাণবিক ক্ষেত্রের (মাটির ওপর ও গভীরে) সমন্বয়ে গঠিত। মার্কিন সামরিক ঘাঁটি টাওয়ার ২২ (অবস্থান: জর্ডান)।
  - **ইস্পাহান:** ইস্পাহান প্রদেশে অবস্থিত পারমাণবিক গবেষণাকেন্দ্র (১৯৭০)। পারমাণবিক বোমা তৈরির কাছাকাছি গ্রেডের পারমাণবিক জ্বালানি মজুদ রয়েছে। মার্কিন নৌবাহিনীর সাবমেরিন থেকে নাতাঞ্জ ও ইস্পাহানে ৩০টি টিএলএএম ক্রুজ ক্ষেপণাস্ত্র ছুঁড়ে।
- ইসরায়েলের হামলার প্রেক্ষাপটে ইরানের পার্লামেন্ট IAEA সঙ্গে সহযোগিতা স্থগিত-সংক্রান্ত বিল অনুমোদন দেয় ২৫ জুন, ২০২৫ এবং আনুষ্ঠানিকভাবে চুক্তি থেকে বের হয়ে যায় ০২ জুলাই, ২০২৫।
- মার্কিন আইনসভা কংগ্রেসের অনুমতি ছাড়া ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র যেন কোনো সামরিক অভিযান চালাতে না পারে সেইজন্য বিল আনার ঘোষণা দিয়েছিলো ডেমোক্র্যাট দলীয় মার্কিন সিনেটর বার্নি স্যান্ডার্স।
- পারস্য উপসাগরে অবস্থিত ইরানের গুরুত্বপূর্ণ বন্দরসমূহ: হরমুজ প্রণালির নিকটে-বন্দর-আব্বাস ও জাস্ক বন্দর।
- ইসরায়েলের বন্দরসমূহ: ভূমধ্যসাগর (হাইফা, আশদোদ, আশকেলন বন্দর), লোহিত সাগর/আকাবা উপসাগর (ইলাত বন্দর)।
- হরমুজ প্রণালি: পারস্য উপসাগরে যাওয়ার একমাত্র সামুদ্রিক প্রবেশপথ ও বিশ্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ তেল পরিবহন পথ (পূর্বপাশে ইরান, পশ্চিমপাশে ওমান ও সংযুক্ত আরব আমিরাত)। বিশ্বের মোট জ্বালানি তেল সরবরাহের প্রায় ২০% এ পথ দিয়ে পরিবাহিত হয়। প্রণালিটি পারস্য উপসাগরকে ওমান উপসাগর ও আরব সাগরের সঙ্গে যুক্ত করেছে। ট্যাংকার যুদ্ধ: ইরান-ইরাক যুদ্ধে (১৯৮০-১৯৮৮ সাল) ২ দেশই হরমুজ প্রণালিতে বাণিজ্যিক জাহাজে হামলা করেছিলো যা ট্যাংকার যুদ্ধ নামে পরিচিত।
- ইরানের রাষ্ট্রীয় টিভি সম্প্রচার কেন্দ্র 'IRIB'র খ্যাতিমান উপস্থাপিকা সাহার ইমানি: সংবাদ পাঠ চলার মধ্যেই টিভি ভবনে ইসরায়েলি প্রচণ্ড বিস্ফোরণ ঘটে; তার মধ্যেও সংবাদ পাঠ চলমান রাখেন। এই সাহসিকতায় তিনি ভেনিজুয়েলার সাইমন বলিভার জাতীয় সাংবাদিকতা পুরস্কার লাভ করেন।
- তাসনিম নিউজ এজেন্সি: ইরানের ইসলামিক রেভোলিউশনারি গার্ড এর নিয়ন্ত্রাধীন আধা-সরকারি সংবাদ সংস্থা (২০১২)।
- ইরানের রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম: Islamic Republic of Iran Broadcasting (IRIB). ইনকিলাব স্কয়ার অবস্থিত: তেহরান
- ইরানের প্রথম পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র: বুশেহর (পারস্য উপসাগর); ৯১৫ মেগাওয়াট (VVER-1000/446 রাশিয়ান প্রযুক্তি)।
- আয়রন বিম: ইসরায়েলের আকাশ সুরক্ষায় আয়রন ডোম সিস্টেমের পরিপূরক নতুন সিস্টেম। আয়রন ডোম ও আয়রন বিম মিসাইল, ড্রোন ও কামানের গোলা নিষ্ক্রিয় করে। আয়রন ডোম ক্ষেপণাস্ত্র দিয়ে প্রতিরক্ষা করে আর আয়রন বিম লেজারের মাধ্যমে আলোর গতিতে অল্প খরচে আর্টিলারি শেল, ড্রোন এবং মর্টারের মতো স্বল্পপাল্লার ক্ষেপণাস্ত্র নিষ্ক্রিয় করে।

একনজরে ইসরায়েল-ইরানের মধ্যকার পরিচালিত অপারেশনসমূহ

অপারেশন	২০২৫	তথ্যপ্রবাহ
Operation Rising Lion	১৩ জুন	ইসরায়েল ইরানের তেহরানে হামলা করে
Operation True Promise 3	১৩ জুন	ইরান ইসরায়েলে পাল্টা আক্রমণ করে
Operation Midnight Hammer	২২ জুন	যুক্তরাষ্ট্র ইরানের ৩টি পারমাণবিক স্থাপনায় (ফর্দো, নাতাঞ্জ ও ইস্পাহান) হামলা করে
Op. Glad Tidings of Victory	২৩ জুন	ইরান পাল্টা প্রতিক্রিয়ায় মার্কিন আল উদেইদ** বিমান ঘাঁটিতে আক্রমণ করে

** যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর 'ইরাক অপারেশন' এর সদর দফতর আল উদেইদ ঘাঁটি (অবস্থান: কাতার); মধ্যপ্রাচ্যে মার্কিন বৃহত্তম সামরিক ঘাঁটি। এটি Centcom/Central Command নামে পরিচিত।

ক্ষুধার্ত ফিলিস্তিনিদের ত্রাণবাহী জাহাজ 'ম্যাডলিন' ইসরায়েল কর্তৃক আটক

- ইসরায়েল জাহাজটি আটক করে: ০৯ জুন, ২০২৫ (ইসরায়েলের আশদাদ বন্দরে)।
- পরিচালনায়: আন্তর্জাতিক অলাভজনক সংস্থা ফ্রিডম ফ্লোটিলা কোয়ালিশন (এফএফসি)।
- জাহাজটিতে সুইডেনের পরিবেশবিষয়ক আন্দোলনকর্মী গ্রেটা থুনবার্গসহ ১২ জন মানবাধিকারকর্মী ছিলেন। ফিলিস্তিনি বংশোদ্ভূত ফরাসি নাগরিক ও ইউরোপীয় পার্লামেন্ট সদস্য রিমা হাসানও ছিলেন (ইসরায়েলে রামলে শহরে আটক রাখা হয়েছিল)। এই মানবাধিকারকর্মীদের প্রতিনিধিত্ব করছে মানবাধিকার সংস্থা আদালাহ।
- গ্রেটা থুনবার্গসহ ৪ জনকে ছেড়ে দেয় ১০ জুন এবং তাদের ১০০ বছরের জন্য ইসরাইলে প্রবেশে নিষিদ্ধ করা হয়।
- জাহাজ ম্যাডলিনকে আটক করায় ইসরাইলকে 'সন্ত্রাসী রাষ্ট্র' হিসেবে অভিযুক্ত করে তুরস্ক।
- ইসরায়েল গাজায় ত্রাণ প্রবেশ পুরোপুরি বন্ধ করে দেয়: ২ মার্চ। ত্রাণ প্রবেশে বাধা দেওয়ার বিরুদ্ধে প্রতিবাদ জানাতে 'ম্যাডলিন' জাহাজটি ১ জুন ইতালির সিসিলির কাতানিয়া শহর থেকে গাজার উদ্দেশ্যে যাত্রা শুরু করে।
- 'ম্যাডলিন' জাহাজটির নামকরণ করা হয়: গাজার প্রথম ও একমাত্র নারী মৎস্যশিকারির নামানুসারে।
- ফ্রিডম ফ্লোটিলা কোয়ালিশনের অন্যান্য জাহাজে ইসরায়েলি হামলাসমূহ:

ক্রম	তারিখ	জাহাজ	ঘটনাপ্রবাহ
১	২ মে, ২০২৫	কনসায়েন্স	মাল্টা উপকূলে ড্রোন হামলা করে ইসরায়েল।
২	৩১ মে, ২০১০	মাভি মারমারা	ইস্তাম্বুল থেকে তুর্কি কর্মীদের বহনকারী "গাজা ফ্রিডম ফ্লোটিলা' জাহাজে ইসরায়েলি হামলায় ৯ জন স্বেচ্ছাসেবক নিহত হয়।

- Gaza Humanitarian Foundation (GHF): ইসরায়েল ও যুক্তরাষ্ট্র-সমর্থিত বিতর্কিত ত্রাণ বিতরণ সংস্থা। উদ্দেশ্য: গাজায় ত্রাণ পৌঁছানো। ২০০৭ সাল থেকে গাজার স্থল, জল ও আকাশপথ অবরুদ্ধ করে রেখেছে ইসরায়েল।

১৫ মাস পর ইসরায়েল ও হামাসের মধ্যে যুদ্ধবিরতি চুক্তি

- ১৫ মাস পর গাজায় যুদ্ধবিরতি চুক্তি স্বাক্ষরিত হয়: ১৫ জানুয়ারি, ২০২৫ (দোহা, কাতার)।
- যুদ্ধবিরতি চুক্তি কার্যকর হয়: ১৯ জানুয়ারি, ২০২৫ (চুক্তি কার্যকর ৩টি ধাপে)। **১ম ধাপ:** ৪২ দিনের যুদ্ধবিরতি।
- মধ্যস্থতাকারী: কাতার (অন্যতম), মিসর এবং যুক্তরাষ্ট্র। পক্ষ: ৩টি (হামাস, ইসরায়েল এবং ইসলামি জিহাদ)।
- গাজা পূর্ণগঠনের উদ্দেশ্যে মিশরে আরব লীগের বৈঠক অনুষ্ঠিত হয়: ৪ মার্চ, ২০২৫।
- নতুন গাজা যুদ্ধবিরতি প্রস্তাব: মিসর ও কাতারের মধ্যস্থতায় চুক্তি কার্যকর হয় ২৯ মার্চ, ২০২৫।
  - ➢ প্রস্তাবের আওতায় হামাস প্রতি সপ্তাহে পাঁচজন ইসরায়েলি জিম্মিকে মুক্তি দেবে।
- ফিলিস্তিন রাষ্ট্র নিয়ে আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়: ১৮ জুন, ২০২৫ (নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র)।

চলমান ইসরায়েল-ফিলিস্তিন সংকটের আদ্যোপান্ত

আল-আকসা ফ্লাড	৭ অক্টোবর, ২০২৩ দক্ষিণ ইসরায়েলের কিব্বুতজ রে'ইম অঞ্চলের নেগেভ মরুভূমিতে চলমান সঙ্গীত উৎসব 'সুপারনোভা ফেস্টিভালে 'অপারেশন আল-আকসা ফ্লাড' নামে হামলা করে হামাস।
আয়রন সোর্ডস	৮ অক্টোবর, ২০২৩ হামাসের হামলার প্রেক্ষাপটে অপারেশন আয়রন সোর্ডস নামে পাল্টা হামলা করে যুদ্ধ ঘোষণা করে ইসরায়েল।
আইরন ওয়াল	১৯ জানুয়ারি, ২৫ গাজায় যুদ্ধবিরতি শুরু হওয়ার ২ দিন পর ২১ জানুয়ারি, ২৫ দখলকৃত পশ্চিম তীরের জেনিন শরণার্থীশিবিরে 'অপারেশন আয়রন ওয়াল' নামক অভিযান শুরু করে ইসরায়েলি বাহিনী।
অপারেশন গিডিয়নস ওয়াগনস	ইসরায়েলের বাকি জিম্মিদের মুক্তির জন্য হামাসকে চাপ দিতে গাজায় বড় সামরিক অভিযান শুরু করে ১৭ মে, ২০২৫।
যুদ্ধবিরতি ভঙ্গ	ইসরায়েল যুদ্ধবিরতি ভেঙ্গে গাজায় ভয়াবহ হামলা চালায় ১৮ মার্চ, ২০২৫। হামাস নিয়ন্ত্রিত গাজার 'ডি-ফ্যাক্টো প্রধানমন্ত্রী' ইসাম দা'আলসি ইসরায়েলের এই বোমা হামলায় নিহত হন।
জরুরি আরব সম্মেলন	মিসরের কায়রোতে জরুরি আরব সম্মেলনে গাজা উপত্যকার পুনর্গঠনে ৫৩ বিলিয়ন ডলারের পরিকল্পনা অনুমোদন করে ৪ মার্চ, ২০২৫। গাজা পুনর্গঠনে আরব লীগের বিকল্প প্রস্তাব সমর্থন করে OIC.

ফ্লোরিন	৩৬৭ বর্গ কি মি এলাকার গাজা উপত্যকাকে ফ্লোরিন বোমায় ধ্বংস করে দেয় ইসরায়েল।
Global Strike For Gaza "No Work, No School"	গাজায় চলমান ধ্বংসযজ্ঞ ও প্রাণহানির প্রতিবাদে ৭ এপ্রিল, ২০২৫ বৈশ্বিক ধর্মঘটের ডাক দেয় যুক্তরাষ্ট্রভিত্তিক ২ সংগঠন নিউইয়র্ক হেলথকেয়ার ওয়ার্কার্স ফর প্যালেস্টাইন এবং ডক্টর্স অ্যাগেইনস্ট জেনোসাইড। স্থান: জাতিসংঘের প্রধান কার্যালয়, নিউইয়র্ক। সব শিক্ষাপ্রতিষ্ঠান ও কর্মস্থল বন্ধ থাকে।
মোরাগ অ্যাক্সিস (কৃষিজমির সমন্বয়ে গঠিত)	গাজা উপত্যকার দক্ষিণাংশে খান ইউনিস ও রাফাহর মধ্যবর্তী এলাকা। পূর্ব-পশ্চিম গাজাকে দ্বিখণ্ডিত করতে ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু সামরিক পরিকল্পনা 'মোরাগ অ্যাক্সিস' ঘোষণা করে ২ এপ্রিল, ২০২৫। পূর্বে 'মানবিক অঞ্চল' হিসেবে চিহ্নিত মোরাগ অ্যাক্সিস বাস্তুচ্যুত ফিলিস্তিনিদের আশ্রয়স্থল হিসেবে ঘোষণা করেছিলো ইসরায়েল। ১৯৭২ সালে মোরাগ এক্সিসে ইহুদি বসতি ছিলো।

জাতিসংঘে ফিলিস্তিন: ফিলিস্তিন বর্তমানে জাতিসংঘের পর্যবেক্ষক সদস্য (জাতিসংঘের সাধারণ পরিষদে আমন্ত্রণ পায় কিন্তু কোনো ভোট প্রয়োগ করতে পারে না)। ২০১২ সালে ফিলিস্তিন জাতিসংঘের সাধারণ পরিষদে কার্যত রাষ্ট্র হিসেবে স্বীকৃতি পেয়েছে। বর্তমানে জাতিসংঘের সাধারণ পরিষদের ১৯৩টি সদস্যের মধ্যে ১৪৭টি রাষ্ট্র ও ভ্যাটিকান সিটি (পর্যবেক্ষক রাষ্ট্র) ফিলিস্তিনকে সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিয়েছে। বর্তমানে জাতিসংঘে ফিলিস্তিনি রাষ্ট্রদূত রিয়াদ মানসুর।

কাশ্মীর সংকট ও ভারত-পাকিস্তান যুদ্ধ ২০২৫

ভারত-পাকিস্তান যুদ্ধ ২০২৫

- **ভারত পাকিস্তানে হামলা করে:** ০৭ মে, ২০২৫ ("অপারেশন সিঁদুর" নামে)। সিঁদুর: হিন্দু বিবাহিত নারীদের বিয়ের প্রতীক।
- **অপারেশন বুনইয়ানুম মারসুস:** ভারতের আক্রমণের বিরুদ্ধে পাকিস্তান পাল্টা হামলা করে (১০ মে, ২০২৫)।
  বুনইয়ানুম মারসুস (আরবি শব্দ) অর্থ: সুদৃঢ়, সুসংগঠিত ও অভেদ্য প্রাচীর।
- **যুদ্ধবিরতি:** যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যস্থতায় ভারত ও পাকিস্তানের মধ্যে যুদ্ধবিরতি হয় ১০ মে, ২০২৫।
- পাকিস্তান ৫টি (৩টি ফ্রান্সের দাসো অ্যাভিয়েশনের তৈরি রাফাল, ১টি রাশিয়ান সু-৩০ ও মিগ-২৯) ভারতীয় যুদ্ধবিমান ভূপাতিত করে।
- পাকিস্তান চীনের তৈরি 'জে-১০ সিই যুদ্ধবিমান' ও 'ওয়াইজে অ্যান্টি-শিপ মিসাইল' ব্যবহার করে।
- **বৈশ্বিক সমর্থন:** ভারতের পক্ষে (ইসরায়েল ও যুক্তরাষ্ট্র-কৌশলগতভাবে), পাকিস্তানের পক্ষে (চীন-প্রক্সি যুদ্ধ, তুরস্ক)।

যুদ্ধের প্রেক্ষাপট

- দ্য রেজিস্ট্যান্স ফ্রন্ট (টিআরএফ) ভারতনিয়ন্ত্রিত কাশ্মীরের পেহেলগামের বৈসারন উপত্যকায় পর্যটকদের ওপর হামলা করে ২২ এপ্রিল, ২০২৫ [হামলায় ২৬ জন নিহত হয় (১ জন নেপালের নাগরিক, ২৫ জন ভারতীয়)]। ভারত পাকিস্তানকে দায়ী করে।
  - দ্য রেজিস্ট্যান্স ফ্রন্ট 'কাশ্মীর রেজিস্ট্যান্স' নামেও পরিচিত। কাশ্মীরকে 'পৃথিবীর ভূ-স্বর্গ' বলা হয়।
  - হিমালয়ের কোলে অবস্থিত মনোরম শহর পেহেলগাম 'ভারতের সুইজারল্যান্ড' হিসেবে পরিচিত।
- পেহেলগাম শব্দের অর্থ পশুপালকদের জনপদ (কাশ্মীরি ভাষায় পশুপালকদের বলা হয় পেহেল; গাম মানে গ্রাম বা বসতি)।

ভারত	পাকিস্তান
1. সিন্ধু পানি চুক্তি স্থগিত করে (২৩ এপ্রিল, ২০২৫)। (পাকিস্তানের ৮০% কৃষি জমি সিন্ধু পানির উপর নির্ভরশীল)	1. সিন্ধু পানি চুক্তি লঙ্ঘন যুদ্ধের শামিল বলে ঘোষণা। ভারতের সাথে স্বাক্ষরিত সিমলা চুক্তি** বাতিল করে।
2. পাকিস্তানের নাগরিকদের ভিসা বাতিল করে।	2. ভারতের নাগরিকদের ভিসা বাতিল করে।
3. নয়াদিল্লিতে পাকিস্তানি হাইকমিশনে নিযুক্ত সামরিক কর্মকর্তাদের অবাঞ্ছিত ঘোষণা করে।	3. ইসলামাবাদে ভারতীয় হাইকমিশনে নিযুক্ত সামরিক কর্মকর্তাদের অবাঞ্ছিত ঘোষণা করে।
4. পাল্টা পদক্ষেপ হিসেবে পাকিস্তানের জন্য নিজেদের আকাশসীমা বন্ধ ঘোষণা করে (৩০ এপ্রিল, ২০২৫)।	4. ভারতের পরিচালিত সব বিমান পরিবহন সংস্থার জন্য পাকিস্তানের আকাশসীমা বন্ধ করার ঘোষণা।

****সিমলা চুক্তি:** স্বাক্ষর ২ জুলাই, ১৯৭২ (বিষয়বস্তু: শান্তিপূর্ণ ও দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে ২ দেশ সকল বিরোধ নিষ্পত্তি করবে)।

- **সিন্ধু পানি চুক্তি (Indus Waters Treaty):** বিশ্বব্যাংকের (প্রেসিডেন্ট ইউজিন ব্ল্যাক) মধ্যস্থতায় ভারত ও পাকিস্তানের মধ্যে সিন্ধু অববাহিকার ৬টি নদীর পানি বণ্টন নিয়ে চুক্তি স্বাক্ষরিত হয় ১৯ সেপ্টেম্বর, ১৯৬০। স্বাক্ষর করে তৎকালীন ভারতের প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু ও পাকিস্তানের প্রেসিডেন্ট আইয়ুব খান। হিমালয়ের মানস সরোবর থেকে উৎপত্তি হয়ে লাদাখ-করাচি হয়ে আরব সাগরে পতিত হয়। দৈর্ঘ্য প্রায় ৩,১৮০ কিমি।

❖ চুক্তির আওতায় –

ভারত পায়	পূর্বাঞ্চলীয় ৩ [১. বিয়াস (বিপাশা), ২. রাভি (ইরাবতী), ৩. সুতলেজ (শতদ্রু)] নদীর পানি।	পাকিস্তান ৮০%, ভারত ২০% পানি
পাকিস্তান পায়	পশ্চিমাঞ্চলীয় ৩ [১. সিন্ধু, ২. ঝিলাম, ৩. চেনাব (চন্দ্রভাগা)] নদীর পানি।	
'বিয়াস (বিপাশা), রাভি (ইরাবতী), শতদ্রু, ঝিলাম, চেনাব' – সিন্ধুর এই ৫টি শাখা নদী পঞ্চনদ নামে পরিচিত। *পাকিস্তানের কৃষি ও পানির প্রায় ৮০% এবং বিদ্যুৎ উৎপাদনের এক-তৃতীয়াংশ সিন্ধু অববাহিকার পানির ওপর নির্ভর করে।*		

❖ **আটারি–ওয়াঘা সীমান্ত:** ভারত-পাকিস্তানের মধ্যকার একমাত্র স্থলসীমান্ত বন্ধ করে দেয় ভারত। আটারি গ্রামটি ভারতের পাঞ্জাব প্রদেশের অমৃতসরে এবং ওয়াঘা পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের লাহোরে অবস্থিত। Line of Control: ২ দেশের সীমান্তরেখা।

❖ ভারতের সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ নামে ও পাকিস্তানের সীমান্তরক্ষী বাহিনী পাকিস্তান রেঞ্জার্স নামে পরিচিত।

❖ পাকিস্তানের মন্ত্রিসভা সেনাপ্রধান সৈয়দ আসিম মুনিরকে ফিল্ড মার্শাল পদে উন্নীত করে। প্রথম ফিল্ড মার্শাল ছিলেন আইয়ুব খান।

মার্কিন মুলুকে বিশ্ব রাজনীতি

❖ **জোহরান মামদানি:** যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটির মেয়র পদে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতার যোগ্যতা অর্জন করেন। নির্বাচিত হলে জোহরান হবেন নিউইয়র্ক নগরের সবচেয়ে কমবয়সী মেয়র ও প্রথম মুসলিম মেয়র। জোহরান ভারতীয় বংশোদ্ভূত মুসলিম; জন্ম উগান্ডার কাম্পালায়।

❖ ট্রাম্পের শুল্ক: বিশ্ব বাণিজ্যে 'শতবর্ষে সবচেয়ে বড় পরিবর্তন' বাণিজ্য শুল্ক নীতি (Reciprocal Tariffs): যুক্তরাষ্ট্র ১৮৫টি দেশের ওপর শুল্ক আরোপ করে ২ এপ্রিল, ২০২৫; ট্রাম্প দিনটিকে যুক্তরাষ্ট্রের 'অর্থনৈতিক স্বাধীনতা দিবস' এবং নতুন শুল্ক আরোপকে যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক স্বাধীনতা ও আমেরিকান শিল্পের 'পুনর্জন্ম' বলেন।

➢ শুল্কযুদ্ধের প্রথম সাফল্য যুক্তরাষ্ট্র-যুক্তরাজ্য নতুন বাণিজ্য চুক্তি: আমদানি পণ্যে কঠোর শুল্ক আরোপের পর যুক্তরাষ্ট্রের সঙ্গে প্রথম দেশ হিসেবে যুক্তরাজ্য নতুন বাণিজ্য চুক্তি করে ০৮ মে, ২০২৫।

☑ ডোনাল্ড ট্রাম্প: সাবেক ৪৫তম ও বর্তমান ৪৭তম মার্কিন প্রেসিডেন্ট। ট্রাম্প ৬০তম মার্কিন নির্বাচনে জয়লাভ করেন ৫ নভেম্বর, ২০২৪। যুক্তরাষ্ট্রের প্রথম ব্যক্তি হিসেবে একাধিক ফৌজদারি মামলার অভিযুক্ত হয়েও প্রেসিডেন্ট নির্বাচিত হন।

☑ ট্রাম্প যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে দ্বিতীয় মেয়াদে দায়িত্ব গ্রহণের পর প্রথম বিদেশি সরকারপ্রধান হিসেবে হোয়াইট হাউস সফর করেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু (০২.০২.২০২৫)।

☑ **শপথ গ্রহণ করার পর ট্রাম্পের উল্লেখযোগ্য নির্বাহী আদেশসমূহ:** দ্বিতীয়বারের মতো যুক্তরাষ্ট্র বিশ্ব স্বাস্থ্য সংস্থা; প্যারিস জলবায়ু চুক্তি থেকে নাম প্রত্যাহার (২৭ জানুয়ারি, ২০২৬ থেকে কার্যকর), মার্কিন বিদেশি সাহায্য কর্মসূচি USAID (United States Agency for International Development)'র কার্যক্রম স্থগিত (১ জুলাই, ২০২৫ থেকে বন্ধ); UNESCO থেকে নাম প্রত্যাহার (কার্যকর হবে ২০২৬ সালের ৩১ ডিসেম্বর থেকে)।

☑ ইলন মাস্ক ট্রাম্প প্রশাসনে যে দায়িত্ব পালন করেন: Department of Government Efficiency (DOGE). নতুন প্রতিষ্ঠানের নামটি মাস্কের পছন্দের ইন্টারনেট মিম থেকে নেওয়া হয়। ২০২০ সালের দিকে কুকুরের এই মিম বেশ জনপ্রিয়তা পেয়েছিল।

→ **উদ্দেশ্য:** সরকারি ব্যয়, আমলাতন্ত্র ও নিয়ন্ত্রণ কমানো। প্রশাসনের অপ্রয়োজনীয় ব্যয় কাটছাঁট করে অর্থনৈতিক সাশ্রয় করা।

☑ ডোনাল্ড ট্রাম্প ও ইলন মাস্কের মধ্যকার দ্বন্দ্ব:

২২ মে আমেরিকান আইনসভা কংগ্রেসের নিম্নকক্ষ 'হাউস অফ রিপ্রেজেনটেটিভস' এ কর হ্রাস সংক্রান্ত 'জনকল্যাণমূলক বিল' পাস হয় (২১৫-২১৪ ভোটে)। ট্রাম্প এই ১১১৬ পাতার বিলকে 'One Big Beautiful Bill Act' বলে অ্যাখ্যা দেন। 'জনকল্যাণমূলক বিল'টি মার্কিনিদের আর্থিক চাপ বাড়াবে বলে অভিযোগ তুলেন ইলন মাস্ক। এই কর ও ব্যয় বিলকে 'জঘন্য' বলে কটাক্ষ করে ৩১ মে, ২০২৫ DOGE প্রশাসনিক পদ থেকে ইস্তফা দেন। এর প্রেক্ষিতে তিনি আমেরিকায় নতুন রাজনৈতিক দল 'The Amercian Party' গঠনের ঘোষণা দেন। বিলটি আইনে পরিণত হয়: ৪ জুলাই, ২০২৫।

➲ বিলটির উল্লেখযোগ্য দিকসমূহ: রেমিট্যান্সের উপর করের হার ৩.৫% নির্ধারণ, কর হ্রাস, সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে বরাদ্দ হ্রাস, সেনাবাহিনীর সক্ষমতা বৃদ্ধি, অভিবাসন নিয়ন্ত্রণে খরচ বৃদ্ধি, কম আয়ের মার্কিন নাগরিকদের জন্য মেডিকেইড নামক স্বাস্থ্য কর্মসূচি চালু, খাদ্য সহায়তা কর্মসূচির খরচ থেকে প্রায় ৯৩ হাজার কোটি ডলার কাটছাঁট।

❑ ডোনাল্ড ট্রাম্পের মালিকানাধীন সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম: Truth Social (ট্রুথ সোশ্যাল)।

❑ ইলন মাস্কের মালিকানাধীন সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম: X (সাবেক টুইটার)।

- ডোনাল্ড ট্রাম্পের মধ্যপ্রাচ্যবিষয়ক দূত: স্টিভ উইটকফ। ১৯ জানুয়ারি, ২০২৫ ইসরাইল ও ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাসের মধ্যকার যুদ্ধবিরতি চুক্তি কার্যকরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।
- প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রথম বিদেশ সফর
  - ☑ ৪৫তম প্রেসিডেন্ট থাকাকালীন (প্রথম মেয়াদ): সৌদি আরব (২০১৭)
  - ☑ ৪৭তম প্রেসিডেন্ট থাকাকালীন (দ্বিতীয় মেয়াদ): সৌদি আরব (১৩ মে, ২০২৫

  [পূর্বনির্ধারিত নয় প্রথম বিদেশ সফর: ইতালি ও ভ্যাটিকান সিটি (২৫ এপ্রিল, ২০২৫); পোপ ফ্রান্সিসের শেষকৃত্যে যোগ দিতে]
- মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে বিলাসবহুল বোয়িং ৭৪৭-৮০০ উড়োজাহাজ উপহার দেয় কাতারের রাজপরিবার। এটি মার্কিন সরকারের বিদেশি কোনো রাষ্ট্রের কাছ থেকে পাওয়া সবচেয়ে দামি উপহার।
- ইরানের সাথে (P5+1) ভুক্ত দেশগুলোর স্বাক্ষরিত পারমাণবিক চুক্তি Joint Comprehensive Plan of Action (JCPOA) থেকে ডোনাল্ড ট্রাম্প নাম প্রত্যাহার করেছিলো ৮ মে, ২০১৮। JCPOA কে পুনরায় পুনরুজ্জীবিত করতে ট্রাম্পের মধ্যপ্রাচ্য বিষয়ক বিশেষ দূত স্টিভেন উইটকফ ও ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি পরমাণু কর্মসূচি নিয়ে ৪ দফা পরমাণু আলোচনা বৈঠকে বসেন ওমানের মধ্যস্থতায় (ওমানের পররাষ্ট্রমন্ত্রী বদর বিন হামাদ আল বুসাইদি নেতৃত্ব দেন)।

  ৬ দফা বৈঠকের সময়কাল:

১ম (১২.৪.২৫)	২য় (১৯.৪.২৫)	৩য় (২৬.৪.২৫)	৪র্থ (১১.০৫.২৫)	৫ম (২৩.০৫.২৫)	৬ষ্ঠ (১৫.০৬.২৫)
মাসকট, ওমান	রোম, ইতালি	মাসকট, ওমান	মাসকট, ওমান	রোম, ইতালি	মাসকট-বাতিল

  ** ১৩ জুন, ২০২৫ ইসরায়েল ইরানে সামরিক হামলা করায় ইরান যুক্তরাষ্ট্রের সাথে আলোচনা বাতিল করে দেয়।
- ইংরেজিকে যুক্তরাষ্ট্রের দাপ্তরিক ভাষা হিসেবে ঘোষণা করা হয়: ১ মার্চ, ২০২৫।
- **গোল্ডেন ডোম:** যুক্তরাষ্ট্রের নিমির্তব্য ভূমি, সমুদ্র এবং মহাকাশ প্রতিরক্ষা ব্যবস্থা। তৈরি করছে স্পেসএক্স।
- **আয়রন ডোম:** ইসরায়েলের তৈরি আকাশ প্রতিরক্ষাব্যবস্থা।
- ওয়াশিংটনে নিযুক্ত দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রদূত ইব্রাহিম রাসুলকে বহিষ্কার করে যুক্তরাষ্ট্র।
- ডোনাল্ড ট্রাম্প গালফ অব মেক্সিকোর আমেরিকান অংশের নামকরণ করেন 'গালফ অব আমেরিকা'। উপসাগরটির লাগোয়া যুক্তরাষ্ট্রের রাজ্য ৫টি (টেক্সাস, লুইজিয়ানা, মিসিসিপি, আলবামা, ফ্লোরিডা)। আলাস্কায় অবস্থিত উত্তর আমেরিকার সর্বোচ্চ শৃঙ্গ 'মাউন্ট ডেনালি'র নাম পরিবর্তন করে "মাউন্ট ম্যাকিনলে" নামকরণ করেন।
- যুক্তরাষ্ট্রের জাতীয় পাখির স্বীকৃতি পায় সাদা মাথার বাল্ড ঈগল (২৪.১২.২৪)।
- জ্যানেট পেট্রো: যুক্তরাষ্ট্রের মহাকাশ সংস্থা নাসার প্রথম নারী প্রশাসক।
- গোল্ড কার্ড: এই নামে নাগরিকত্ব বিক্রি করে আমেরিকা।
- মার্কিন প্রেসিডেন্ট জন এফ কেনেডি হত্যাকাণ্ডের ঘটনায় ৮০,০০০ পৃষ্ঠায় গোপন নথি প্রকাশ করে ট্রাম্প।
- No Kings Day: ডোনাল্ড ট্রাম্পের ২য় মেয়াদে বিতর্কিত নীতি ও পদক্ষেপের বিরুদ্ধে ১৪ জুন, ২০২৫ যুক্তরাষ্ট্রে এই প্রতিবাদী দিবস পালিত হয়। এটি No Dictators বা Tyrants protests নামেও পরিচিতি। ট্রাম্পবিরোধী বিক্ষোভের নাম: 50501

সিরিয়ায় (অ্যাশ-শাম) ১২ দিনের ঝড়ে ৫৩ বছরের (১৯৭১ – ২০২৪) ক্ষমতাসীন বাথ পার্টির শাসনের অবসান

সিরিয়ার ইদলিব নিয়ন্ত্রিত ইসলামপন্থী সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী হায়াত তাহরির আল-শাম/ Hayat Tahrir al-Sham (HTS)'র প্রধান আবু মোহাম্মদ আল-জোলানির নেতৃত্বে ২৭ নভেম্বর শুরু হওয়া অভিযানে ৮ ডিসেম্বর, ২০২৪ সিরিয়ার প্রেসিডেন্ট বাশার আল আসাদ সরকারের পতন হয়। বর্তমান অন্তর্বর্তী সরকারের –

- **প্রেসিডেন্ট:** আহমেদ হুসেইন আল-শারা (গেরিলা নাম: আবু মুহাম্মাদ আল-জোলানি); ২৯.০১.২০২৫ থেকে।
  - **প্রথম যে দেশ সফর করেন:** সৌদি আরব (২.২.২০২৫)। অস্থায়ী সংবিধানে স্বাক্ষর করেন ১৩ মার্চ, ২০২৫।

❖ **সিরিয়ান বাথ পার্টির শাসনামল (১৯৭১ – ২০২৪):**

১	হাফিজ আল আসাদ (পিতা) ২২ ফেব্রুয়ারি ১৯৭১ – ১০ জুন ২০০০	২	বাশার আল আসাদ (২য় ছেলে) ১৭ জুলাই ২০০০ – ৮ ডিসেম্বর ২০২৪	বাশার আল আসাদ পদত্যাগ করে রাশিয়ায় আশ্রয় লাভ করে।

- ❖ **ধর্মীয় সংখ্যালঘু সরকার:** সিরিয়ায় বসবাসরত মুসলিম জনগোষ্ঠী (৯৪.১৭%) (সুন্নী ৭৯.১৯%, শিয়া ১৪.১০%)। সিরিয়ান বাথ পার্টি অর্থাৎ বাশার আল আসাদের পরিবার শিয়া মুসলিম। অর্থাৎ সিরিয়ায় ধর্মীয় সংখ্যালঘু সরকার হিসেবে ক্ষমতায় আসীন ছিলেন।
- ❖ বাথ পার্টিকে বিলুপ্ত ঘোষণা করা হয় ২৯ জানুয়ারি, ২০২৫।
- ❖ **বাসার বিরোধী Syrian civil war'র সময়কাল:** ১৫ মার্চ, ২০১১ – ০৮ ডিসেম্বর, ২০২৪ (১৩ বছর ২৭৯ দিন)।
- ❖ **বৃহত্তম ৩টি শহর:** ১. দামেস্ক, ২. আলেপ্পো, ৩. হোমস। **পালমিরা শহর** – সভ্যতার সুতিকাগার; **মেয়াদিন** – তালগাছের শহর।
- ❖ বিদ্রোহ দমনে আন্তর্জাতিকভাবে রাশিয়া ও ইরান বাসার আল আসাদকে সরাসরি সহযোগিতা করে। রাশিয়া সিরিয়ায় আসাদের পক্ষে সরাসরি সামরিক হস্তক্ষেপ করে: ২০১৫ সালে। বিদ্রোহীদের সহযোগিতা করে তুরস্ক।
- ❖ **সিরিয়ায় রাশিয়ার বিমানঘাঁটিসমূহ:** হামাইমিম বিমানঘাঁটি (লাতাকিয়া), তিয়াস বিমানঘাঁটি (হোমস)।
- ❖ **সাদাল্লাহ আল-জাবিরি স্কয়ার (আলেপ্পো):** ৮ ডিসেম্বর, ২০২৪ সরকারি বাহিনী আলেপ্পো থেকে বিতাড়িত হলে হাজারো মানুষ এই স্কয়ারে জড়ো হয়ে বিজয় উদযাপন করে। স্কয়ারটি বিদ্রোহী শক্তির উত্থান, জনতার আশা ও স্বাধীনতার আকাঙ্ক্ষার প্রতীক।
- ❖ **সেদনায়া কারাগার (দামেস্ক):**"মানব কসাইখানা" নামে পরিচিত, সিরিয়ার গৃহযুদ্ধকালীন সময়কার মানবাধিকার লঙ্ঘনের প্রতীক।
- ❖ সিরিয়ার বর্তমান জাতীয় প্রতীক: সোনালি ঈগল।
- ❖ সিরিয়ার গৃহযুদ্ধের কারণে ২০১৫ সাল থেকে ইউরোপজুড়ে অভিবাসী সংকট সৃষ্টি হয়। বর্তমানে বিশ্বে সবচেয়ে বেশি শরণার্থী আগমন হয় ভেনিজুয়েলা থেকে এবং সবচেয়ে বেশি শরণার্থী গ্রহণে শীর্ষ দেশ ইরান।
- ❖ **সীমান্তবর্তী রাষ্ট্র:** ৫টি (তুরস্ক,ইরাক,জর্ডান,ইসরায়েল,লেবানন) এবং পশ্চিমে ভূমধ্যসাগর। সিরিয়া ও লেবানন ফ্রান্সের উপনিবেশ।
  - ☑ **দক্ষিণ-পশ্চিমে:** লেবানন, **পশ্চিমে:** ভূমধ্যসাগর, **উত্তরে:** তুরস্ক, **পূর্বে:** ইরাক, **দক্ষিণে:** জর্ডান এবং **দক্ষিণ পশ্চিমে:** ইসরায়েল।

রাশিয়া–ইউক্রেন যুদ্ধ (২৪ ফেব্রুয়ারি, ২০২২ – চলমান)

ইউক্রেন হামলা	রাশিয়া ইউক্রেন হামলা করে ২৪ ফেব্রুয়ারি, ২০২২।
ইউক্রেনের চার এলাকা অন্তর্ভুক্তি	রাশিয়া ইউক্রেনের ৪টি অঞ্চলকে (লুহানস্ক, দোনিয়েৎস্ক, জাপোরিঝিয়া এবং খেরসন) অন্তর্ভুক্ত করে ০৫ অক্টোবর, ২০২২। রাশিয়া ক্রিমিয়াকে অন্তর্ভুক্ত করে ১৮ মার্চ, ২০১৪।
বর্হির্বিশ্বের সমর্থন	**রাশিয়ার পক্ষে:** চীন, বেলারুশ, উত্তর কোরিয়া, ইরান। **ইউক্রেনের পক্ষে:** যুক্তরাষ্ট্র নেতৃত্বাধীন পশ্চিমা বিশ্ব ও ইউরোপীয় ইউনিয়ন।
চীনের প্রস্তাব	২৪ ফেব্রুয়ারি, ২০২৩ যুদ্ধ বন্ধে চীন ১২ দফা শান্তি প্রস্তাব পেশ করে।
যুদ্ধ বন্ধে পুতিনের ৩ শর্ত	ইউক্রেন যুদ্ধ বন্ধ করতে প্রথমবারের মতো ভ্লাদিমির পুতিন ৩টি শর্ত দেয় ১৪ জুন, ২০২৪।
যুদ্ধবিরতি প্রস্তাব [যুক্তরাষ্ট্র-রাশিয়া বৈঠক]	১৭ ফেব্রুয়ারি, ২০২৫ সৌদি আরবের রিয়াদে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও ও রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই লাভরভ রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বন্ধে প্রথমবারের মতো বৈঠকে বসেন। বৈঠকে রাশিয়া-যুক্তরাষ্ট্র ৩টি বিষয়ে সম্মত হয়েছে।
সামরিক সহায়তা বন্ধ	ইউক্রেনকে সকল ধরনের সামরিক সহায়তা বন্ধ করে দেয় যুক্তরাষ্ট্র (৩ মার্চ, ২০২৫)।
যুদ্ধবিরতি প্রস্তাব [যুক্তরাষ্ট্র-ইউক্রেন বৈঠক]	রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বন্ধে সৌদিআরবের জেদ্দায় ইউক্রেনীয় প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি ও মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বৈঠকে বসেন ১১ মার্চ, ২০২৫। রাশিয়ার সঙ্গে ৩০ দিনের যুদ্ধবিরতিতে সম্মত হয় ইউক্রেন ফলে পুনরায় সামরিক সহায়তা দিতে রাজি হয় যুক্তরাষ্ট্র।
পুতিন ও ট্রাম্পের ফোনালাপ	ডোনাল্ড ট্রাম্প ও ভ্লাদিমির পুতিন যুদ্ধ বন্ধে ফোনালাপ করেন ১৮ মার্চ, ২০২৫। পুতিন যুদ্ধবিরতি প্রস্তাব প্রত্যাখান করেন; শুধু ইউক্রেনের জ্বালানি অবকাঠামোয় হামলা বন্ধ করতে সম্মত হন।
রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শান্তি আলোচনা	রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শুরুর তিন বছর পর প্রথমবারের মতো শান্তি আলোচনায় বসেন ২ দেশের প্রতিনিধিরা (স্থান: দোলমাবাচে প্রাসাদ, ইস্তাম্বুল, তুরস্ক)। সভাপতিত্ব: তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান। ১ম দফা বৈঠক: ১৬ মে, ২০২৫। ২য় দফা বৈঠক: ২ জুন, ২০২৫।
অপারেশন স্পাইডারওয়েব	ইউক্রেন কর্তৃক রাশিয়ায় ভয়াবহ ড্রোন হামলা (১ জুন, ২০২৫)।
ট্রাম্প-পুতিন বৈঠক	ইউক্রেন যুদ্ধ অবসানের পথ খুঁজতে ১৫ আগস্ট, ২০২৫ যুক্তরাষ্ট্রের আলাস্কার অ্যানচোরেজে অবস্থিত Joint Base Elmendorf–Richardson সামরিক ঘাঁটিতে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠক করেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ** রাশিয়ার প্রস্তাবের ভিত্তিতে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী উইলিয়াম সিওয়ার্ড ৭২ লাখ ডলারে আলাস্কা কিনে নেয় (৩০ মার্চ,১৮৬৭) ১৯৫৯ সালে আনুষ্ঠানিকভাবে আলাস্কা যুক্তরাষ্ট্রের অঙ্গরাজ্য হিসেবে অন্তর্ভুক্ত হয়।

Ukraine–United States Mineral Resources Agreement: ইউক্রেনের জ্বালানি ও খনিজ সম্পদকে যৌথভাবে কাজে লাগাতে ওয়াশিংটনে যুক্তরাষ্ট্র ও ইউক্রেনের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয় ৩০ এপ্রিল, ২০২৫। রাশিয়ার সাথে যুদ্ধের কারণে ইউক্রেনের ক্ষতিগ্রস্ত অর্থনীতিকে পুনরুজ্জীবিত করতে চুক্তির আওতায় যুক্তরাষ্ট্র ও ইউক্রেন পুনর্গঠন বিনিয়োগ তহবিল গঠন করবে। নবায়নযোগ্য জ্বালানি, প্রতিরক্ষা খাত ও ভারী শিল্প অবকাঠামোর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ গ্রাফাইট, টাইটানিয়াম ও লিথিয়ামের মতো বিরল খনিজ পদার্থের (১৭টি ধাতুর একটি সমষ্টি) বিশাল মজুদ রয়েছে ইউক্রেনে। পুরো বিশ্বে যে পরিমাণ এসব পদার্থ আছে, তার একটি বড় অংশই ইউক্রেনে আছে। বর্তমান বিশ্বের প্রায় ৯০% বিরল খনিজ পদার্থ রয়েছে চীনের দখলে।

দেশভিত্তিক সাম্প্রতিক ঘটনাবলি

এশিয়া মহাদেশ –

দক্ষিণ কোরিয়া	▪ ৩ ডিসেম্বর, ২০২৪ উত্তর কোরিয়ার কমিউনিস্ট বাহিনীর হুমকি থেকে সুরক্ষা দিতে দাবী করে প্রেসিডেন্ট ইউন সুক-ইওল দক্ষিণ কোরিয়ায় সামরিক আইন জারি করে; বিক্ষোভের মুখে পুনরায় সামরিক আইন প্রত্যাহার করে। সামরিক আইন জারির জেরে ১৪ ডিসেম্বর ইউন পার্লামেন্টে অভিশংসিত ও প্রেসিডেন্টের দায়িত্ব থেকে সাময়িক বরখাস্ত হন। ৩১ ডিসেম্বর আদালত গ্রেপ্তারি পরোয়ানা জারি করে। ১৫ জানুয়ারি, ২০২৫ দুর্নীতি বিরোধী কর্তৃপক্ষ তাঁকে গ্রেফতার করে (দায়িত্বরত প্রথম প্রেসিডেন্ট হিসেবে)। ৮ মার্চ মুক্তি লাভ করেন। ▪ ১০ জুলাই, ২৫: পুনরায় গ্রেফতার হন।
চীন	▪ বাংলাদেশ ও চীনের মধ্যকার কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর পূর্তি (৩১ আগস্ট, ২০২৫)। ▪ থ্রি জর্জেস বাঁধ: তিব্বতে অবস্থিত বিশ্বের বৃহত্তম জলবিদ্যুৎ প্রকল্প। ▪ বিশ্বের প্রথম বৃহত্তর উভচর বিমান AG600 তৈরি করে চীন। ▪ বিশ্বের বিভিন্ন দেশের সংঘাত নিরসনে 'আন্তর্জাতিক মধ্যস্থতা সংস্থা (IOMed)' নামে বৈশ্বিক সংস্থা গঠন করে ▪ সিল্ক রোড:এশিয়া, ইউরোপ ও আফ্রিকার মধ্যে ব্যবসা-বাণিজ্য প্রসার ও যোগাযোগ বাড়াতে ২০১৩ সালে গৃহীত চীনের বিশেষ কৌশলগত উদ্যোগ। সম্প্রতি চীন-পাকিস্তানের সঙ্গে সিল্ক রোড উদ্যোগে যুক্ত হতে চায় ইরান।
মিয়ানমার	▪ মিয়ানমার থেকে আসা রোহিঙ্গা জনগোষ্ঠীকে বাংলাদেশে সরকারিভাবে 'বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমারের নাগরিক (Forcibly Displaced Myanmar Nationals) নামে পরিচিত। রোহিঙ্গাদের বিরুদ্ধে 'গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের অভিযোগে মিয়ানমারের জান্তা প্রধান মিন অং হ্লাইং ও অং সান সুচির বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করে আর্জেন্টিনার আদালত। জাতিসংঘের মিয়ানমার বিষয়ক দূত: জুলি বিশপ। ▪ মিয়ানমারের জান্তা সরকার ২০২১ সাল থেকে চলমান জরুরি অবস্থা প্রত্যাহারের ঘোষণা দেয় ৩১ জুলাই, ২৫।
জাপান	▪ ২৪ জুন, ২০২৫ জাপান প্রথমবারের মতো হোক্কাইডো দ্বীপ থেকে জাহাজবিধ্বংসী ক্ষেপণাস্ত্র টাইপ-৮৮' পরীক্ষা চালায়।
শ্রীলঙ্কা	▪ Land Bank চালু করে (উদ্দেশ্য: পর্যটন খাতে বিনিয়োগ বৃদ্ধি)।
পাকিস্তান	▪ দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় বেলুচিস্তানের স্বাধীনতাকামী গোষ্ঠী 'বেলুচ লিবারেশন আর্মি-BLA' বেলুচিস্তানের রাজধানী কোয়েটা থেকে উত্তরের পেশোয়ারগামী জাফর এক্সপ্রেসটি গুড়ালার ও পিরু কুন্দি পাহাড়ি এলাকায় ছিনতাই করে ১১ মার্চ, ২০২৫। বেলুচ জাতীয়তাবাদ আন্দোলনে বিশ্বাসী BLA বেলুচ জনগণের জন্য অধিক স্বায়ত্তশাসন এবং অনেক ক্ষেত্রে পূর্ণ স্বাধীনতা চায়। বেলুচিস্তান কালাতে স্টেট নামে পরিচিত। ▪ সিন্ধু নদের পাঞ্জাব অংশের অববাহিকায় ৮০০ বিলিয়ন ডলারের স্বর্ণের খনি (২৮ লাখ ভরি) আবিষ্কৃত হয়।
ভারত	▪ ২০২৯ সাল থেকে 'এক দেশ এক নির্বাচন' পদ্ধতি চালু করতে চায় ভারত। ▪ ভারতের সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী। নতুন পামবান সেতু: ভারতের প্রথম উল্লম্ব রেল সেতু। ▪ ১৮ বছরের কম বয়সিদের জন্য সামাজিক মাধ্যম নিয়ন্ত্রণ করবে সরকার।
আফগানিস্তান	▪ রেডিও বেগম: নারীদের সম্প্রচার মাধ্যম। ▪ বিশ্বের প্রথম দেশ হিসেবে আফগানিস্তানের তালেবান সরকারকে স্বীকৃতি দেয় রাশিয়া (০৩ জুলাই, ২০২৫)।
সিঙ্গাপুর	▪ ফোর্বসের প্রতিবেদন অনুযায়ী, বিশ্বের সবচেয়ে নিরাপদ শহর – সিঙ্গাপুর সিটি।

ইরান	▪ ইরানকে 'গুরুত্বপূর্ণ অংশীদারের' মর্যাদা দিয়েছে রাশিয়া (৯ সেপ্টেম্বর, ২০২৪। ▪ রাশিয়া ও ইরানের মধ্যে ২০ বছরের কৌশলগত প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষরিত হয় ১৭ জানুয়ারি, ২০২৫। ▪ **Zagros:** ইরানের প্রথম গোয়েন্দা জাহাজ। ▪ মোহাজের-৬ ও আবাবিল-৫: ইরানের তৈরি কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক (AI) ক্ষেপণাস্ত্র।
ফিলিপাইন	▪ সাবেক প্রেসিডেন্ট রদ্রিগো দুতের্তের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারী করে আন্তর্জাতিক অপরাধ আদালত। ফলে ফিলিপাইনের পুলিশ তাকে গ্রেপ্তার করে ১১ মার্চ, ২০২৫।
তুরস্ক	▪ তুরস্কের সঙ্গে কুর্দিস্তান ওয়ার্কার্স পার্টি (পিকেকে) যুদ্ধবিরতি ঘোষণা করে ২৭ ফেব্রুয়ারি, ২০২৫। ▪ কুর্দিস্তান ওয়ার্কার্স পার্টি আনুষ্ঠানিকভাবে বিলুপ্তি ঘোষণা করা হয় ১২ মে, ২০২৫। ▪ শব্দের চেয়ে দ্রুতগতির চালকবিহীন যুদ্ধযান 'বায়রাক্তার কিজিলেলমা' তৈরি করে। ▪ Typhoon Block-4: তুরস্কের তৈরি প্রথম হাইপারসনিক ক্ষেপণাস্ত্র।
ফিলিস্তিন	▪ জাতিসংঘের পূর্ণ সদস্য না হয়েও সাধারণ পরিষদে আসন পায় (১০ সেপ্টেম্বর, ২০২৪)। ▪ ফিলিস্তিনের সঙ্গে মুক্ত বাণিজ্যের ঘোষণা দেয় ব্রাজিল।
ইসরায়েল	▪ **মোসাদ:** জাতীয় গোয়েন্দা সংস্থা। **শিন বেত/শাবাক:** অভ্যন্তরীণ নিরাপত্তা বিষয়ক গোয়েন্দা সংস্থা। **আমান:** সামরিক গোয়েন্দা সংস্থা। **ইউনিট ৮২০০:** বৃহত্তম সামরিক গোয়েন্দা ইউনিট। ▪ আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি) ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু এবং ইসরায়েলি সাবেক প্রতিরক্ষামন্ত্রী ইয়োভ গ্যালান্টের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করে ২১ নভেম্বর, ২০২৪। ▪ ইসরায়েলের উত্তরাঞ্চলীয় শহর হাইফা: প্রধান গভীর সমুদ্রবন্দর ও নৌঘাঁটি; ভূমধ্যসাগরের তীরে অবস্থিত।
আরব আমিরাত	▪ দুবাইয়ে রেলবাস সেবা চালু হয়।
সৌদি আরব	▪ পবিত্র কোরআন জাদুঘর অবস্থিত মক্কা, সৌদি আরব। ▪ বিশ্বের দীর্ঘতম চালকবিহীন মেট্রো চালু হয়েছে – রিয়াদ, সৌদি আরব।
ভিয়েতনাম	▪ ২ সন্তান নীতি বাতিল করে।

ইউরোপ মহাদেশ –

সুইজারল্যান্ড	▪ জলবায়ুবান্ধব অ্যাপার্টমেন্ট চালু করে। ▪ শিশুদের জন্য ম্যালেরিয়ার প্রথম ওষুধ 'কোআরটেম বেবি' বা 'রিয়ামেট বেবি': শিশুদের ম্যালেরিয়া চিকিৎসায় ব্যবহারযোগ্য ওষুধটি সুইজারল্যান্ডভিত্তিক অলাভজনক সংস্থা মেডিসিনস ফর ম্যালেরিয়া ভেঞ্চার (MMV)-এর সহযোগিতায় উন্নয়ন করে নোভার্টিস; সুইজারল্যান্ড অনুমোদন দেয় ৮ জুলাই, ২০২৫। ▪ বিশ্বে প্রথমবারের মতো ম্যালেরিয়ার গণটিকা দেয় ক্যামেরুন (৬ মাস বয়সী শিশুদের, ৪ ডোজের টিকা)। ব্রিটিশ ওষুধ প্রস্তুতকারক প্রতিষ্ঠান জিএসকে আরটিএস'এস টিকা তৈরি করে।
রাশিয়া	▪ ৩ বাল্টিক রাষ্ট্র (এস্তোনিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া) রাশিয়ার বিদ্যুতের গ্রিড থেকে বিচ্ছিন্ন হয়ে যায়। ▪ রাশিয়ায় চালুকৃত ডিজিটাল বার্তা প্রেরণ অ্যাপ: ম্যাক্স ▪ রাশিয়ার তৈরি মিগ-২১ যুদ্ধবিমান ব্যবহার বন্ধ করার ঘোষণা দেয় ভারত।
যুক্তরাজ্য	▪ ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিতে আগ্রহ প্রকাশ করে যুক্তরাজ্য। ▪ যুক্তরাজ্য ও ভারতের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি হয় ০৬ মে, ২০২৫। ব্রেক্সিট বা ইউরোপীয় ইউনিয়ন ছেড়ে আসার পর এটাই যুক্তরাজ্যের সবচেয়ে বড় বাণিজ্যচুক্তি।
রাশিয়া	▪ ক্রিপ্টোকারেন্সি মাইনিংকে বৈধতা দেয় রাশিয়া। ▪ কারাবান্দী অবস্থায় বিরোধী নেতা অ্যালেক্সি নাভালনি সাডেন ডেথ সিনড্রোমে মারা যান ১৬ ফেব্রু, ২০২৪।
সুইডেন	▪ বিশ্বের প্রথম দেশ হিসেবে কৃত্রিম বুদ্ধিমত্তা চালিত যুদ্ধবিমানের সফল পরীক্ষা চালায়।
ফিনল্যান্ড	▪ বিশ্বের প্রথম দেশ হিসেবে মানবদেহে বার্ড ফ্লু (H5N1) টিকা দেয় – ফিনল্যান্ড।

আর্মেনিয়া	▪ সর্বপ্রথম খ্রিষ্টধর্মকে রাষ্ট্রীয় ধর্ম হিসেবে স্বীকৃতি দেয় – আর্মেনিয়া।
স্পেন	▪ দীর্ঘ ১২ বছর পর স্পেন গোল্ডেন ভিসা কর্মসূচি বন্ধ ঘোষণা করে ৩ এপ্রিল, ২০২৫।
ফ্রান্স	▪ সমুদ্র সৈকত, পার্ক ও শিক্ষা প্রতিষ্ঠানে ধূমপান নিষিদ্ধ করে।
ইতালি	▪ ইতালির দক্ষিণাঞ্চলে ইউরোপের অন্যতম সক্রিয় মাউন্ট এটনা আগ্নেয়গিরিতে অগ্ন্যুৎপাত হয় ২ জুন, ২০২৫।

উত্তর ও দক্ষিণ আমেরিকা মহাদেশ –

মেক্সিকো	▪ প্রথম বার্ড ফ্লু (এইচ ৫ এন ১ এভিয়ান ইনফ্লুয়েঞ্জা) আক্রান্ত মানব রোগী শনাক্ত হয় ৪ এপ্রিল, ২০২৫। ▪ জনগণের প্রত্যক্ষ ভোটে বিচারপতি নির্বাচন অনুষ্ঠিত হয়।
কানাডা	▪ কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো পদত্যাগ করলে লিবারেল পার্টির নতুন নেতা নির্বাচিত হন মার্ক কার্নি (৯ মার্চ, ২০২৫)। তিনি কানাডার ২৪তম প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন ১৪ মার্চ, ২০২৫।
যুক্তরাষ্ট্র	▪ USAID এর কার্যক্রম আনুষ্ঠানিকভাবে বন্ধ ঘোষণা করে ১ জুলাই, ২০২৫।
পানামা	▪ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প পানামা খালের ওপর চীনের প্রভাব ও নিয়ন্ত্রণ মোকাবেলায় পানামাকে হুশিয়ার দেয়। যুক্তরাষ্ট্রের চাপে পানামা চীনের 'ওয়ান বেল্ট ওয়ান রোড' প্রকল্প থেকে নাম প্রত্যাহার করে।
কলম্বিয়া	▪ আমেরিকা মহাদেশের প্রথম দেশ হিসেবে ফিলিস্তিনে রাষ্ট্রদূত নিয়োগ দেয়।

ওশেনিয়া মহাদেশ –

নিউজিল্যান্ড	▪ নিউজিল্যান্ডে বর্ণবাদের কারণে সংঘটিত নির্যাতনের শিকার মানুষের অধিকাংশই মাওরি জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত। ▪ মানুষ হিসেবে স্বীকৃতি পায় নিউজিল্যান্ডের তারানাকি পর্বত অর্থাৎ প্রকৃতিকে আইনিভাবে ব্যক্তি হিসেবে স্বীকৃতি দিয়েছে নিউজিল্যান্ড। তারানাকি মাউঙ্গার মানুষ সত্তা: 'তে কাহুই তুপুয়া'
অস্ট্রেলিয়া	▪ ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিবে অস্ট্রেলিয়া। ▪ দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর জাপান সবচেয়ে বড় প্রতিরক্ষা-সংক্রান্ত রপ্তানি চুক্তি করে অস্ট্রেলিয়ার সাথে। চুক্তির আওতায় অস্ট্রেলিয়া জাপানের মিতসুবিশি হেভি ইন্ডাস্ট্রিজ থেকে মোগামি ক্লাসের ১১টি 'স্টেলথ' যুদ্ধজাহাজ কিনবে। ▪ বিশ্বে প্রথম জলবায়ু ভিসা চালু করে অস্ট্রেলিয়া। ১ম দফায় টুভালুর জনগণই এ ভিসার জন্য আবেদন করতে পারে।

আফ্রিকা মহাদেশ –

বতসোয়ানা	▪ বিশ্বের দ্বিতীয় বৃহত্তম হীরার সন্ধান পাওয়া যায়।
চাদ	▪ ১ জুন, ২০২৫ কলোরাডোতে ইহুদিদের র‍্যালিতে পেট্রলবোমা নিক্ষেপের ঘটনায় চাদসহ ১২টি (আফগানিস্তান, মিয়ানমার, চাদ, কঙ্গো প্রজাতন্ত্র, ইকুয়েটোরিয়াল গিনি, ইরিত্রিয়া, হাইতি, ইরান, লিবিয়া, সোমালিয়া, সুদান ও ইয়েমেন) দেশের নাগরিকদের ওপর ৪ জুন ভ্রমণ নিষেধাজ্ঞা আরোপ করে যুক্তরাষ্ট্র। এর প্রেক্ষিতে পাল্টা পদক্ষেপ হিসেবে ৫ জুন যুক্তরাষ্ট্রের নাগরিকদের ভিসা দেওয়া স্থগিত করে মধ্য আফ্রিকার স্থলবেষ্টিত দেশ চাদ।
ইথিওপিয়া	▪ Grand Ethiopian Renaissance Dam নীলনদের উপর নির্মাণ করা হয়েছে।
মিশর	▪ সম্প্রতি মিশরকে WHO ম্যালেরিয়া মুক্ত ঘোষণা করে।
বিবিধ	▪ ইউরোপীয় ইউনিয়নের শ্রমবাজারের বিশাল ঘাটতি পূরণে জোটের বাইরের দেশগুলো থেকে চাকরিপ্রার্থীদের নিয়োগে তৈরি করা হচ্ছে অনলাইন প্ল্যাটফর্ম-'ইউরোপিয়ান ইউনিয়ন ট্যালেন্ট পুল' – ২০ মার্চ, ২০২৫। ▪ ইউরোপীয় ইউনিয়ন একমাত্র মুসলিম দেশ হিসেবে সৌদি আরবকে ভিসামুক্ত প্রবেশাধিকার সুবিধা দিচ্ছে। ▪ মালি – সকল রাজনৈতিক দলকে নিষিদ্ধ ঘোষণা করে।

সাম্প্রতিক সময়ে বিশ্বের আলোচিত ইস্যু

পোপ লিও চতুর্দশ	২৬৭তম নির্বাচিত পোপ – কার্ডিনাল রবার্ট প্রেভোস্ট (মার্কিন)। তিনি পোপ লিও চতুর্দশ নামে পরিচিত। রোমান ক্যাথলিক চার্চের ইতিহাসে প্রথম মার্কিন নাগরিক হিসেবে পোপ নির্বাচিত হয়েছেন।
৭.৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্প	২৮ মার্চ, ২০২৫ মিয়ানমারের উত্তর-পশ্চিমের শহর সাগাইং অঞ্চল থেকে ১৬ কিলোমিটার দূরে (m ৭.৭ মাত্রার); সাবেক রাজধানী মান্দালয়ের কাছাকাছি ভূমিকম্প আঘাত হানে। দ্বিতীয় কম্পনটি অনুভূত হয় ৬.৪ মাত্রার। থাইল্যান্ডে আঘাত হানে। ৭.৭ মাত্রার ভূমিকম্পটি সাগাইং চ্যুতিরেখা বরাবর সংঘটিত হয়।

এয়ার ইন্ডিয়ার AI171 ফ্লাইট বিধ্বস্ত	১২ জুন, ২০২৫ ভারতের গুজরাট রাজ্যের রাজধানী আহমেদাবাদের সরদার বল্লভভাই প্যাটেল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে লন্ডনের গ্যাটউইক বিমানবন্দরের উদ্দেশ্যে উড্ডয়নকারী এয়ার ইন্ডিয়ার AI171 ফ্লাইটটি আহমেদাবাদের মেঘানি নগরে B. J. Medical College (BJMC)'র চিকিৎসকদের আবাসন ভবনে বিধ্বস্ত হয় (বোয়িং কোম্পানির তৈরি ড্রিমলাইনার ৭৮৭-৮ মডেলের বিমান)। বিমানটিতে ২৪২ জন (১৬৯ জন ভারতীয়, ৫৩ জন ব্রিটিশ, ৭ জন পর্তুগিজ ও ১ জন কানাডীয় এবং ১২ জন ক্রু সদস্য) আরোহী ছিলেন। মৃত্যুবরণ করেন ২৪১ জন [বেঁচে যাওয়া যাত্রী: ভারতীয় বংশোদ্ভূত ব্রিটিশ নাগরিক বিশ্বাস কুমার রমেশ (১১এ নম্বর আসনের যাত্রী)]। [উড়োজাহাজ বা জাহাজ বিপদে পড়লে May Day তিনবার রেডিওর মাধ্যমে উচ্চারণ করে জরুরি সাহায্য চাওয়া হয়]
GIUK Gap	গ্রিনল্যান্ড-আইসল্যান্ড-যুক্তরাজ্য (GIUK) গ্যাপটি উত্তর আটলান্টিক মহাসাগরের নৌ কৌশলগত সংকীর্ণ পথ। পথটি নরওয়েজিয়ান সাগর ও উত্তর সাগরকে আটলান্টিক মহাসাগর থেকে পৃথক করেছে।
বুচ উইলমোর ও সুনিতা উইলিয়ামস	৫ জুন, ২০২৪ নাসার ২ নভোচর সুনিতা উইলিয়ামস (ভারতীয়-মার্কিন) ও বুচ উইলমোর (মার্কিন) নাসার 'স্পেসএক্স ক্রু-৯ ফ্লাইটে' বোয়িং কোম্পানির তৈরি মহাকাশযান স্টারলাইনারের প্রথম মনুষ্যবাহী মিশন "বোয়িং ক্রু ফ্লাইট টেস্ট"-এ যান কিন্তু মহাকাশযানটির প্রযুক্তিগত সমস্যার কারণে ৮ দিনের মিশনের পরিবর্তে ২৮৬ দিন মহাকাশ স্টেশনে অবস্থান করেন। পরবর্তীতে নাসার 'স্পেসএক্স ক্রু-১০ ফ্লাইটে' স্পেসএক্স'র ড্রাগন মহাকাশযানের মাধ্যমে নাসার নভোচারী নিক হেগ এবং রোসকসমসের আলেকজান্ডার গরবুনভ এর সহযোগিতায় পৃথিবীতে প্রত্যাবর্তন করেন ১৮ মার্চ, ২০২৫ (ফ্লোরিডার টালাহাসি উপকূল,মেক্সিকো উপসাগর)। মহাকাশে দীর্ঘ অবস্থানকালে উইলিয়ামস এবং উইলমোর শূন্য মাধ্যাকর্ষণে মানবদেহের প্রভাব, উদ্ভিদ গবেষণা এবং প্রযুক্তিগত পরীক্ষা চালান। ** রোসকসমস: রাশিয়ান মহাকাশ সংস্থা। ** ভয়েজার: নাসার মহাকাশযানটি সৌরজগতের রহস্য অন্বেষণ করে।
দাবানল	হলিউড শহর খ্যাত যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার লস অ্যাঞ্জেলস দাবানল ছড়িয়ে পড়ে ৭ জানুয়ারি, ২০২৫। ভয়াবহ দাবানলের জন্য দায়ী: সান্তা নামক বাতাস (বাতাসের আর্দ্রতা কমিয়ে ফেলে) এবং অনাবৃষ্টি।
প্রস্তাবিত রাজধানী	মিসর – New Administrative Capital (NAC), ইন্দোনেশিয়া – নুসান্তারা। ইরানের নতুন রাজধানী হবে দক্ষিণাঞ্চলীয় সিস্তান ও বেলুচিস্তান প্রদেশের ওমান উপসাগরীয় তীরবর্তী শহর মাক্রান অঞ্চলে।
Five Eyes	৫টি দেশের গোয়েন্দা সংস্থা জোট (অস্ট্রেলিয়া, কানাডা, নিউজিল্যান্ড, যুক্তরাজ্য এবং যুক্তরাষ্ট্র)।
PrEP	HIV বা AIDS এর নতুন ঔষধ 'Pre-Exposure Prophylaxis' PrEP
A23a	বিশ্বের বৃহত্তম আইসবার্গ (হিমশৈল)।
চাবাহার বন্দর	ওমান উপসাগরের হরমুজ প্রণালির প্রবেশমুখে ইরানের সিস্তান ও বেলুচিস্তান প্রদেশে অবস্থিত। ভারত প্রথমবারের মতো ১৩ মে, ২০২৪ ইরানের কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ চাবাহার বন্দরের শাহিদ বেহেশতি টার্মিনাল পরিচালনার জন্য ১০ বছরের চুক্তি স্বাক্ষর করে। চাবাহার বন্দরের মাধ্যমে ভারত আফগানিস্তান, মধ্য এশিয়া এবং ইরান হয়ে রাশিয়া পর্যন্ত জলপথে পণ্য পরিবহন করতে পারবে।
তাইওয়ানের সাথে সম্পর্ক ছিন্ন	সম্প্রতি তাইওয়ানের সাথে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে চীনের সঙ্গে কূটনৈতিক স্থাপন করে ২টি দেশ [১. হন্ডুরাস (২৬ মার্চ, ২০২৩) এবং ২. নাউরু (১৫ জানুয়ারি, ২০২৪)।

বিভিন্ন দেশের বর্তমান প্রধানমন্ত্রী-রাষ্ট্রপতি

দেশ	শাসিত	প্রেসিডেন্ট (P)	প্রধানমন্ত্রী (PM)
এশিয়া মহাদেশ			
বাংলাদেশ	PM	মো. সাহাবুদ্দিন (২২তম)	প্রধান উপদেষ্টা: ড. মুহাম্মদ ইউনূস
ভারত	PM	দ্রৌপদী মুর্মু [২য় নারী] প্রথম আদিবাসী মহিলা রাষ্ট্রপতি (সাঁওতাল সম্প্রদায়ের)	নরেন্দ্র মোদী [টানা ৩য় বার] [২০১৪-২০১৯-২০২৪]
পাকিস্তান	PM	আসিফ আলী জারদারি (১৪তম)	শাহবাজ শরীফ (২৪তম)
শ্রীলঙ্কা	P	অনূঢ়া কুমারা দিশানায়েকে	হরিনি অমরসুরিয়া (৩য় নারী)

দিশানায়েকের দল (জেভিপি) যে জোট থেকে নির্বাচন করে: ন্যাশনাল পিপলস পাওয়ার (এনপিপি)। মার্ক্সবাদী/বামপন্থী হিসেবে পরিচিত।

দেশ	শাসিত	প্রেসিডেন্ট (P)	প্রধানমন্ত্রী (PM)
মালদ্বীপ	P	মোহামেদ মুইজ্জো [দল: প্রোগ্রেসিভি পার্টি অব দ্য মালদ্বীপ (পিপিএম)]	
টানা ১৫ ঘন্টা সংবাদ সম্মেলন করে বিশ্ব রেকর্ড করেন: মোহামেদ মুইজ্জো।			
থাইল্যান্ড	PM	পেতংতার্ন সিনাওয়াত্রা (সর্বকনিষ্ঠ ও ২য় নারী প্রধানমন্ত্রী) নোট: সাময়িক বরখাস্ত হন ১ জুলাই, ২০২৫। ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রী: ফুমথাম ওয়েচাইয়াচাই	
মালয়েশিয়া	PM	----------	আনোয়ার ইব্রাহিম [১০ম]
ইসরায়েল	PM	বেনিয়ামিন নেতানিয়াহু [ইসরায়েলের ইতিহাসে বেশি সময় ধরে থাকা প্রধানমন্ত্রী; দল: লিকুদ পার্টি]	
ফিলিস্তিনি কর্তৃপক্ষ	P	মাহমুদ আব্বাস	মোহাম্মদ মুস্তাফা
ফিলিস্তিনি প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসের উত্তরসূরি – রাওহি ফাত্তৌহ।			
তুরস্ক	P	রিসেপ তাইয়েপ এরদোয়ান	----------
ইরান	P	ডা. মাসুদ পেজেশকিয়ান	সুপ্রীম লিডার – আলী খামেনেয়ী
সিরিয়া	P	আহমেদ আল শারা	মোহাম্মদ আল-বশির
ইয়েমেন	PM	----------	সালেম বিন বুরাইক
দক্ষিণ কোরিয়া	P	লি জ্যা মিয়ং	----------
চীন	P	শি চিন পিং	লি কিয়াং
তাঁর লেখা বই: The Government of China. চীনে প্রধানমন্ত্রী পদটি Premier Of China নামে পরিচিত।			
জাপান	PM	ইশিবা শিগেরু [রাজনৈতিক দল: লিবারেল ডেমোক্র্যাটিক পার্টি (এলডিপি)]	
তাইওয়ান	P	লাই চিং [ডেমোক্রেটিক প্রগ্রেসিভ পার্টি (ডিপিপি)]	----------
উত্তর, মধ্য এবং দক্ষিণ আমেরিকা মহাদেশ			
যুক্তরাষ্ট্র	P	ডোনাল্ড ট্রাম্প (৪৭তম); ভাইস প্রেসিডেন্ট: জে. ডি. (জেমস ডেভিড) ভ্যান্স	
কানাডা	PM	মার্ক কার্নি (২৪তম প্রধানমন্ত্রী)	
ব্রাজিল	P	লুইজ ইনাসিও লুলা দা সিলভা [বামপন্থী দল: ওয়ার্কাস পার্টি]	
ইউরোপ মহাদেশ			
দেশ	শাসিত	প্রেসিডেন্ট (P)	প্রধানমন্ত্রী (PM)
জার্মানি	চ্যান্সেলর	ফ্রিডরিখ ম্যার্ৎস [দল: ক্রিশ্চিয়ান ডেমোক্র্যাট পার্টি-CDU]	
ফ্রান্স	P	ইমানুয়েল ম্যাক্রো (সর্বকনিষ্ঠ)	ফ্রাঁসোয়া বায়রু
রাশিয়া	P	ভ্লাদিমির পুতিন (৫ম বারের মতো)	মিখাইল মিশুস্তিন
বেলারুশ	P	আলেকজান্ডার লুকাশেস্কো (৭ম বারের মতো)	----------
ইউক্রেন	P	ভলোদিমিয়ের জেলেনস্কি	ইউলিয়া সিভিরিদেঙ্কোর
যুক্তরাজ্য	PM	----------	-কিয়ার স্টারমারন [লিবারেল পার্টি]
ইতালি	PM	----------	জর্জিয়া মেলোনি **
লিচেনস্টাইন	PM	----------	ড্যানিয়েন রিশ (প্রথম নারী)
উত্তর-দক্ষিণ আমেরিকা মহাদেশ			
মেক্সিকো	P	ক্লদিয়া শেনবাউম (জলবায়ুবিজ্ঞানী) – [প্রথম নারী প্রেসিডেন্ট]	
সুরিনাম	P	জেনিফার সাইমনস – [প্রথম নারী প্রেসিডেন্ট]	
আর্জেন্টিনা	P	জাভিয়ের মিলেই (রাজনৈতিক দল: Freedom Advances)	
তিনি পেসো পরিবর্তে 'মার্কিন ডলার'কে স্থানীয় মুদ্রা হিসেবে ঘোষণা করেন ও কেন্দ্রীয় ব্যাংক বন্ধের ঘোষণা দেন।			

- ❑ **জর্জিয়া মেলোনি:** ইতালির সর্বকনিষ্ঠ ও প্রথম মহিলা প্রধানমন্ত্রী। ডানপন্থি জোটের (ফার-রাইট) নেত্রী। **দল:** Brothers of Italy.
- ❑ প্রথম দেশ হিসেবে নিউজিল্যান্ডের মন্ত্রিসভায় সমানসংখ্যক নারী ও পুরুষ সদস্য স্থান পেয়েছে (নারী – ১০, পুরুষ – ১০)।

বিভিন্ন দেশের বর্তমান রাজা

ডেনমার্ক	দশম ফ্রেডেরিক	যুক্তরাজ্য	তৃতীয় চার্লস (৪০তম)
ভুটান	জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক	মালয়েশিয়া	সুলতান ইব্রাহিম (১৭তম)

রাজা তৃতীয় চার্লস [যুক্তরাজ্যের বয়স্ক রাজা]: ব্রিটেনের বর্তমান ৪০তম রাজা তৃতীয় চার্লস (রানি দ্বিতীয় এলিজাবেথের বড় ছেলে)। সিংহাসনে আসীন: ৮ সেপ্টেম্বর, ২০২২। রাজ্য অভিষেক হয়: ৬ মে, ২০২৩। তিনি ১৫টি দেশের রাষ্ট্রপ্রধান ও কমনওয়েলথের প্রধান।

- ছাত্র আন্দোলন ও দুর্নীতিবিরোধী বিক্ষোভের মুখে পদত্যাগ করলেন সার্বিয়ার প্রধানমন্ত্রী মিলোস ভুচেভিচ। নভেম্বর, ২০২৪ সার্বিয়ার উত্তরাঞ্চলীয় শহর নোভিসাদে ট্রেন স্টেশনের ছাদ ধসে ১৫ জন নিহত হলে শুরু হয় বিক্ষোভ। একপর্যায়ে তা দুর্নীতিবিরোধী বিক্ষোভে রূপ নেয় এবং ছাত্ররা এ বিক্ষোভে বেশি যুক্ত হন।

একনজরে World Cream Hour

- Article 19: যুক্তরাজ্যভিত্তিক মানবাধিকার সংস্থা; MI6: যুক্তরাজ্যভিত্তিক বৈদেশিক গোয়েন্দা সংস্থা।
- Operation Black Forest: মাওবাদী গেরিলাদের বিরুদ্ধে ভারতের পরিচালিত অপারেশন (২১ এপ্রিল – ১৪ মে, ২০২৫)।
- প্রাকৃতিক সম্পদের অর্থমূল্য বিবেচনায় বিশ্বের শীর্ষ দেশ – রাশিয়া। Theft উপন্যাসের লেখক - আবদুল রাজাক গুরনাহ।
- No One Is Too Small To Make A Difference গ্রন্থটির লেখক: গ্রেটা থুনবার্গ।
- গাজায় গণহত্যা ইস্যুতে ইসরায়েলের সাথে বাণিজ্য আলোচনা স্থগিত করে যুক্তরাজ্য।
- Midnight Children এর রচয়িতা- সালমান রুশদি।
- যুক্তরাজ্যের লন্ডনভিত্তিক এমিনেস্টি ইন্টারন্যাশনাল রাশিয়াকে অবাঞ্ছিত ঘোষণা করে।

চিত্রকর্ম: Crude Oil (Vettriano)
চিত্রকর: Jack Vettriano (Scottish)

- BiVACOR-এর তৈরি কৃত্রিম হৃদযন্ত্র হল বিশ্বের প্রথম 'Implantable rotary blood pump'. কৃত্রিম হৃদযন্ত্রটি ম্যাগনেটিক লেভিটেশন প্রযুক্তির সাহায্যে কাজ করে। উদ্ভাবক ড. ড্যানিয়েল টিমস (কুইন্সল্যান্ড)।
- প্রথমবারের মতো ১৬ বছরের কম বয়সীদের জন্য সামাজিক যোগাযোগমাধ্যম নিষিদ্ধ করে আইন পাস করে – অস্ট্রেলিয়া।
- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন উত্তর কোরিয়ার সাথে রাশিয়ার কৌশলগত অংশীদারিত্ব চুক্তিকে আইন হিসেবে স্বাক্ষর করেন ০৯ নভেম্বর, ২০২৪। এই চুক্তিতে পারস্পরিক প্রতিরক্ষার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে।
- 'ওয়েটাঙ্গি চুক্তি' (Treaty of Waitangi) মাওরি আদিবাসী জনগোষ্ঠীর সঙ্গে সংশ্লিষ্ট।
- টাইম ম্যাগাজিনের The World Greatest Places Of 2025 এর তালিকায় বাংলাদেশি স্থাপনা: জেবুন নেসা মসজিদ, সাভার।
- বিশ্বের ধনী ব্যক্তি – ১. ইলন মাস্ক, ২. জেফ বেজোস, ৩. মার্ক জুকারবার্গ (সোর্স: ব্লুমবার্গ ২০২৫, ফোবর্স ২০২৫)।
- বিশ্বের প্রথম ব্যক্তি হিসেবে ৪০,০০০ কোটি বা ৪০০ বিলিয়ন মার্কিন ডলার সম্পদের মালিক হন ইলন মাস্ক (সোর্স – যুক্তরাষ্ট্রভিত্তিক অর্থ সাময়িকী ব্লুমবার্গ)। ফোর্বস সাময়িকী অনুযায়ী মাস্কের বর্তমান সম্পদের পরিমাণ ৩,৬৮০ কোটি ডলার।
- সুইস পার্লামেন্ট আন্তর্জাতিক সহযোগিতা বাজেট কাটছাঁট করায় ২০২৮ সাল থেকে বাংলাদেশ, আলবেনিয়া এবং জাম্বিয়াকে দেওয়া উন্নয়ন কর্মসূচিতে সহায়তা বন্ধ করে দিবে সুইজারল্যান্ড সরকার।
- OIC পর্যটন সিটি (City Of Tourism):

২০২৫ সালে: ডাকার, সেনেগাল	২০২৬ সালে: কায়রো, মিশর	২০২৭ সালে: লাহোর, পাকিস্তান

- ইসলামিক বিশ্বের সাংস্কৃতিক রাজধানী: সমরখন্দ, উজবেকিস্তান।
- World Book Capital 2025, UNESCO: রিও ডি জেনিরো, ব্রাজিল।
- জাতিসংঘ ঘোষিত 'বিশ্ব পর্যটন রাজধানী - ২০২৪': ব্যাংকক (থাইল্যান্ড)।
- ২০২৫ সালের ইউরোপের সবুজ রাজধানী – ভিলনিয়াস, লিথুয়ানিয়া (ইউরোপিয়ান কমিশন)।
- ২০২৫ সালে 'World Wealthiest City' নির্বাচিত হয় – নিউইয়র্ক যুক্তরাষ্ট্র।
- পৃথিবীর আকারের গ্রহের মধ্যে সবচেয়ে কাছের এবং সবচেয়ে কম বয়সী আবিষ্কৃত গ্রহ: এইচডি ৬৩৪৩৩ডি।
- দক্ষিণ আমেরিকার দেশ পেরুতে চীনা অর্থায়নে উত্তর প্রশান্ত মহাসাগরে চানকাই বন্দর চালু হয়।
- মিয়ানমারের সামরিক সরকারের প্রধান ২ মিত্র: চীন ও রাশিয়া। বিজ্ঞানীদের আবিষ্কৃত নতুন রং: ওলো।
- রুশ বিপ্লবের মহান নেতা ভ্লাদিমির ইলিচ উলিয়ানভ লেলিনের ১০০তম মৃত্যুবার্ষিকী পালিত হয় ২১ জানুয়ারি, ২০২৪।
- বিশ্বের সর্বশেষ অর্থাৎ ১৫০তম স্বাধীন প্রজাতান্ত্রিক রাষ্ট্র বার্বাডোজ।

❖ পশ্চিম আফ্রিকার দেশ বুরকিনা ফাসোতে বিবিসি আফ্রিকা ও মার্কিন অর্থায়নে পরিচালিত ভয়েস অব আমেরিকার (ভিওএ) রেডিও সম্প্রচার স্থগিত করে।

❖ বিশ্বের প্রথম কার্বন-নিরপেক্ষ শিশু' হিসেবে স্বীকৃতি পেয়েছে ভারতের তামিলনাড়ুর শিশু আদাভি (ডাকনাম: নোভা)। এশিয়া বুক অব রেকর্ডস থেকে এ স্বীকৃতি লাভ করে। কারণ সারা জীবনভর কার্বন নিঃসরণের ভারসাম্য সম্পূর্ণভাবে ঠিক রাখতে ছয় হাজার ফলজ গাছ রোপণ করেছেন আদাভির পিতা-মাতা।

❖ বর্ষসেরা শব্দ-২০২৪:

নাম	শব্দ	অর্থ	নাম	শব্দ	অর্থ
অক্সফোর্ড ডিকশনারি	Brain Rot	বুদ্ধিবৃত্তিক অবক্ষয়	ক্যামব্রিজ ডিকশনারি	Manifest	স্পষ্ট/প্রকাশ
কলিন্স ডিকশনারি	Brat	বাচ্চা	ডিকশনারি ডট কম	Demure	সংযম

❖ ১ জানুয়ারি, ২০২৫ থেকে ভিনদেশি পতাকা উত্তোলন নিষিদ্ধ করে ডেনমার্ক

অনুশীলনী [For More Practice! Just scan this QR Code...]

1. Global South এর অন্তর্ভুক্ত দেশ -
A. অস্ট্রেলিয়া B. সিঙ্গাপুর
C. যুক্তরাষ্ট্র D. ভারত (D)

2. আর্মেনিয়া-আজারবাইজানের মধ্যকার দীর্ঘদিনের সংঘাত নিরসনে উদ্যোগী ভূমিকা পালন করেন -
A. ড. মুহাম্মদ ইউনূস B. ডোনাল্ড ট্রাম্প
C. ভ্লাদিমির পুতিন D. সি চিন পিং (B)

3. 'কালাদান মাল্টিমোডাল ট্রানজিট পরিবহন প্রকল্প' ভারত ও মিয়ানমারের কোন দুটি প্রদেশকে যুক্ত করবে?
A. পশ্চিমবঙ্গ, সিত্তে B. ওড়িশা, কালাদান
C. চেন্নাই, সিত্তে D. অন্ধ্রপ্রদেশ, আরাকান (A)

4. বিশ্বের প্রথম কোন দেশ জলবায়ু ভিসা চালু করেছে?
A. মালদ্বীপ B. অস্ট্রেলিয়া
C. জার্মানি D. স্পেন (B)

5. যুক্তরাষ্ট্র আনুষ্ঠানিকভাবে কোন সংস্থাটি বন্ধ করে দেয়?
A. USAID B. Save the Children
C. CARE D. World Vision (A)

6. প্রিয়া বিহার মন্দিরের মালিকানা দাবী করে -
A. কম্বোডিয়া B. ভিয়েতনাম
C. থাইল্যান্ড D. লাউস (C)

7. খেমারুজরা কোন দেশে ক্ষমতাসীন ছিলেন?
A. লাওস B. কলোম্বিয়া
C. ব্রুনাই D. কম্বোডিয়া (D)

8. যুক্তরাষ্ট্র দক্ষিণ এশিয়ার কোন দেশটিতে সবচেয়ে বেশি বাণিজ্য শুল্ক জারি করে?
A. নেপাল B. ভারত
C. শ্রীলঙ্কা D. বাংলাদেশ (B)

9. Typhoon Block-4 হাইপারসনিক মিসাইল কোন দেশের?
A. রাশিয়া B. তুরস্ক
C. চীন D. উত্তর কোরিয়া (B)

10. ১২ দিনের যুদ্ধ নিম্নের কোন ২টি দেশের মধ্যে সংঘটিত হয়?
A. সৌদি আরব-ইয়েমেন B. ইরান-ইসরায়েল
C. থাইল্যান্ড-কম্বোডিয়া D. রাশিয়া-ইউক্রেন (B)

11. গাজা অভিমুখী ত্রাণবাহী জাহাজ 'ম্যাডলিন' যাত্রা শুরু করে কোন বন্দর থেকে?
A. আলজেসিরাস, স্পেন B. কাতানিয়া, ইতালি
C. ত্রিয়েস্তে, ইতালি D. ডাবলিন, আয়ারল্যান্ড (B)

12. 'ওয়ান বিগ বিউটিফুল অ্যাক্ট' কোন খাতের সঙ্গে সম্পর্কিত?
A. প্রতিরক্ষা B. অর্থনীতি
C. শিক্ষা D. জনপ্রশাসন (B)

13. ২৬৭তম পোপ লিও চতুর্দশ প্রথম কোন দেশ থেকে নির্বাচিত হন? –
A. লেবানন B. ডেনমার্ক
C. যুক্তরাষ্ট্র D. নেদারল্যান্ডস (C)

14. এয়ার ইন্ডিয়ার বিমান দুর্ঘটনায় কত জন আরোহী মারা যান?
A. ২৪২ জন B. ২৬৪ জন
C. ২৪১ জন D. ২৭৬ জন (C)

15. মহাকাশ প্রতিরক্ষা ব্যবস্থা 'গোল্ডেন ডোম' আনে -
A. যুক্তরাষ্ট্র B. চীন
C. যুক্তরাজ্য D. রাশিয়া (A)

16. ইরানের প্রস্তাবিত রাজধানী মাক্রান কোন সাগরের তীরবর্তী?
A. পারস্য উপসাগর B. আরব সাগর
C. ওমান উপসাগর D. ভারত মহাসাগর (C)

17. ট্রুথ সোশ্যাল প্লাটফর্মের মালিক -
A. ইলন মাস্ক B. জেফ বেজোস
C. জে ভি ভ্যান্স D. ডোনাল্ড ট্রাম্প (D)

18. ১৫ আগস্ট, ২০২৫ রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বন্ধে রাশিয়া ও যুক্তরাষ্ট্রের মধ্যকার প্রেসিডেন্ট বৈঠক কোথায় অনুষ্ঠিত হয়?
A. মস্কো B. অসলো
C. আলাস্কা D. গ্রিনল্যান্ড (C)

19. ইউনেস্কো থেকে যুক্তরাষ্ট্রের সদস্যপদ প্রত্যাহারের কার্যক্রম আনুষ্ঠানিকভাবে কার্যকর হবে -
A. ৩১ ডিসেম্বর, ২০২৫ B. ৩১ ডিসেম্বর, ২০২৬
C. ৩১ ডিসেম্বর, ২০২৭ D. ৩১ অক্টোবর, ২০২৫ (B)

20. ইরানের নাতাঞ্জ পরমাণু কেন্দ্র অবস্থিত?
A. সিস্তান ও বেলুচেস্তান B. ইস্পাহান
C. তেহরান D. বুশেহর (B)

21. পর্যটন খাতে বিনিয়োগ বৃদ্ধিতে Land Bank চালু করে?
A. মালদ্বীপ B. মরিশাস
C. শ্রীলঙ্কা D. আরব আমিরাত (C)

22. গুগল মানচিত্রে গালফ অব মেক্সিকোর নাম পরিবর্তন করায় কোন দেশ গুগলের বিরুদ্ধে মামলা করে?
A. যুক্তরাষ্ট্র B. কিউবা
C. মেক্সিকো D. হাইতি (C)

23. তালেবান সরকারকে প্রথম স্বীকৃতি দেয় -
A. দক্ষিণ আফ্রিকা B. রাশিয়া
C. চীন D. ভেনিজুয়েলা ⓑ

24. চীনের ওয়ান বেল্ট ওয়ান রোড প্রকল্প থেকে নাম প্রত্যাহার করে-
A. নেপাল B. ভুটান
C. শ্রীলঙ্কা D. পানামা ⓓ

25. ২০২৫ সালে OIC পর্যটক রাজধানী -
A. ঢাকা B. কায়রো
C. জিম্বাবুয়ে D. ডাকার ⓓ

26. যুক্তরাজ্য ইউরোপীয় ইউনিয়ন থেকে বের হবার পর সবচেয়ে বড় বাণিজ্য চুক্তি করে কোন দেশের সাথে?
A. যুক্তরাষ্ট্র B. ভারত
C. ফ্রান্স D. জার্মানি ⓑ

27. ইন্দোনেশিয়ার নতুন রাজধানী নুসান্তারা কোন প্রদেশের অবস্থিত?
A. ইরিয়ানজায়া B. কালিমান্তান
C. আচেহ D. বালি ⓑ

28. কোন দেশের মধ্যস্থতায় রুয়ান্ডা-কঙ্গোর মধ্যে শান্তিচুক্তি হয়?
A. চীন-কাতার B. কাতার-যুক্তরাষ্ট্র
C. চীন-রাশিয়া D. রাশিয়া-কাতার ⓑ

29. আয়রন বিম কোন দেশের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা?
A. যুক্তরাষ্ট্র B. ইসরায়েল
C. চীন D. তুরস্ক ⓑ

30. ফাঁস হওয়া ফোন কলকে কেন্দ্র করে কোন দেশের প্রধানমন্ত্রীকে বরখাস্ত করে সাংবিধানিক আদালত?
A. পাকিস্তান B. থাইল্যান্ড
C. উজবেকিস্তান D. চিলি ⓑ

অধ্যায়-০৪: বাংলাদেশের অর্থনীতি

জাতীয় বাজেট: ২০২৫-২৬ অর্থবছর

❖ **সংবিধানে বাজেটকে বলা হয়:** Annual financial statement. **বাজেট প্রণয়ন করে:** অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

❖ **বাংলাদেশের অর্থবছরের সময়কাল:** ১লা জুলাই – ৩০শে জুন।

একনজরে ২০২৫-২৬ অর্থবছরের বাজেট

ঘোষণা: ০২ জুন ২০২৫	সংসদে বাজেট পাশ: ২২ জুন ২০২৫	কার্যকর: ১লা জুলাই ২০২৫
দেশের ৫৪তম বাজেট (অন্তর্বর্তীকালীন সহ ৫৫তম বাজেট)	বাজেট পেশ করেন: অর্থ উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদ (১৪তম ব্যক্তি)	প্রতিপাদ্য: বৈষম্যহীন ও টেকসই অর্থনৈতিক ব্যবস্থা গড়ার প্রত্যয়

❖ **২০২৫-২৬ অর্থবছরের বাজেটের আকার:** ৭ লাখ ৯০ হাজার কোটি টাকা (জিডিপির ১২.৭০%)।
→ **২০২৪-২৫ অর্থবছরে বাজেটের আকার ছিলো:** ৭ লাখ ৯৭ হাজার কোটি টাকা (জিডিপির ১৪.২৪%)।

❖ **মোট জিডিপি'র আকার:** ৬২ লাখ ৪৪ হাজার ৫৭৮ কোটি টাকা (চলতি মূল্যে)।

❖ **জিডিপি প্রবৃদ্ধির হারের লক্ষ্যমাত্রা:** ৫.৫%। **মূল্যস্ফীতির হারের লক্ষ্যমাত্রা:** ৬.৫%।

❖ **বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP):** ২ লাখ ৩০ হাজার কোটি টাকা (মোট বাজেটের ২৯.১১%)।

❖ **ব্যয়ের সর্বোচ্চ বরাদ্ধকৃত ৩ খাত** - ১. জনপ্রশাসন: ১,৮৬,০৮৮ কোটি টাকা (২৩.৫৬%), শিক্ষা ও প্রযুক্তি: ১,১০,৬৫৭ কোটি টাকা (১৪%), ৩. পরিবহণ ও যোগাযোগ: ৭১,৩৪৪ কোটি টাকা (৯.০৩%)।

২০২৫-২৬ অর্থবছরের বাজেটের ধরন – ঘাটতি বাজেট

বাজেটের আকার: ৭ লাখ ৯০ হাজার কোটি টাকা (GDP'র ১২.৭%)	**আয়:** ৫ লাখ ৬৪ হাজার কোটি টাকা (GDP'র ৯%) + বৈদেশিক অনুদান ৫০০০ কোটি টাকা
সুতরাং, ঘাটতি বাজেট (ব্যয় – আয়): ২ লাখ ২১ হাজার কোটি টাকা (GDP'র ৩.৬%)	

❖ জুলাই শহীদ পরিবার ও আহতদের জন্য বরাদ্ধ: ৪০৫ কোটি ২০ লাখ টাকা।

❖ ২০২৪-২৫ অর্থবছরের প্রাথমিক বাজেট ঘাটতি ছিল ২ লাখ ৫৬ হাজার কোটি টাকা, যা সংশোধিত বাজেটে কমিয়ে ২ লাখ ২৬ হাজার কোটি টাকা ধরা হয়েছে (জিডিপির ৪.১%)।

❖ সরকারি চাকরিজীবীদের ২০২৫-২৬ অর্থবছর থেকে নতুন হারে মহার্ঘ ভাতা দেওয়া হচ্ছে (কার্যকর: ১ জুলাই থেকে)। ১ম-৯ম গ্রেডের কর্মকর্তা-কর্মচারীরা ১৫% হারে এবং ১০ম-২০তম গ্রেডের কর্মীরা ২০% হারে মহার্ঘ ভাতা পাবেন। মহার্ঘ ভাতা কার্যকরের সঙ্গে সঙ্গে ২০২৩-২৪ অর্থবছর থেকে পাওয়া ৫% বিশেষ প্রণোদনা সুবিধা বাতিল হয়ে যাচ্ছে।

বাজেটে করমুক্ত আয়সীমা: ২০২৫-২৬ অর্থবছর

সাধারণ সীমা (ব্যক্তি শ্রেণি): ৩ লাখ ৫০ হাজার টাকা	নারী/৬৫ ঊর্ধ্ব: ৪ লাখ টাকা
প্রতিবন্ধী ব্যক্তি/তৃতীয় লিঙ্গ: ৪ লাখ ৭৫ হাজার টাকা	যুদ্ধাহত মুক্তিযোদ্ধা/জুলাই যোদ্ধা: ৫ লাখ টাকা

❖ নতুন করদাতাদের ন্যূনতম করের পরিমাণ: ১০০০ টাকা।

বাজেটে করমুক্ত আয়সীমা (২০২৬-২৭ অর্থবছর ও ২০২৭-২৮ অর্থবছর থেকে কার্যকর হবে)

সাধারণ সীমা (ব্যক্তি শ্রেণি): ৩ লাখ ৭৫ হাজার টাকা	নারী/৬৫ ঊর্ধ্ব: ৪ লাখ ২৫ টাকা
প্রতিবন্ধী ব্যক্তি/তৃতীয় লিঙ্গ: ৫ লাখ টাকা	যুদ্ধাহত মুক্তিযোদ্ধা/জুলাই যোদ্ধা: ৫ লাখ ২৫ হাজার টাকা

❖ সামাজিক নিরাপত্তা বেষ্ঠনীর আওতায় (মাসিক হার):

বয়স্ক ভাতা ৬৫০ টাকা	বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ৬৫০ টাকা	প্রতিবন্ধী ৯০০ টাকা
অনগ্রসর জনগোষ্ঠী ৬৫০ টাকা	মা ও শিশু সহায়তা কর্মসূচি ৮৫০ টাকা	----------

GDP প্রবৃদ্ধির হার, অবদান [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো: ২০২৪-২৫]

ক্ষেত্র	অর্থবছর	প্রবৃদ্ধির হার	কৃষি	শিল্প	সেবা
প্রবৃদ্ধির হার	২০২৪-২৫ (সাময়িক)	৩.৯৭%	১.৭৯%	৪.৩৪%	৪.৫১%
	২০২৩-২৪	৪.২২%	৩.৩০%	৩.৫১%	৫.০৯%
অবদান	২০২৪-২৫ (সাময়িক)	১০০%	১০.৯৪%	৩৭.৪৪%	৫১.৬২%
	২০২৩-২৪	১০০%	১১.১৯%	৩৭.৩৭%	৫১.৪৪%

২০০৫-০৬ ভিত্তিবছরে GDP খাত ছিলো: ১৫টি। ২০১৫-১৬ ভিত্তিবছর থেকে GDP খাত: ১৯টি।

বিষয়	২০২৪-২৫ (সাময়িক)	২০২৩-২৪
মাথাপিছু আয়	২৮২০ মার্কিন ডলার	২৭৩৮ মার্কিন ডলার
মাথাপিছু জিডিপি	২৬৭১ মার্কিন ডলার	২৬২৫ মার্কিন ডলার

অর্থনৈতিক সমীক্ষা-২০২৪

❑ একনজরে অর্থনৈতিক সমীক্ষা –

বিষয়	অর্থনৈতিক সমীক্ষা – ২০২৪		বিষয়	অর্থনৈতিক সমীক্ষা – ২০২৪
প্রকাশ করে	অর্থ মন্ত্রণালয়		জনসংখ্যা বৃদ্ধির হার	১.৩৩%
জনসংখ্যা	১৭ কোটি ১৫ লক্ষ ৯ হাজার		জনসংখ্যার ঘনত্ব	১,১৭১ জন
পুরুষ-মহিলা অনুপাত	৯৬.৩ : ১০০		মূল্যস্ফীতি/মুদ্রাস্ফীতি	৯.৭৪%
আমদানি ব্যয়	৪৫,৬২০ মিলিয়ন ডলার		রপ্তানি আয়	৪০,৮৭৫ মিলিয়ন ডলার
আয়ুস্কাল	প্রত্যাশিত আয়ুস্কাল: ৭২.৩ বছর ▪ মহিলা: ৭৩.৮ বছর ▪ পুরুষ: ৭০.৮ বছর		সাক্ষরতার হার	৭৭.৯% ▪ পুরুষ: ৮০.১% ▪ মহিলা: ৭৫.৮%
মোট শ্রমশক্তি	কৃষি	৪৫.০০%	মোট শ্রমশক্তি	৭.৩৫ কোটি ▪ পুরুষ: ৪.৮০ কোটি ▪ মহিলা: ২.৫৫ কোটি
	শিল্প	১৭.০০%		
	সেবা	৩৮.০০%		
স্থুল জন্মহার	১৯.৪ জন		স্থুল মৃত্যুহার	৬.১ জন
শিশু মৃত্যুহার	২৭ (প্রতি হাজারে জীবিত জন্মে)		মাথাপিছু জিডিপি	২৬২৫ মার্কিন ডলার
দারিদ্রের হার	১৮.৭%		চরম/হত দারিদ্র্যের হার	৫.৬%

জনশক্তি রপ্তানি ও রেমিট্যান্স আহরণে বাংলাদেশ (অর্থনৈতিক সমীক্ষা-২০২৪)

বাংলাদেশ –

☑ সর্বাধিক জনশক্তি রপ্তানি করে: সৌদি আরবে।
☑ সর্বাধিক নারী জনশক্তি রপ্তানি করে: সৌদি আরবে।
☑ জনশক্তি রপ্তানিতে বাংলাদেশ ৬ষ্ঠ (শীর্ষ দেশ – ভারত)
☑ প্রবাসী আয়ে প্রণোদনা ৫% (সরকার ২.৫%+ব্যাংক ২.৫%)
☑ রেমিট্যান্স প্রাপ্তিতে বাংলাদেশ ৮ম (শীর্ষ দেশ – ভারত)।
☑ বাংলাদেশ সর্বাধিক রেমিটেন্স আহরণ করে:
→ সংযুক্ত আরব আমিরাত (সোর্স-অর্থ. সমীক্ষা-২০২৪)
→ সৌদি আরব (সোর্স-BMET; Dec'2023).
**** রেমিট্যান্স প্রেরণে শীর্ষ দেশ – যুক্তরাষ্ট্র।

জেনে রাখা ভাল: অর্থনৈতিক সমীক্ষা ২০২৪ অনুযায়ী, রেমিট্যান্স প্রাপ্তিতে বাংলাদেশ ৮ম এবং বিশ্বব্যাংক রিপোর্টনুযায়ী বাংলাদেশ ৭ম।

অর্থনৈতিক সমীক্ষা-২০২৪ এর উল্লেখযোগ্য তথ্যসমূহ (সবচেয়ে বেশি/শীর্ষে)

→ দেশ হিসেবে বেশি বৈদেশিক সাহায্য দেয়: জাপান।	→ সংস্থা হিসেবে বেশি বৈদেশিক সাহায্য প্রদান করে: ADB

অর্থনৈতিক সমীক্ষা-২০২৫

বিশেষ দ্রষ্টব্য: অর্থনৈতিক সমীক্ষা ২০২৫ পূর্ণাঙ্গ বই আকারে ও ওয়েবসাইটে এখনো প্রকাশিত হয় নি। নিম্নের ছকটিতে অর্থনৈতিক সমীক্ষা ২০২৫ এর যে তথ্যগুলো জানা দরকার তা লিখে রেখেছি। যখনই অর্থনৈতিক সমীক্ষা ২০২৫ প্রকাশিত হবে তখনই আমাদের Online Version, Facebook Group: ALAL's Samprotik Hour এ আপলোড করে দিবো। QR Code টি স্ক্যান করেও ডাউনলোড করতে পারবেন।

বাংলাদেশের অর্থনীতির পূর্বাভাস (জিডিপি প্রবৃদ্ধির হার)

World Bank'র মতে, ২০২৬-২৭ অর্থবছরে বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধির হার হবে: ৫.৭%

অর্থবছর	IMF পূর্বাভাস	ADB পূর্বাভাস	World Bank পূর্বাভাস
২০২৪-২৫	৩.৮%	৩.৯%	৩.৩%
২০২৫-২৬	৫.৪%	৫.১%	৪.৯%

বাংলাদেশের ব্যাংকসমূহ

❖ **তফসিলিভুক্ত ব্যাংক:** ৬২টি [সোর্স: বাংলাদেশ ব্যাংক]

রাষ্ট্রীয় মালিকানাধীন	৬টি	সরকারি বিশেষায়িত	৩টি
বৈদেশিক	৯টি	ডিজিটাল	১টি *
বেসরকারি	৪৩টি (প্রচলিত ৩৩টি + ইসলামী শরীয়াহভিত্তিক ১০টি)		

ব্যাংক তালিকার সর্বশেষ Status দেখুন!

* সর্বশেষ তফসিলিভুক্ত ব্যাংক: নগদ ডিজিটাল ব্যাংক পিএলসি। লাইসেন্স পেয়েছে কিন্তু বাণিজ্যিক কার্যক্রমের অনমুতি পায় নি।

❖ **অ-তফসিলিভুক্ত/তফসিল বহির্ভূত ব্যাংক:** ৫টি
(আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক, গ্রামীণ ব্যাংক, জুবিলী ব্যাংক, পল্লী সঞ্চয় ব্যাংক)।

❖ **৩টি সরকারি বিশেষায়িত ব্যাংক:** কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড।

ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান	৩৫টি
বীমা প্রতিষ্ঠান	৮২টি (জীবন বীমা কোম্পানি – ৩৬টি ও সাধারণ বীমা কোম্পানি – ৪৬টি)

❖ **বাংলাদেশ ব্যাংকের বর্তমান:**

Standing Lending Facility (SLF): 11.50%	Standing Deposit Facility (SDF): 8.00%	Cash Reserve Ratio (CRR): 4.00%

Blue Economy (সুনীল অর্থনীতি) – সমুদ্রের সম্পদ নির্ভর অর্থনীতি

❖ **সুনীল/নীল অর্থনীতি:** সমুদ্র থেকে আহরণকৃত যেকোনো সম্পদ, যা দেশের অর্থনীতিতে যুক্ত হয়, তাই ব্লু-ইকোনমি।

❖ বাংলাদেশ সমুদ্র সম্পদ আহরণ ও সমুদ্রসীমার বিষয়ে সমঝোতা স্মারক স্বাক্ষর করে: জাপান, অস্ট্রেলিয়া, ভারত ও চীনের সঙ্গে।

❖ জাতিসংঘের SDG'র ১৪ নম্বর ধারায় টেকসই উন্নয়নের জন্য সামুদ্রিক সম্পদের অনুসন্ধান ও সংরক্ষণের কথা বলা হয়েছে।

৫০টি দেশের অংশগ্রহণে বাংলাদেশ ইনভেস্টমেন্ট সামিট ২০২৫

❖ **আয়োজক:** Bangladesh Investment Development Authority (BIDA) & Bangladesh Economic Zones Authority (BEZA). BIDA & BEZA'র নির্বাহী চেয়ারম্যান: চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন।

❖ **সময়কাল:** ৭-১০ এপ্রিল, ২০২৫ (ঢাকা)। স্থান: হোটেল ইন্টারকন্টিনেন্টাল, ঢাকা, নারায়ণগঞ্জ এবং চট্টগ্রাম। বিনিয়োগকারীরা সরেজমিন পরিদর্শন করেন (মিরসরাই, আনোয়ারা, আড়াইহাজার)। **উদ্বোধক:** প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

❖ **উদ্দেশ্য:** বাংলাদেশের বিনিয়োগ সম্ভাবনা তুলে ধরা, জুলাই বিপ্লব-পরবর্তী অর্থনৈতিক সংস্কার প্রদর্শন এবং দীর্ঘমেয়াদী বিনিয়োগ সংযোগ তৈরি করা। স্টারলিংক ইন্টারনেটের টেস্ট রান ও এর মাধ্যমে বিশ্বব্যাপী সামিটটি প্রচারিত হয় (৯ এপ্রিল, ২০২৫)।

❖ চট্টগ্রামের আনোয়ারার কোরিয়ান রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা (কেইপিজেড)'র এর মূল প্রতিষ্ঠান ইয়াংওয়ানের চেয়ারম্যান কিহাক সাংয়েরকে সম্মানসূচক নাগরিকত্ব (অনারারি সিটিজেনশিপ) প্রদান করা হয় ৯ এপ্রিল, ২০২৫।

উন্নয়নশীল দেশের পথে বাংলাদেশ

❖ জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক কাউন্সিল (ECOSOC) বিশ্বের বিভিন্ন দেশকে স্বল্পোন্নত, উন্নয়নশীল ও উন্নত দেশ এ তিন ক্যাটাগরিতে ভাগ করে Least Developed Countries (LDC) তালিকা করে।

❖ **LDC থেকে বের হবার শর্ত ৩টি:**

সূচক	বাংলাদেশের অগ্রগতি (২০১৮)	বাংলাদেশের অগ্রগতি (২০২১)
জাতীয় মাথাপিছু আয়-GNI (১৩০৬ মার্কিন ডলার হতে হবে)	১২৭২ মার্কিন ডলার	১২৭৪ মার্কিন ডলার
মানবসম্পদ উন্নয়ন (নির্ধারিত মান ৬৬ বা তার বেশি)	৭২.৮	৭৩.২
অর্থনৈতিক ভঙ্গুরতা (উত্তরণের মান ৩২ বা তার কম)	২৫.১	২৫.২

LDC ভুক্ত দেশ	**বর্তমানে LDC ভুক্ত দেশ** – ৪৪টি।
উত্তরণ হয়েছে	৮টি দেশ [বতসোয়ানা (১৯৯৪), কেপভার্দে (২০০৭), মালদ্বীপ (২০১১), সামোয়া (২০১৪), নিরক্ষীয় গিনি (২০১৭), ভানুয়াতু (২০২০), ভুটান (২০২৩) এবং সর্বশেষ সাওটোমে & প্রিন্সিপে (১৩ ডিসেম্বর, ২০২৪)]।
উত্তরণ হবে	৪টি দেশ [(বাংলাদেশ, লাওস, নেপাল) – ২৪ নভেম্বর, ২০২৬], সলোমন দ্বীপপুঞ্জ (১৩ ডিসেম্বর, ২০২৭)]।

*** স্বল্পোন্নত দেশগুলোর মধ্যে Foreign Direct Investment (FDI) প্রাপ্তিতে বাংলাদেশ তৃতীয়।

❖ **বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হবার প্রাথমিক যোগ্যতা অর্জন করে: ১৫ মার্চ, ২০১৮।**

সাল	ঘটনাপ্রবাহ
২০১৫	**১ জুলাই:** বিশ্বব্যাংকের তালিকায় নিম্ন মধ্যম আয়ের দেশে পরিণত হয় বাংলাদেশ।
২০১৮	**১৫ মার্চ:** বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হবার প্রাথমিক যোগ্যতা অর্জন করে।
২০২৫	বাংলাদেশ ২০২৬ সালে এলডিসি থেকে উত্তরণের চূড়ান্ত সিদ্ধান্ত নেয় (১৩ মার্চ)।
২০২৬	**২৪ নভেম্বর:** বাংলাদেশ চূড়ান্তভাবে LDC থেকে বের হবে। ফলে বাংলাদেশ ৩টি সুবিধা হারাবে (১.জিএসপি সুবিধা, ২.কপিরাইট সুবিধা, ৩. সহজ শর্তে ঋণ সুবিধা)।

একনজরে আলোচিত অর্থনীতি

❖ গ্রামীণ ব্যাংকে সরকারের মালিকানা ১০%; গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের সদস্য সংখ্যা ১৩ জন।

❖ বাংলাদেশে প্রথম বায়োমেট্রিক মেটাল ক্রেডিট কার্ড চালু করে ইস্টার্ন ব্যাংক পিএলসি।

❖ Bangladesh Shilpa Bank এবং Bangladesh Shilpa Rin Sangstha-কে একীভূত করে Bangladesh Development Bank গঠিত হয় ২০০৯ সালে এবং ব্যাংকটি আনুষ্ঠানিকভাবে যাত্রা করে ৩ জানুয়ারি, ২০১০। সম্প্রতি সোনালী ব্যাংকের সঙ্গে 'স্বেচ্ছায় একীভূত'হওয়ার জন্য Bangladesh Development Bank সমঝোতা চুক্তি করে ১৩ মে, ২০২৪।

❖ ভ্যাট ফাঁকি রোধ ও রাজস্ব আদায় বাড়াতে দেশের ২৭ ধরনের ব্যবসা প্রতিষ্ঠানে Electronic Fiscal Device (EFD) বা ভ্যাট স্মার্ট চালান ব্যবহার বাধ্যতামূলক করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)।

❖ প্রথমবারের মতো ক্যাপিং পদ্ধতিতে ৪র্থ অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়: ১০-২৬ ডিসেম্বর, ২০২৪ (১০ বছর পরপর)। বিভাগভিত্তিক কর্মরত জনশক্তি বেশি ঢাকা বিভাগে ও কম বরিশাল বিভাগে। প্রথম অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয় ১৯৮৬ সালে।

❖ দেশে প্রথমবারের মতো সমুদ্রপথে চট্টগ্রাম-সন্দ্বীপ ফেরি চলাচল: চট্টগ্রামের সীতাকুণ্ডের বাঁশবাড়িয়া ফেরিঘাট থেকে সন্দ্বীপের গুপ্তছড়া ফেরিঘাট নৌপথে আনুষ্ঠানিকভাবে চালু হয় ২৪ মার্চ, ২০২৫।

❖ মার্চ, ২০২৫; ৩.২৯ বিলিয়ন (৩২৯ কোটি) ডলার রেমিট্যান্স আসে, দেশের ইতিহাসে এক মাসে প্রবাসী আয়ের সর্বোচ্চ রেকর্ড।

9. জি-৭ এর একমাত্র স্থায়ী আমন্ত্রিত সদস্য সংস্থা -
A. ন্যাম B. ইউরোপীয় ইউনিয়ন
C. ওপেক D. জি-২০ (B)

10. সম্প্রতি OIC কোন দেশটির সদস্যপদ ফিরিয়ে দেয়?
A. ইরাক B. সিরিয়া
C. ইরান D. মালদ্বীপ (B)

11. ন্যাটোর ৩৪তম সম্মেলন কোন শহরে অনুষ্ঠিত হয়?
A. আঙ্কারা B. নিউইয়র্ক
C. হেগ D. রোম (C)

12. কোন সংস্থা ফিলিস্তিনকে পর্যবেক্ষক রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিয়েছে?
A. BRICS B. ILO
C. UNOCHR D. BIMSTEC (B)

13. সুইজারল্যান্ডের দাভোস কোন সম্মেলনটির আয়োজক-
A. UNFPA B. UNDP
C. World Economic Forum D. World Trade Org. (C)

14. চীনের BRI প্রকল্প কোন মহাদেশকে সংযুক্ত করবে না?
A. এশিয়া B. আমেরিকা
C. আফ্রিকা D. ইউরোপ (B)

15. সম্প্রতি আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা অ্যামনেস্টি ইন্টারন্যাশনালকে নিষিদ্ধ ঘোষণা করেছে কোন দেশ?
A. যুক্তরাষ্ট্র B. ইসরায়েল
C. রাশিয়া D. চীন (C)

16. বিশ্ব সরকার সম্মেলন ২০২৫ আয়োজক -
A. কাজাখস্তান B. আরব আমিরাত
C. কাতার D. অস্ট্রেলিয়া (B)

17. তৃতীয় জাতিসংঘ সমুদ্র সম্মেলনের আয়োজক দেশ?
A. কানাডা B. ফ্রান্স
C. চীন D. রাশিয়া (B)

অধ্যায়-০৮: তথ্য-প্রযুক্তি

বাংলাদেশে 'গুগল পে' সেবা চালু

- বাংলাদেশে গুগলের ডিজিটাল সেবা গুগল ওয়ালেট 'গুগল পে' চালু হয়: ২৪ জুন, ২০২৫।
- বাংলাদেশে এই সেবা প্রথম চালু করে: সিটি ব্যাংক (গুগল, মাস্টারকার্ড ও ভিসার সহযোগিতায়)।
- NFC (Near-Field Communication) সক্ষম Point Of Sale (POS) টার্মিনালে অ্যান্ড্রয়েড ফোন স্পর্শ করেও লেনদেন করা যায়।

গুগল পে প্রাথমিকভাবে যুক্তরাষ্ট্রে Android Pay নামে ১১ সেপ্টেম্বর, ২০১৫ চালু হয়। ৮ জানুয়ারি, ২০১৮ এটি গুগল পে হিসেবে পুনরায় ব্র্যান্ড করা হয় এবং Google Wallet-এর সাথে একীভূত হয়। ভারতে গুগল পে (Tez নামে) ২০১৭ সালে প্রথম চালু হয়েছিল।

নাগরিক সেবা বাংলাদেশ (স্লোগান: এক ঠিকানায় সকল নাগরিক সেবা)

- যাত্রা করে: ২৬ মে, ২০২৫। উদ্দেশ্য: অনলাইনের মাধ্যমে সরকারি বিভিন্ন সেবাকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়া।
- পরিচালিত হবে: প্রধান উপদেষ্টার কার্যালয়ের উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগপ্রযুক্তি (আইসিটি) বিভাগের তত্ত্বাবধানে।

স্যাটেলাইট ভিত্তিক ইন্টারনেট সেবা প্রতিষ্ঠান স্টারলিংক

- স্টারলিংক: মার্কিন ধনকুবের ইলন মাস্কের মহাকাশবিষয়ক সংস্থা স্পেসএক্সের অঙ্গপ্রতিষ্ঠান।
- বৈশিষ্ট্য: কৃত্রিম উপগ্রহের (স্যাটেলাইট) মাধ্যমে পৃথিবীর নিম্ন কক্ষপথের সকল স্তরে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট-সেবা দেয়।
- স্যাটেলাইট ইন্টারনেট ২ প্রকার:

ক্ষেত্র	ভূ-স্থির কক্ষপথ	পৃথিবীর নিম্ন কক্ষপথ
রেঞ্জ	পৃথিবীর প্রায় ৩৬০০০ কি.মি. উচ্চতায় স্থিরভাবে অবস্থান করে	পৃথিবীর প্রায় ৫০০-২০০০ কি.মি. উচ্চতায় স্থিরভাবে অবস্থান করে
স্পিড	সংকেত পাঠানো ও গ্রহণে সময় বেশি লাগে।	সংকেত পাঠানো ও গ্রহণে সময় কম লাগে।

- যাত্রা: ২৩ মে, ২০১৯ (যুক্তরাষ্ট্রে); ৬০টি স্টারলিংক স্যাটেলাইট উৎক্ষেপণের মাধ্যমে।
- **বাংলাদেশে স্টারলিংকের যাত্রা:**
  - BTRC স্টারলিংককে NGSO স্যাটেলাইট সার্ভিসেস অপারেটর হিসেবে ১০ বছরের লাইসেন্স দেয়: ২৯ এপ্রিল, ২০২৫।
    NGSO - Regulatory And Licensing Guidelines For Non-Geostationary Orbit.
  - পরীক্ষামূলক ব্যবহার শুরু: ৯ এপ্রিল, ২০২৫ (স্থান: বিনিয়োগ সম্মেলন, হোটেল ইন্টারকন্টিনেন্টাল, ঢাকা)।
  - বাংলাদেশে পরীক্ষামূলকভাবে স্টারলিংক চালু হয়: ৯ এপ্রিল, ২০২৫।
    - সেবা কার্যক্রম (অর্ডার গ্রহণ) শুরু করে: ২০ মে, ২০২৫।
    - আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে: ১৮ জুলাই, ২০২৫।
- দক্ষিণ এশিয়ায় স্টারলিংক:

১ম: মালদ্বীপ (১০ নভেম্বর, ২৩)	২য়: ভুটান (১১ ফেব্রুয়ারি, ২৫)	৩য়: বাংলাদেশ (২০ মে, ২৫)	৪র্থ: শ্রীলঙ্কা (২ জুলাই, ২৫)

- **ইলন মাস্কের প্রতিষ্ঠানসমূহ:**

SpaceX	মার্কিন মহাকাশযান প্রস্তুতকারক এবং মহাকাশ যাত্রা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান।
SpaceX Starship	বিশ্বে প্রথম স্টারশিপ রকেটটি উৎক্ষেপিত হবার পর সেটির নিম্নাংশ সফলভাবে লঞ্চপ্যাডে ফিরে আসে (বিশ্বের প্রথম পুনর্ব্যবহারযোগ্য রকেট)। রকেটটি ৫ বারে সফল হয়: ১৩ অক্টোবর, ২০২৪।
SpaceX Dragon 2	মহাকাশযানটির মাধ্যমে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে মানুষ ও পণ্য পরিবহণ করে।
Tesla	ইলন মাস্কের মালিকানাধীন বৈদ্যুতিক গাড়ি নির্মাতা প্রতিষ্ঠান (২০০৩)।
Cybertruck	টেসলার তৈরি ইলেকট্রিক ট্রাক (স্টেইনলেস স্টিলের বডি)।
Starlink	ইলন মাস্কের স্যাটেলাইট ভিত্তিক ইন্টারনেট সেবাদানকারী প্রতিষ্ঠান।
Neuralink (নিউরোটেকনোলজি কোম্পানি)	মস্তিষ্কের সঙ্গে যন্ত্রের সংযোগ স্থাপনের জন্য নিউরালিংক প্রথম ব্যক্তি হিসেবে নোলান আরবাঘের মস্তিষ্কে Brain Computer Interfaces (BCIs)** প্রযুক্তির তারহীন চিপ স্থাপন করে ২৯ জানুয়ারি, ২০২৪।

নিউরালিংকের প্রতিদ্বন্দ্বী প্রতিষ্ঠান প্যারাড্রমিকস। প্রথমবারের মতো মানব মস্তিষ্ক সফলভাবে প্রতিস্থাপন বা ইমপ্ল্যান্ট করে যুক্তরাষ্ট্রের নিউরোটেক স্টার্টআপ প্যারাড্রমিকস। মস্তিষ্কে স্থাপিত BCI ডিভাইসটির নাম কনেক্সাস। কনেক্সাসটি মস্তিষ্কের স্নায়ু সংকেত পড়ে তা ভাষা, লেখা বা কম্পিউটার কার্সর নিয়ন্ত্রণে রূপান্তর করতে পারে।

** **BCI প্রযুক্তি:** এর মাধ্যমে মস্তিষ্ক ও বাইরের যেকোনো ইলেকট্রনিক ডিভাইসের মধ্যে সরাসরি যোগাযোগ স্থাপন সম্ভব হয়। ১৯৭৩ সালে ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের কম্পিউটারবিজ্ঞানী জ্যাক ভিদাল প্রথম এই ধারণা দেন।

Blindsight	দৃষ্টিপ্রতিবন্ধীদের দৃষ্টিশক্তি ফেরাতে মস্তিষ্কে ক্ষুদ্রাকৃতি যন্ত্র 'ব্লাইন্ডসাইট' স্থাপন করবে নিউরালিংক।
xAI	কৃত্রিম বুদ্ধিমত্তা প্রতিষ্ঠান। **Grok:** প্রতিষ্ঠানটির তৈরি generative artificial intelligence chatbot. **Grok এর সর্বশেষ ভাসন** – Grok-4. সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স ক্রয় করে xAI.

ইলন মাস্ক (ইলন রিভ মাস্ক): জন্ম ২৮ জুন, ১৯৭১; দক্ষিণ আফ্রিকা (বসবাস: যুক্তরাষ্ট্রে); নাগরিকত্ব: দক্ষিণ আফ্রিকা, কানাডা, যুক্তরাষ্ট্র। প্রথম প্রতিষ্ঠান zip2।**সহ-প্রতিষ্ঠাতা:**Pay-Pal (পূর্বনাম: X.com)। টুইটার ক্রয় করেন ২৭ অক্টোবর, ২২ (৪৪ বিলিয়ন ডলার বা ৪৪০০ কোটি ডলারে)। টুইটারের বর্তমান নাম X. স্লোগান: Happening now. বিশ্বের প্রথম ব্যক্তি হিসেবে ৪০ হাজার কোটি বা ৪০০ বিলিয়ন মার্কিন ডলার সম্পদের মালিক। ট্রাম্প প্রশাসনে দায়িত্ব পালন করেছিলেন: Department of Government Efficiency (DOGE).

❖ **X এর প্রতিদ্বন্দ্বী হিসেবে মার্ক জুকারবার্গ Threads উন্মোচন করেন:** ৫ জুলাই, ২০২৩।

Artificial Intelligence (AI)'র Text Based Chatbot Application

Chatbot: এক ধরনের সফটওয়্যার যেখানে কৃত্রিম বুদ্ধিমত্তা - Artificial Intelligence (AI)'র সাহায্যে একজন মানুষ কথোপকথনের মাধ্যমে কোনো ডিভাইসের সাথে চ্যাট করতে পারে। কৃত্রিম বুদ্ধিমত্তার জনক – অ্যালান টুরিং (নোট: পরীক্ষায় অপশনে অ্যালান টুরিং ও জন ম্যাকার্থি থাকলে উত্তর হবে অ্যালান টুরিং; আর না থাকলে উত্তর হবে জন ম্যাকার্থি।

দেশ	প্রতিষ্ঠান	চ্যাটবট	দেশ	প্রতিষ্ঠান	চ্যাটবট
যুক্তরাষ্ট্র	OpenAI	ChatGPT, O3-mini	চীন	Deepseek	Deepseek AI
	Anthropic	Claude		Moonshot AI	KIMI K-1.5
	Microsoft	Copilot		ALIBABA AI	Qwen 2.5 Max
	Google	Gemini		------	------
	xAI	Grok		------	------

Deepseek

❖ Model: Open-source large language models (LLMs).
❖ কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক চ্যাটবট: ডিপসিকের আলোচিত সংস্করণ (1. AI V3 মডেল, 2. AI R-1 মডেল)।
❖ **সদর দপ্তর:** হ্যাংজো, চচিয়াং, চীন। **প্রতিষ্ঠাকাল:** জুলাই, ২০২৩।**প্রতিষ্ঠাতা:** High-Flyer (CEO: প্রকৌশলী লিয়াং ওয়েনফেং)।
❖ **বৈশিষ্ট্য:** ChatGPT থেকে ৩০% কম শক্তি ব্যবহার করে একই রকম নির্ভুল উত্তর দিতে পারে। ChatGPT সৃজনশীল লেখা, চ্যাটিং ও শিক্ষায় পারদর্শী। ডিপসিক স্বাস্থ্যসেবা, অর্থ ও কৃষির মতো নির্দিষ্ট শিল্পের সক্ষমতা, নির্ভুলতা ও অভিযোজনে পারদর্শী।
❖ AI.com ডোমেইন ক্রয় করে DeepSeek.

Moonshot AI (Chatbot: KIMI K-1.5)

❖ Model: Multimodal Large Language Model; সদর দপ্তর: বেইজিং, চীন।
❖ বৈশিষ্ট্য: বার্তা, ছবি ও ভিডিও বিশ্লেষণ করতে পারে এবং নিজেই সিদ্ধান্ত নিতে পারে। গণিতে পারদর্শী।

ChatGPT (Chat Generative Pre-trained Transformer)

❖ **চালু হয়:** ৩০ নভেম্বর, ২০২২। ChatGPT 'লার্জ ল্যাঙ্গুয়েজ মডেল টুলস' ব্যবহার করে কাজ করে।
❖ **ChatGPT 4.o:** কণ্ঠস্বর, ছবি কিংবা টেক্সট ইনপুট দিলেই সেবা দিতে সক্ষম। আত্মপ্রকাশ করে: ১৩ মে, ২০২৪।
✓ **সর্বশেষ ভার্সন: ChatGPT 5.o:** Thinking, Fast & Auto। আত্মপ্রকাশ করে: ৭ আগস্ট, ২০২৫।
❖ মাইক্রোসফট সমর্থিত ডিভাইস এবং সার্চ ইঞ্জিন Bing এ Bulit in করা হয় ChatGPT.
❖ **উদ্ভাবক:** OpenAI. **প্রতিষ্ঠাকাল:** ১১ ডিসেম্বর, ২০১৫ (**প্রতিষ্ঠাতা:** স্যাম অল্টম্যান, গ্রেগ ব্রোকম্যান, ইলন মাস্ক)।
❖ **সদর দপ্তর:** সানফ্রানসিসকো, যুক্তরাষ্ট্র। **বর্তমান CEO:** স্যাম অল্টম্যান এবং **বর্তমান প্রেসিডেন্ট:** স্যাম অল্টম্যান।
❖ বিশ্বের প্রথম দেশ হিসেবে চ্যাটজিপিটি নিষিদ্ধ করে ইতালি।

Chatbot সংক্রান্ত অন্যান্য তথ্য:

- **Google Gemini:** গুগলের জেনারেটিভ এআই চ্যাটবট বার্ড। গুগলের স্বত্বাধিকারী প্রতিষ্ঠান অ্যালফাবেট জেমিনি মডেল প্রকাশ করে ৭ ডিসেম্বর, ২০২৩। সম্প্রতি বার্ডের নাম পরিবর্তন করে Gemini রাখা হয়।
- **মাইক্রোসফট, গিটহাব ও ওপেন এআই মিলে যে চ্যাটবট তৈরি করে:** কোপাইলট।
- **AI Chatbot:** AliGenie (Alibaba), Grok (ইলন মাস্ক), Alexa (amazon.com). ERNIE/ওয়েনক্সিন ইয়ান (Baidu).

'তথ্য-প্রযুক্তি' সংশ্লিষ্ট তথ্যাবলি

আন্তর্জাতিক বিষয়ক তথ্যাবলি:

HP	☑ বিশ্বের প্রথম দেশ হিসেবে HP মুভেবেল ওয়্যারলেস কম্পিউটার বা ল্যাপটপ তৈরি করে।
টং টং	☑ বিশ্বের প্রথম AI শিশু।
সুয়েবা ০১	☑ Artificial General Intelligence বা AGI: এমন এক কৃত্রিম বুদ্ধিমত্তা, যা মানুষের বুদ্ধিমত্তার মতো সাধারণ এবং বহুমুখী অর্থাৎ মানুষের মতোই চিনতে, বুঝতে, শিখতে এবং নতুন সমস্যার সমাধান বের করতে পারে; আর এ প্রযুক্তিকেই AGI বলে। ✓ সুয়েবা ০১: চীনের 'ইউনিভার্সিটি অব সাংহাই ফর সায়েন্স অ্যান্ড টেকনোলজি ও ড্রয়েডআপ রোবোটিকস'র তৈরি মানবাকৃতির রোবটটি হাই থিয়েটার একাডেমি (HTA) তে নাটক ও চলচ্চিত্র বিষয়ে ৪ বছরের পিএইচডি প্রোগ্রামে ভর্তি হচ্ছে সুয়েবা ০১। ☑ Narrow AI: নির্দিষ্ট একটি কাজের জন্য তৈরি (যেমন: ভাষা অনুবাদ, ছবি চেনা, দাবা খেলা)। বর্তমান প্রচলিত AI কে Narrow AI প্রযুক্তি বলে।
AI সম্মেলন	☑ বাংলাদেশে প্রথম AI সম্মেলন অনুষ্ঠিত হয় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে।
AI হাসপাতাল	☑ বিশ্বের প্রথম AI হাসপাতাল চালু করা হয় চীনের বেইজিংয়ের সিংহুয়া চাংগুং হাসপাতালে।
AI পরিবেশ ভিত্তিক দূত	☑ বিশ্বের প্রথম AI ভিত্তিক পরিবেশ ভিত্তিক দূত উনা (UNA).
AI সফটওয়্যার ইঞ্জিনিয়ার	☑ বিশ্বের প্রথম AI সফটওয়্যার ইঞ্জিনিয়ার Devin. উদ্ভাবক: কগনিশন, যুক্তরাষ্ট্র।
আইন প্রণয়নে AI	☑ আইন প্রণয়নের প্রক্রিয়ায় এআই কে সম্পৃক্ত করেছে সংযুক্ত আরব আমিরাত।
Lignosat (লিগনোস্যাট)	☑ বিশ্বের প্রথম কাঠের তৈরি কৃত্রিম উপগ্রহ।
আন্তর্জাতিক AI সনদ [AI প্রযুক্তির সমতা ও প্রবেশাধিকার নিশ্চিতকরণ]	☑ নাম: Artificial Intelligence (AI) Action Summit ☑ অনুষ্ঠিত হয়: ১০-১১ ফেব্রুয়ারি, ২০২৫ (প্যারিস, ফ্রান্স)। ☑ স্বাক্ষর করে: ৬২টি দেশ এবং ২টি সংস্থা (ইউরোপীয় ইউনিয়ন, আফ্রিকান ইউনিয়ন কমিশন)। ☑ সম্মেলনে উপস্থিত থেকেও চুক্তিতে স্বাক্ষর করে নি: ২টি দেশ (যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য)।
জাতিসংঘে প্রস্তাব পাস	☑ জাতিসংঘের সাধারণ পরিষদে সর্বসম্মতিক্রমে কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পর্কিত প্রথম বৈশ্বিক রেজুলেশন বা প্রস্তাব পাস হয় ২১ মার্চ, ২০২৪।
Project Waterworth	☑ মেটা পানির নিচে Project Waterworth নামে বিশ্বের দীর্ঘতম কেবল প্রকল্প নির্মাণ করছে।
চাঁদে 4G Network	☑ চাঁদে ৪জি নেটওয়ার্ক স্থাপনের উদ্যোগ নিয়েছে নকিয়া।
রোসাটম	☑ রাশিয়ার রাষ্ট্রীয় পারমাণবিক শক্তি সংস্থা।
Reimei	☑ বিশ্বের প্রথম হাইব্রিড কোয়ান্টাম সুপারকম্পিউটার (জাপান)।
লাব্বাইক	☑ ধর্ম মন্ত্রণালয় কর্তৃক হজযাত্রীদের জন্য চালুকৃত মোবাইল অ্যাপ।
সুখী	☑ দেশের প্রথম ডিজিটাল স্বাস্থ্যসেবা প্ল্যাটফর্ম।

রাশিয়া সাবমেরিন "Perm"— Tsirkon হাইপারসনিক ক্ষেপণাস্ত্র বহন করে। ২৭ মার্চ, ২০২৫ রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন মুরমানস্কের আর্কটিক বন্দর নতুন নিউক্লিয়ার সাবমেরিন Perm (পার্ম) আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। এটি Yasen-M শ্রেণির (Project885M) ষষ্ঠ মাল্টিপারপাস নিউক্লিয়ার সাবমেরিন।

'মুন্ডা' নৃগোষ্ঠী বসবাস করে খুলনা ও সাতক্ষীরা অঞ্চলে।

জুলাই কন্যা অ্যাওয়ার্ড-২০২৫' লাভ করে ১০০ জন নারী।

বিশ্বের প্রথম বেসরকারিভাবে ২ মার্কিন বাণিজ্যিক মহাকাশযানের চন্দ্রাভিযান

ওডিসিয়াস: চাঁদের উদ্দেশ্যে যাত্রা শুরু করা বিশ্বের প্রথম বেসরকারি মহাকাশযান; ২য় – ব্লু ঘোস্ট।

অভিযানের নাম	IM-1 অডিসিয়াস	ব্লু ঘোস্ট মিশন-১ – Ghost Riders in the Sky
রোবট	অডিসিয়াস (হেক্সাগন/ষড়ভুজ আকৃতির) রোবট	ব্লু ঘোস্ট রোবট [সোনালি রঙের]
অবতরণ করে	২২ ফেব্রুয়ারি, ২০২৪	২ মার্চ, ২০২৫
প্রেরণকারী প্রতিষ্ঠান	হিউস্টনভিত্তিক ইনটুইটিভ মেশিন, যুক্তরাষ্ট্র	ফায়ারফ্লাই অ্যারোস্পেস, যুক্তরাষ্ট্র
বহনকারী রকেট	ফ্যালকন ৯ রকেট, স্পেসএক্স	ফ্যালকন ৯ রকেট, স্পেসএক্স
চাঁদে যে প্রান্তে	চাঁদের দক্ষিণ মেরুর কাছে মালাপার্ট নামের খাদ বা ক্রেটারে অবতরণ	উত্তর-পূর্বে অবস্থিত চন্দ্রপর্বত মন্স ল্যাট্রেইল সংলগ্ন, ব্যাসল্ট শিলায় ঢাকা, গাঢ় বর্ণের মেরে ক্রিসিয়াম সমতলে অবতরণ
অর্থায়ন	আর্টেমিস অ্যাকর্ডস, নাসা	আর্টেমিস অ্যাকর্ডস, নাসা

সরকারিভাবে প্রথম চন্দ্রাভিযান: ২০ জুলাই, ১৯৬৯ প্রথমবারের মতো চন্দ্রবিজয়ে সফল হয় নাসা (নাসার রকেট অ্যাপোলো ১১-তে চেপে চাঁদে পৌঁছেছিলেন নীল আর্মস্ট্রং, অ্যাডউইন অলড্রিন এবং মাইকেল কলিন্স)।

** অ্যাপোলো ১৭ (১১ ডিসে., ১৯৭২): অডিসিয়াসের পূর্বে নাসার পরিচালিত অ্যাপোলো কর্মসূচির সর্বশেষ চাঁদে মানুষের অভিযান। অর্থাৎ ১৯৭২ সালে অ্যাপোলো ১৭ মিশনের পর চাঁদে মহাকাশযান পাঠানোর প্রথম মিশন 'IM-1 অডিসিয়াস'।

জেনে রাখা ভাল: চাঁদে পৌঁছানোর প্রথম প্রচেষ্টা সোভিয়েত ইউনিয়নের লুনা প্রোগ্রাম।

লুনা ২: চাঁদের পৃষ্ঠে অবতরণ করা প্রথম মানবসৃষ্ট বস্তু।	লুনা-১৬: চাঁদের মাটি পৃথিবীতে ফিরিয়ে আনে।
লুনা-৯: চাঁদের পৃষ্ঠ থেকে প্রথম ছবি পাঠায়।	লুনা-১৭: লুনোখোড ১ রোভার প্রথম চাঁদে অবতরণ করে (১৯৭০)।

- **চাঁদে সফলভাবে অবতরণকারী ৫টি দেশ: ১ম** – রাশিয়া (Luna 2 – 1959), **২য়** – যুক্তরাষ্ট্র (Surveyor 1 – 1959), **৩য়** – চীন (Chang'e 3 – 2013), **৪র্থ** – ভারত (Chandrayaan-3 – 2023), **৫ম – জাপান** (SLIM – 2024).
  - Chang'e 4: চন্দ্র অভিযানে চীনের মিশনটি চাঁদের পেছনের দিকে অবতরণ করা প্রথম যান (৩ জানুয়ারি, ২০১৯)।
  - Chang'e 5: চাঁদের মাটির নমুনা পৃথিবীতে নিয়ে এসেছে।
  - Chang'e 6: চাঁদের দক্ষিণ মেরুতে অবতরণ করা চীনের মনুষ্যবিহীন চন্দ্রযান।
  - Chandrayaan-3: ভারত সফলভাবে চাঁদের দক্ষিণ মেরুতে ল্যান্ডার বিক্রম ও রোভার প্রজ্ঞান অবতরণ করে।
- যুক্তরাজ্যের প্রথম নারী হিসেবে চাঁদে পা রাখবেন: রোজমেরি কুগান।
- প্রথমবারের মতো সূর্যের দক্ষিণ মেরুর ভিডিও ও ছবি ধারণ করে তা পৃথিবীতে পাঠিয়েছে ইউরোপীয় মহাকাশ সংস্থার সোলার অর্বিটার মহাকাশযান (১২ জুন, ২০২৫)। প্রচণ্ড ঝড় ও শান্ত সময়ের মধ্যেও সূর্য কীভাবে চক্রাকারে ঘুরে বেড়ায় তা বুঝা যাবে।

মহাকাশ ঘুরে এলেন ছয় নারী

- **ব্লু অরিজিনের তৈরি নিউ শেপার্ড মহাকাশযানে করে মহাকাশের নিম্ন কক্ষপথে ভ্রমণ করেন:** ১৪ এপ্রিল, ২০২৫।
  [ব্লু অরিজিন: অ্যামাজনের প্রতিষ্ঠাতা ও মার্কিন ধনকুবের জেফ বেজোসের মালিকানাধীন মহাকাশ গবেষণা প্রতিষ্ঠান]
- **মহাকাশ ভ্রমণে যাওয়া ছয় নারী:** পপ তারকা কেটি পেরি, লরেন সানচেজ, মার্কিন সিবিএসের সাংবাদিক গেইল কিং, নাসার মহাকাশ প্রকৌশলী আয়েশা বোয়ে, নাগরিক অধিকারকর্মী আমান্ডা নুয়েন ও চলচ্চিত্র প্রযোজক কেরিয়ান্ন ফ্লিন।
- **মিশনের নাম:** এনএস-৩১ মিশন। ১৯৬৩ সালে রাশিয়ার নারী নভোচারী ভ্যালেন্তিনা তেরেসকোভার একক মহাকাশযাত্রার পর এবারই প্রথম শুধু নারীদের নিয়ে মহাকাশে যায় কোনো মহাকাশযান।

তথ্য-প্রযুক্তি সংশ্লিষ্ট সাম্প্রতিক তথ্য

- **'Global AI Summit on Africa 2025' অনুষ্ঠিত হয়:** ৩ – ৪ এপ্রিল, ২০২৫ (কিগালি, রুয়ান্ডা)।
- **বাংলাদেশে প্রথম ওশান স্যাটেলাইট গ্রাউন্ড স্টেশন অবস্থিত:** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে।
- বোয়িং এর তৈরি মহাকাশযান: Starliner প্রথমবারের মতো ২০২৪ সালের ৫ জুন মহাকাশ স্টেশনে যাত্রা করে।

- বিশ্বের প্রথম দেশ হিসাবে ১০জি ব্রডব্র্যান্ড নেটওয়ার্ক চালু করে: চীন (২০ এপ্রিল, ২০২৫); চীনের হুয়াই ও চায়না ইউনিকমের যৌথ উদ্যোগে। পরীক্ষামূলক স্থান: সুনান কাউন্টি, হুবেই প্রদেশ। উন্নত ৫০জি প্যাসিভ অপটিক্যাল নেটওয়ার্ক প্রযুক্তির মাধ্যমে (সেকেন্ডে ১০ গিগাবিট তথ্য আদানপ্রদান)। প্যাসিভ অপটিক্যাল নেটওয়ার্ক: ফাইবার অপটিক পরিকাঠামোর তুলনায় দ্রুতগামী।
- মাইক্রোসফটের জনপ্রিয় ভিডিও কলিং সেবা স্কাইপে (Skype) আনুষ্ঠানিকভাবে বন্ধ হয়ে যায় ৫ মে, ২০২৫।
- **সবচেয়ে শক্তিশালী সুপার কম্পিউটার:** El Capitan-এল ক্যাপিটান (যুক্তরাষ্ট্র)।
- **বিশ্বের মূল্যবান কোম্পানি: ১ম.** এনভিডিয়া (GPU, AI চিপ, মোবাইলের চিপ নির্মাতা); **২য়.** মাইক্রোসফট, **৩য়.** অ্যাপল।
- **মেটার অধীনে পরিচালিত হয়:** Facebook, Instagram, Threads and WhatsApp. **ফেইসবুক কোম্পানির নাম পরিবর্তন করে 'মেটা' নামকরণ করা হয়:** ২৮ অক্টোবর, ২০২১। **মূল লক্ষ্য:** মেটাভার্স তৈরিতে ফোকাস। **ভার্চুয়াল মুদ্রা:** জাক বাকস।
- **চিপ যুদ্ধ:** সাম্প্রতিক সময়ে সেমিকন্ডাক্টার চিপ শিল্পের বাজার ধরতে যুক্তরাষ্ট্র ও চীনের মধ্যে প্রতিযোগিতা শুরু হয়। যুক্তরাষ্ট্রের চিপ নির্মাতা প্রতিষ্ঠান এনভিডিয়া বিশ্বের শীর্ষ চিপ নির্মাণকারী প্রতিষ্ঠান।
- চীন মিয়ানমার সীমান্তের কাছে ইউনান প্রদেশে LPAR (Large Phased Array Radar) স্থাপন করে। ব্যালিস্টিক মিসাইল ওয়ার্নিং রাডারটির পরিসীমা প্রায় ৫,০০০ কিমি। রাডারটি ভারতীয় ব্যালিস্টিক মিসাইল টেস্ট ট্র্যাক ও নজরদারি করতে সক্ষম।

একনজরে চতুর্থ শিল্পবিপ্লব

শিল্পবিপ্লব	সাল	তথ্যপ্রবাহ
শিল্পবিপ্লব ৪.০	বর্তমান	**ডিজিটাল বিপ্লব,** স্মার্টফোন, তথ্যপ্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা, Internet of Things (IoT), রোবটিকস, জৈবপ্রযুক্তি, কোয়ান্টাম কম্পিউটিং

যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংস্থা নাসার 'আর্টেমিস অ্যাকর্ডস' চুক্তিতে বাংলাদেশ

- বাংলাদেশ ৫৪তম দেশ হিসেবে নাসা'র আর্টেমিস অ্যাকর্ডের সঙ্গে যুক্ত হয়: ৮ এপ্রিল, ২০২৫। এই উদ্যোগের মাধ্যমে বাংলাদেশ বৈশ্বিক মহাকাশ গবেষণা, মহাকাশ ঐতিহ্য সংরক্ষণ এবং মহাকাশ সম্পদের দায়িত্বশীল ব্যবহারে যুক্ত হয়। এর মাধ্যমে নাসা ও স্পারসোর মধ্যে সহযোগিতার সুযোগ তৈরি হয়েছে এবং বাংলাদেশের মহাকাশ কার্যক্রম জোরদার হবে।
- আর্টেমিস অ্যাকর্ড: নাসার নেতৃত্বে শান্তিপূর্ণ ও অসামরিক মহাকাশ অনুসন্ধানকে উৎসাহিত করার বৈশ্বিক উদ্যোগ। এটি মহাকাশ অনুসন্ধানে শান্তিপূর্ণ, স্বচ্ছ ও টেকসই সহযোগিতা। স্বাক্ষরিত হয় ১৩ অক্টোবর, ২০২০।

প্রয়োজনীয় সরকারি কল সেন্টারসমূহ

নাম্বার	সেবাসমূহ	নাম্বার	সেবাসমূহ
১০২, ১৬১৬৩	ফায়ার সার্ভিস	১৬১২২	ভূমি সংক্রান্ত সেবা
১০৫	জাতীয় পরিচয়পত্র সেবা	----	----------
১০৬	দুর্নীতি দমন কমিশনে অভিযোগ	১৬১২৩	কৃষি কল সেন্টার
১০৯	নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সেল	১৬১৩৫	প্রবাস বন্ধু কল সেন্টার
১৩১	রেল তথ্য সেবা	১৬২৬৩	স্বাস্থ্য বাতায়ন
৩৩৩	সরকারি তথ্যসেবা	১৬১৫২	জন্ম-ও-মৃত্যু-নিবন্ধনের-শর্টকোড
৯৯৯	জরুরী পুলিশ, অ্যাম্বুলেন্স ও ফায়ার সার্ভিস সেবা	১৬২৬৩	স্বাস্থ্য বাতায়ন
১০৯০/১০৯৪১	দুর্যোগের আগাম বার্তা	১৬৪৩০	সরকারি আইন সেবা
১৬১০৮	মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ গ্রহণ	১৬৫৫৫	ভ্যাট তথ্য
১৬১২১	ভোক্তা বাতায়ন হটলাইন	১০৯৮	চাইল্ড হেল্প লাইন

- **প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তাসম্পন্ন (AI) উপস্থাপক:**

বিশ্বে প্রথম চালু করে	বাংলাদেশের প্রথম	ভারতের প্রথম
☑ **দেশ:** চীন ☑ **চালু করে:** সিনহুয়া	☑ **কৃত্রিম বুদ্ধিমত্তার নাম:** অপরাজিতা ☑ **চালু করে:** চ্যানেল ২৪	☑ **কৃত্রিম বুদ্ধিমত্তার নাম:** লিসা ☑ **চালু করে:** ওড়িশা টেলিভিশন
☑ বিশ্বের প্রথম সংবাদপত্র হিসেবে কৃত্রিম বুদ্ধিমত্তার (AI) তৈরি সংস্করণ প্রকাশ করে: Il Foglio (ইতালি); ১৮ মার্চ, ২০২৫।		

অনুশীলনী [For More Practice! Just scan this QR Code...]

১. স্যাটেলাইটের মাধ্যমে ইন্টারনেট সেবা প্রদানকারী প্রতিষ্ঠান স্টারলিংক বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে যাত্রা করে –
A. ১০ মে, ২০২৫ B. ০৯ এপ্রিল, ২০২৫
C. ১২ এপ্রিল, ২০২৫ D. ১৮ জুলাই, ২০২৫ (D)

২. গুগল পে বাংলাদেশে চালু হয় কোন ব্যাংকের সহযোগিতায়?
A. ডাচ বাংলা ব্যাংক B. ব্র্যাংক ব্যাংক
C. ইস্টার্ন ব্যাংক D. সিটি ব্যাংক (D)

৩. AI Chatbot Copilot এর মালিকানা প্রতিষ্ঠান-
A. Google B. Microsoft
C. Amazon D. xAI (B)

৪. বিশ্বের প্রথম পুনর্ব্যবহারযোগ্য রকেট -
A. ড্রাগন২ B. আর্টেমিস
C. স্টারশিপ D. হেরা (C)

৫. ভোক্তা বাতায়ন হেল্পলাইন -
A. ১৬১২১ B. ১০৯৮
C. ১৬৫৫৫ D. ১৬২৬৩ (A)

৬. বিশ্বের প্রথম পিএইচডি ডিগ্রিধারী রোবট
A. সুয়েবা-০১ B. ডেভিন
C. সুখী D. লিগনোস্যাট (A)

৭. কৃত্রিম বুদ্ধিমত্তা কোন শিল্পবিপ্লব যুগের আবিষ্কার?
A. শিল্প বিপ্লব-০১ B. শিল্প বিপ্লব-০২
C. শিল্প বিপ্লব-০৩ D. শিল্প বিপ্লব-০৪ (D)

৮. বিশ্বের সবচেয়ে শক্তিশালী সুপার কম্পিউটার -
A. Frontier B. Aurora
C. HPC6 D. El Capitan (D)

*** নোট: ইনটুইটিভ মেশিনের মহাকাশযানের নাম: অডিসিয়াস।

অধ্যায়-০৯: আন্তর্জাতিক পরিবেশগত ইস্যু

গ্রিনহাউস ও কার্বন নির্গমন ইস্যু [সোর্স: EDGAR-European Commission, Last Update: 13-08-2025]

তথ্য	শীর্ষ দেশ	দ্বিতীয়	তথ্য	শীর্ষ দেশ	দ্বিতীয়
গ্রিনহাউজ নির্গমনে	চীন	যুক্তরাষ্ট্র	কার্বন নির্গমনে	চীন	যুক্তরাষ্ট্র
মাথাপিছু গ্রিনহাউজ নির্গমনে	কাতার	পালাউ	মাথাপিছু কার্বন নির্গমনে	পালাউ	কাতার

নোট: মানব উন্নয়ন প্রতিবেদন ২০২৩/২৪ অনুযায়ী, মাথাপিছু কার্বন নির্গমনে শীর্ষ দেশ কাতার (৩৯.৯ টন)।

দক্ষিণ এশিয়ার প্রথম দেশ হিসেবে UN Water Convention -এ বাংলাদেশ

জাতিসংঘের এই কনভেনশনটি ১৭ মার্চ, ১৯৯২ গৃহীত হয় এবং ২০১৬ সাল থেকে এটি জাতিসংঘের সব সদস্য রাষ্ট্রের জন্য উন্মুক্ত করা হয়। এটি আন্তঃসীমান্ত জলসম্পদ ব্যবস্থাপনায় একটি বৈশ্বিক আইনি কাঠামো। বাংলাদেশ জটিল ভৌগোলিক অঞ্চলে অবস্থিত, যেখানে ৫৭টি আন্তঃসীমান্ত নদী প্রবাহিত হয়েছে। গঙ্গা (পদ্মা), ব্রহ্মপুত্র ও মেঘনা নদীর পানি চীন, নেপাল, ভুটান ও ভারতের মধ্য দিয়ে প্রবাহিত হয়ে বাংলাদেশের বঙ্গোপসাগরে মিশেছে। ফলে এই অঞ্চলে জল ব্যবস্থাপনায় আন্তঃদেশীয় সহযোগিতা এবং টেকসই ও ন্যায়সঙ্গত ব্যবস্থাপনার প্রয়োজনীয়তা অত্যাধিক।

- বাংলাদেশ জাতিসংঘের The Convention on the Protection and Use of Transboundary Watercourses and International Lakes (Water Convention) এ আনুষ্ঠানিকভাবে যোগ দেয়: ২০ জুন, ২০২৫।
- এর মাধ্যমে বাংলাদেশ দক্ষিণ এশিয়ার প্রথম এবং বিশ্বে ৫৬তম দেশ হিসেবে এ চুক্তিতে যুক্ত হলো।
- সর্বশেষ ২০২৪ সালের অক্টোবরে বাংলাদেশ স্লোভেনিয়ায় অনুষ্ঠিত দশম বৈঠকে অংশগ্রহণ করে।

জলবায়ু পরিবর্তন বিষয়ক সম্মেলন ২০২৪ – COP (Conference of the Parties) -29

UNFCCC প্রতি বছর জলবায়ু পরিবর্তন সম্মেলনের আয়োজন করে যা COP (Conference Of The Parties) নামে পরিচিত।

- **অনুষ্ঠিত হয়:** ১১ - ২২ নভেম্বর, ২০২৪ (স্থান: বাকু, আজারবাইজান)।
- **আয়োজক:** United Nations Framework Convention on Climate Change (UNFCCC).
- **সভাপতি:** মুখতার বাবায়েভ (পরিবেশ ও প্রাকৃতিক সম্পদ মন্ত্রী, আজারবাইজান)।
- **স্লোগান:** 'In Solidarity for a Green World' অর্থাৎ সবুজ পৃথিবীর জন্য সংহতি।]
- **অংশগ্রহণ করে:** ১৯৮টি দল (১৯৭টি দেশ এবং ইউরোপীয় ইউনিয়ন) ।
- বাংলাদেশের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস COP-29 সম্মেলনে উপস্থিত থাকেন ১১-১৪ নভেম্বর, ২০২৪। COP-29 সম্মেলনে 'With gathering to build a new civilization' আয়োজন করে বাংলাদেশ সরকার।

ঢাকার বাইরে পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রথম আঞ্চলিক দপ্তর চালু হয় চট্টগ্রামে।
প্রবাসী ভোটারদের জন্য চালু হবে পোস্টাল ব্যালট।

❖ **COP-29 আলোচ্য বিষয়:**

- ☐ উন্নত রাষ্ট্রগুলো উন্নয়নশীল রাষ্ট্রগুলোকে নিম্ন-কার্বন অর্থনীতিতে রূপান্তর এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় ২০৩৫ সাল পর্যন্ত বার্ষিক ৩০ হাজার কোটি ডলার (৩০০ বিলিয়ন) দিবে। জাতিসংঘের জলবায়ু প্রধান সায়মন স্টিল এই চুক্তিকে মানবতার বীমা বলে অভিহিত করেন।
- ☐ তাপমাত্রা বৃদ্ধির সীমা ১.৫ ডিগ্রি সেলসিয়াসের নিচে রাখার জোর চেষ্টা।
- ☐ পর্যায়ক্রমে জীবাশ্ম জ্বালানি থেকে সরে আসা এবং ২০৩০ সাল নাগাদ নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার তিন গুণ বাড়ানো।

'জি-জিরো (G-Zero)'

❖ COP-29 সম্মেলনে কার্বন নিঃসরণ কমাতে ভুটানের নেতৃত্বে 'জি-জিরো (G-Zero)' ফোরাম গঠিত হয়: ১৩ নভেম্বর, ২০২৪।

❖ **'জি-জিরো (G-Zero)' সদস্য:** ৪টি (ভুটান, পানামা, সুরিনাম, মাদাগাস্কার)। **মূল উদ্যোক্তা:** ভুটান।

❖ **কার্বন নিঃসরণে সদস্যভুক্ত ৪টি দেশের ভূমিকা:** ৪টি দেশই কার্বন নিরপেক্ষ দেশ। সদস্যভুক্ত দেশগুলোতে দূষণমাত্রার চেয়ে কম পরিমাণে কার্বন নিঃসরণ হয় এবং যে অল্প পরিমাণে কার্বন নিঃসরণ হয় সেগুলো শুষে নেওয়ার মতো পরিবেশ ব্যবস্থা রয়েছে। সেজন্য সদস্যভুক্ত দেশগুলো থেকে কার্বন নিঃসরণের কারণে উষ্ণায়ন হয় না।

➢ **পরবর্তী COP সম্মেলনসমূহ:**

স্থান	তম	সময়কাল	স্থান
২০২৪	২৯তম	১১ – ২২ নভেম্বর, ২০২৪	বাকু, আজারবাইজান
২০২৫	৩০তম	১০ – ২১ নভেম্বর, ২০২৫	(ভেন্যু: সিটি পার্ক) বেলেঁম, ব্রাজিল
২০২৬	৩১তম	------	অ্যাডিলেড, দক্ষিণ অস্ট্রেলিয়া

ব্রাজিলের উত্তরাঞ্চলীয় পারা রাজ্যের রাজধানী বেলেঁম (আমাজনীয় শহর খ্যাত)। আমাজন নদীর গেটওয়ে বলা শহরটিকে।

জীববৈচিত্র্য বিষয়ক সম্মেলন - ২০২৪

Conference of the Parties to the Convention on Biological Diversity 2024 - 'COP-16'

❖ **আয়োজক:** Convention on Biological Diversity (CBD).**অনুষ্ঠিত হয়:** ২১ অক্টোবর–১ নভেম্বর, ২০২৪ (ক্যালি, কলম্বিয়া)।

☑ **স্লোগান/থিম:** "Peace with Nature"./ প্রকৃতির সাথে শান্তি।

❖ **পরবর্তী CBD 'COP-17' বৈঠক অনুষ্ঠিত হবে:** ইয়েরেভান, আর্মেনিয়া (২০২৬ সালে)।

জাতিসংঘের মরুকরণ প্রতিরোধ কনভেনশন 'COP-16'

❖ **আয়োজক:** United Nations Convention to Combat Desertification (UNCCD).জাতিসংঘের সবচেয়ে বড় ভূমি সম্মেলন।

❖ **সময়কাল:** ২ - ১৩ ডিসেম্বর, ২০২৪। **প্রতিপাদ্য:** আমাদের ভূমি, আমাদের ভবিষ্যৎ'।

❖ **স্থান:** বুলেভার্ড রিয়াদ সিটি প্লেনারি হল, রিয়াদ, সৌদি আরব।

❖ **পরবর্তী UNCCD 'COP-17' বৈঠক অনুষ্ঠিত হবে:** মঙ্গোলিয়া (২০২৬ সালে)।

৫ জুন - বিশ্ব পরিবেশ দিবস [UNEP এর উদ্যোগে ১৯৭৪ সাল থেকে পালিত হয় বিশ্বব্যাপী]

❖ প্রতিপাদ্য: 'প্লাস্টিক দূষণ আর নয়'; স্লোগান- 'প্লাস্টিক দূষণ আর নয়, বন্ধ করার এখনি সময়'।

❖ ২০২৫ সালে পরিবেশ দিবসের আয়োজক দেশ – দক্ষিণ কোরিয়া।

❖ বিশ্বে প্রথম পরিবেশ দিবসের আয়োজক দেশ - যুক্তরাষ্ট্র (১৯৭৪ সালে), ২য় - বাংলাদেশ।

পরিবেশ বিষয়ক অন্যান্য তথ্য

❖ ঢাকা মহানগরীর বায়ুদূষণ ও ধুলা নিয়ন্ত্রণে কোনো উন্মুক্ত স্থান না রাখা (জিরো সয়েল) কর্মসূচি গ্রহণ করে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। পলিথিন ব্যবহার নিষিদ্ধ করা হয় ২০০২ সালে।

❖ ঢাকাসহ অন্যান্য শহরাঞ্চলে বায়ু দূষণ রোধে বাংলাদেশ ক্লিন এয়ার প্রকল্পে ২৯০ মিলিয়ন ডলার অর্থসহায়তা দিবে বিশ্বব্যাংক।

❖ বাংলাদেশের পরিবেশ সুরক্ষা নিয়ে কাজ করে বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) ও বাংলাদেশ পরিবেশ নেটওয়ার্ক (বেন)।

❖ ১ অক্টোবর, ২০২৪ থেকে সুপারশপে পলিথিন ও পলিপ্রপিলিন ব্যাগ নিষিদ্ধ করে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনবিষয়ক উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। ১ নভেম্বর থেকে ঢাকার ১০টি কাঁচাবাজারে পলিথিন ব্যবহার বন্ধে কার্যক্রম শুরু করে। পলিথিনের বিকল্প - সোনালি ব্যাগ (আবিষ্কার - মোবারক আহমদ খান)।

❖ পর্যটকদের জন্য ১ ফেব্রুয়ারি, ২০২৫ থেকে আগামী ৯ মাস সেন্টমার্টিন দ্বীপ ভ্রমণ বন্ধ থাকছে।

অনুশীলনী [For More Practice! Just scan this QR Code...]

1. ২০২৫ সালে ৩০তম COP সম্মেলনের আয়োজক -
A. অ্যাডিলেড B. বাকু
C. ঢাকা D. বেলেঁম ⓓ

2. পরবর্তী জীব বৈচিত্র্য সম্মেলনের আয়োজক -
A. কলম্বিয়া B. মেক্সিকো
C. আর্মেনিয়া D. চীন ⓒ

3. মাথাপিছু কার্বন নির্গমনে শীর্ষ দেশ-
A. চীন B. পালাউ
C. যুক্তরাষ্ট্র D. কাতার ⓑ

4. মাথাপিছু গ্রিনহাউস নির্গমনে শীর্ষ দেশ কোনটি?
A. কাতার B. বুরুন্ডি
C. পালাউ D. মোনাকো ⓐ

5. জি-জিরো ফোরামের উদ্যোক্তা দেশ -
A. ভুটান B. পানামা
C. সুরিনাম D. বাংলাদেশ ⓐ

6. সুপারশপে পলিথিন ব্যাগ নিষিদ্ধ করা হয় -
A. ১ অক্টোবর, ২০২৪ B. ১ নভেম্বর, ২০২৪
C. ১ ফেব্রুয়ারি, ২০২৫ D. ১ জানুয়ারি, ২০২৫ ⓐ

অধ্যায়-১০: খেলাধুলা

বাংলাদেশ জাতীয় ফুটবল দলে বাংলাদেশি প্রবাসী খেলোয়াড়দের আগমন

❖ বাংলাদেশ জাতীয় ফুটবল দলে ৬ জন প্রবাসী ফুটবলার: ১. জামাল ভূঁইয়া (ডেনমার্ক, ২০১৩), ২. তারিক কাজী (ফিনল্যান্ড), ৩. কাজেম শাহ (কানাডা), ৪. হামজা চৌধুরী (ইংল্যান্ড) , ৫. ফাহামিদুল ইসলাম (ইতালি) এবং সর্বশেষ ৬. শমিত সোম (কানাডা)

তথ্যপ্রবাহ	হামজা দেওয়ান চৌধুরী	শমিত সোম	ফাহামিদুল ইসলাম
ধরন	মিডফিল্ডার	মিডফিল্ডার	ফরোয়ার্ড
ফিফার প্লেয়ার স্ট্যাটাস অনুমোদন	১৯ ডিসেম্বর, ২০২৪	৬ মে, ২০২৫	----------
যে ক্লাবে খেলেন	শেফিল্ড ইউনাইটেড, ইংল্যান্ড	কানাডা জাতীয় দল ও কানাডিয়া ক্যাভালরি এফসি	ওলবিয়া কালচো, ইতালি
বাংলাদেশের জার্সিতে অভিষেক	২৫ মার্চ, ২০২৫ (বাংলাদেশ-ভারত)	১০ জুন, ২০২৫ (বাংলাদেশ-সিঙ্গাপুর)	০৪ জুন, ২০২৫ (বাংলাদেশ-ভুটান)

❖ সাম্প্রতিক সময়ে বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সাফল্য (এশিয়ান কাপ বাছাইয়ের তৃতীয় রাউন্ড):
1. ২৫ মার্চ, ২০২৫: প্রথম ম্যাচে ভারতের সঙ্গে গোলশূন্য ড্র করে বাংলাদেশ (জহরলাল নেহরু স্টেডিয়াম, শিলং, মেঘালয়)।
2. ০৪ জুন, ২০২৫: দ্বিতীয় ম্যাচে ভুটানের সঙ্গে ২–০ গোলে জয়লাভ করে বাংলাদেশ (জাতীয় স্টেডিয়াম, ঢাকা)।
3. ১০ জুন, ২০২৫: তৃতীয় ম্যাচে বাংলাদেশ সিঙ্গাপুরের বিপক্ষে ২-১ গোলে পরাজিত হয় (জাতীয় স্টেডিয়াম, ঢাকা)।

২১তম ফিফা ক্লাব বিশ্বকাপ ২০২৫

❖ আয়োজক দেশ: যুক্তরাষ্ট্র। সময়কাল: ১৪ জুন – ১৩ জুলাই, ২০২৫। প্রথমবারের মতো ৩২টি দল অংশগ্রহণ করে।
❖ উদ্বোধনী ম্যাচ: ইন্টার মায়ামি (যুক্তরাষ্ট্র) - আল আহলি (মিসর)। খেলা অনুষ্ঠিত হয়: মায়ামির হার্ড রক স্টেডিয়ামে।
❖ যুক্তরাষ্ট্রে ফুটবল সকার নামে পরিচিত। টুর্নামেন্টের ফাইনাল: ১৩ জুলাই (মেটলাইফ স্টেডিয়াম, নিউজার্সি)।
❖ ২০২১ থেকে ২০২৪ সময়ের মধ্যে আফ্রিকা, এশিয়া, ইউরোপ, উত্তর আমেরিকা ও দক্ষিণ আমেরিকায় মহাদেশীয় ক্লাব প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ৩২টি দল ২০২৫ ফিফা ক্লাব বিশ্বকাপে অংশগ্রহণ করেছে। ফলে ইউরোপের শীর্ষস্থানীয় দল বার্সেলোনা, লিভারপুল ও আর্সেনাল অংশগ্রহণ করতে পারে নি।

গ্রেগ থেকে মিরাজ

❖ ৩০ এপ্রিল, ২০২৫ টেস্ট ইতিহাসে সপ্তম খেলোয়াড় হিসেবে জিম্বাবুয়ের বিপক্ষে এক সিরিজে সেঞ্চুরি ও ম্যাচে ১০ উইকেট লাভ করেন মেহেদী হাসান মিরাজ। ১৯৭৪ সালে প্রথম এ কীর্তি গড়েছিলেন টনি গ্রেগ (ইংল্যান্ড; ওয়েস্টইন্ডিজের বিপক্ষে)।
❖ এক সিরিজে সেঞ্চুরি ও ম্যাচে ১০ উইকেট লাভ করে ২ জন বাংলাদেশি (১. সাকিব আল হাসান, ২. মেহেদী হাসান মিরাজ)।
❖ একই টেস্টে সেঞ্চুরি ও ৫ উইকেটের কীর্তি ৩ বাংলাদেশির (১. সাকিব আল হাসান, ২. সোহাগ গাজী, ৩. মেহেদী হাসান মিরাজ)।
❖ টেস্ট ক্রিকেটে একই দিনে সেঞ্চুরি ও ৫ উইকেটের এই 'ডাবল' উদ্‌যাপন করেন ২ জন [১. ইয়ান বোথাম (ইংল্যান্ড), ২. মেহেদী হাসান মিরাজ (বাংলাদেশ)।

২৩তম বিশ্বকাপ ফুটবল ২০২৬

- প্রথম বিশ্বকাপ ফুটবল হিসেবে ৩টি দেশে (কানাডা, মেক্সিকো ও যুক্তরাষ্ট্র) অনুষ্ঠিত হচ্ছে।
  ** কানাডা প্রথমবারের মতো বিশ্বকাপ ফুটবলের আয়োজক হচ্ছে। বাছাইপর্ব থেকে প্রথম দল হিসেবে স্থান পায় জাপান।
- প্রথমবারের মতো বিশ্বকাপ ফুটবল খেলবে ৪৮টি দেশ ও নকআউট পর্ব শুরু হবে ৩২ দল নিয়ে।
- **উদ্বোধনী ম্যাচ:** ১১ জুন, ২০২৬ (আজতেকা স্টেডিয়াম, মেক্সিকো)। **মোট ম্যাচ সংখ্যা:** ১০৪টি (১৬টি স্টেডিয়ামে)।
- **ফাইনাল ম্যাচ:** মেটলাইফ স্টেডিয়াম, নিউজার্সি, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র (১৯ জুলাই, ২০২৬)।
- প্রথমবারের মতো বিশ্বকাপের অফিশিয়াল লোগোয় ট্রফির ও আয়োজনের সাল ব্যবহার করা হচ্ছে।
- **অফিসিয়াল ক্যাম্পেইন, হ্যাশট্যাগ, মোটো:** WE ARE 26. [তিনটি দেশ ও পুরো মহাদেশের সবার একতা হয়ে এখন এটাই বলার সময়]

অ্যাথলেটিকস:

বাংলাদেশ:

- মালদ্বীপে অনুষ্ঠিত দক্ষিণ এশিয়ান (সাবা) অনূর্ধ্ব-১৬ বাস্কেটবল (বালক) চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ লাভ করে বাংলাদেশ (মালদ্বীপকে ৭৫-৪২ পয়েন্টে হারায়) – ১৫ জুন, ২০২৫।
- প্রথমবারের মত এশিয়া কাপ ফুটবলে খেলার যোগ্যতা অর্জন করে বাংলাদেশের প্রমিলা ফুটবল দল; মিয়ানমারকে হারিয়ে (২ জুলাই, ২০২৫); জোড়া গোল করেন ঋতুপর্ণা চাকমা। বাংলাদেশ পুরুষ ফুটবল দল প্রথম যোগ্যতা অর্জন করেছিলো ১৯৮৫ সালে।
- সিঙ্গাপুরে অনুষ্ঠিত এশিয়া কাপ আর্চারির দ্বিতীয় লেগে পুরুষদের রিকার্ভ ব্যক্তিগত ইভেন্টে সোনা জিতে আবদুর রহমান আলিফ (২০ জুন, ২০২৫); ৬-৪ সেট পয়েন্টে জাপানের মিয়াতা গাকুতোকে হারিয়ে। দ্বিতীয় কোনো বাংলাদেশি আর্চার হিসেবে তিনি এশিয়ান পর্যায়ে সোনা জিতেন। ২০১৯ সালে এশিয়া কাপ আর্চারির লেগ-৩-এ প্রথম সোনা জিতেছিলেন রোমান সানা।
- ৪৮তম জাতীয় অ্যাথলেটিকস (১৭ – ১৯ ফেব্রুয়ারি, ২০২৫)। দ্রুততম মানব ও মানবী:

ইভেন্ট	স্প্রিন্ট	বিজয়ী	সময়
ছেলে	১০০ মিটার	ইসমাইল (বাংলাদেশ নৌবাহিনী)	১০.৬১ সেকেন্ড
মেয়ে	১০০ মিটার	শিরিন আক্তার (বাংলাদেশ নৌবাহিনী)	১২.০১ সেকেন্ড

- বাংলাদেশ ক্রিকেটে ৩ ফরম্যাটে নতুন ৩ অধিনায়ক:

ODI: মেহেদী হাসান মিরাজ	T-20: লিটন কুমার দাস	Test: নাজমুল হোসেন শান্ত

- একজনজরে নাজমুল হোসেন শান্ত এর যত কীর্তি [বাংলাদেশ-শ্রীলঙ্কা টেস্ট ম্যাচ (২১ জুন, ২০২৫)]:

১ম বাংলাদেশি হিসেবে ২ বার টেস্টের দুই ইনিংসেই সেঞ্চুরি	দেশের বাইরে ১ম টেস্টের দুই ইনিংসেই সেঞ্চুরি
১ম বাংলাদেশি অধিনায়ক হিসেবে টেস্টের দুই ইনিংসেই সেঞ্চুরি	মাত্র ১৬তম অধিনায়ক হিসেবে টেস্টের দুই ইনিংসেই সেঞ্চুরি
টেস্ট ইতিহাসে মাত্র ১৫তম ব্যাটার হিসেবে দুইবার টেস্টের দুই ইনিংসেই সেঞ্চুরি	

- আফগানিস্তানে দাবা খেলাকে নিষিদ্ধ করা হয়।
- বাংলাদেশের প্রথম নারী হিসেবে ২০২৫ সালে অনূর্ধ্ব-১৯ নারী বিশ্বকাপে আম্পায়ারিং করেন: সাথিয়া জাকির জেসি।
- বাংলাদেশ ফুটবল দলের কোচ হাভিয়ের কাবরেরা। বাফুফে ফিফার নিষেধাজ্ঞামুক্ত হয় ৭ মার্চ, ২০২৫।
- বাংলাদেশ ফুটবল ফেডারেশনের (বাফুফে) বর্তমান সভাপতি: তাবিথ আউয়াল।
- বাংলাদেশের নতুন আন্তর্জাতিক মাস্টার নীড়: মনন রেজা নীড় (হাঙ্গেরির বুদাপেস্টে চলমান গ্র্যান্ডমাস্টার 'এ' প্রতিযোগিতায়)। বাংলাদেশের মোট গ্রান্ডমাস্টার দাবাড়ু – ৫ জন। সর্বশেষ – মনন রেজা নীড় (সর্বকনিষ্ঠ)। ১ম গ্রান্ডমাস্টার – নেয়াজ মোর্শেদ।
- **বাংলাদেশের নারীদের প্রথম শ্রেণির ক্রিকেটে প্রথম ও দ্রুততম (৭৮ বলে) সেঞ্চুরিয়ান:** নিগার সুলতানা জ্যোতি।
- ভারতের কমলা বাসিন স্পেশাল জুরি অ্যাওয়ার্ড লাভ করেন বাংলাদেশের প্রথম ফিফা নারী রেফারি ও BKSP'র ফুটবল কোচ "জয়া চাকমা"।
- **ICC বর্ষসেরা মহিলা ক্রিকেটারের তালিকায় একমাত্র বাংলাদেশি ক্রিকেটার:** নাহিদা আক্তার।
- **শ্রীলঙ্কার কলম্বোয় এশিয়ান জোনাল দাবা চ্যাম্পিয়নশিপের মহিলা বিভাগে চ্যাম্পিয়ন হন:** ওয়াদিফা আহমেদ। ফিদে মাস্টার থেকে হয়েছেন মহিলা আন্তর্জাতিক মাস্টার।

আন্তর্জাতিক:

- ওয়েফা চ্যাম্পিয়নসলীগ ২০২৫: শিরোপ জয়ী – Paris Saint-Germain (PSG). ১ম বারের মতো জয়ী।
- আন্তর্জাতিক ফুটবল দিবস ২৫ মে। জাতিসংঘ ২০২৪ সাল থেকে মে মাসের ২৫ তারিখকে ফুটবল দিবস হিসেবে স্বীকৃতি দেয়।
- ২০২৮ সালের ৩৪তম অলিম্পিক গেমসে ক্রিকেট অন্তর্ভুক্ত করে আন্তর্জাতিক অলিম্পিক কমিটি (আইওসি)।
- ৩৪তম অলিম্পিক গেমসে নতুন যে ৫টি ইভেন্ট যুক্ত হয় – Baseball/Softball, Cricket, Flag Football, Lacrosse And Squash
- স্বীকৃত টি-টোয়েন্টিতে (IPL) সবচেয়ে কম বয়সে সেঞ্চুরি করেন বৈভব সূর্যবংশী (বয়স:১৪ বছর ৩২ দিন)।৩৫ বলে ১০০ রান করেন।
- ২০২৫ সালে যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ বেসামরিক সম্মান প্রেসিডেনশিয়াল মেডেল অব ফ্রিডম লাভ করেন লিওনেল মেসি। ২০২৩ সালে যুক্তরাষ্ট্রের ক্লাব ইন্টার মায়ামিতে যোগ দেন।
- টি-টোয়েন্টিতে সর্বোচ্চ রানের বিশ্ব রেকর্ড: ২০২৬ টি-টোয়েন্টি বিশ্বকাপের আফ্রিকান উপ-আঞ্চলিক বাছাই পর্বের ম্যাচে গাম্বিয়ার বিপক্ষে জিম্বাবুয়ে ৪ উইকেটে করে সংগ্রহ করে ৩৪৪ রান (২৩ অক্টোবর, ২০২৪)।
- বিশ্ব দাবা চ্যাম্পিয়নে কনিষ্ঠতম চ্যাম্পিয়ন – গুকেশ ডোম্মারাজু (ভারত)।
- ফিফার বর্ষসেরা ফুটবলারের পুরস্কার 'ফিফা দ্য বেস্ট' জিতেছেন রিয়াল মাদ্রিদের তারকা ভিনিসিউস জুনিয়র (ব্রাজিল)।
- ২০২৪ সালে ব্যালন ডি'অর বিজয়ী (বর্ষসেরা ফুটবলার):

নারী: আইতানা বোনমাতি (স্পেন)	পুরুষ: রদ্রি (স্পেন)	পুরুষ: এমিলিয়ানো মার্টিনেজ (আর্জেন্টিনা)

খেলাধুলা বিষয়ক আগাম বার্তা

সাল	খেলার নাম	তম	আয়োজক দেশ
২০২৮	অলিম্পিক গেমস ***	৩৪	লস এঞ্জেলেস, যুক্তরাষ্ট্র
২০৩২		৩৫	ব্রিজবেন, অস্ট্রেলিয়া (২৩ জুলাই- ৮ আগস্ট)
২০২৬	বিশ্বকাপ ফুটবল ***	২৩	যুক্তরাষ্ট্র, কানাডা, মেক্সিকো [অংশগ্রহণ: ৪৮টি দেশ]
২০৩০	[বিশ্বকাপ ফুটবলের শতবর্ষ উদযাপিত	২৪	মরক্কো, স্পেন, পর্তুগাল [অংশগ্রহণ: ৬৪টি দেশ]
২০৩৪	হবে ২০৩০ সালে]	২৫	সৌদিআরব
২০২৭	নারী ফুটবল বিশ্বকাপ	১০	ব্রাজিল (১ম বারের মতো)
২০৩১		১১	যুক্তরাষ্ট্র ও মেক্সিকো (৪৮টি দল)
২০৩৫		১২	যুক্তরাজ্য (ইংল্যান্ড, স্টকল্যান্ড, উত্তর আয়ারল্যান্ড, ওয়েলস)
২০২৭	AFC Asian Cup	১৯	সৌদি আরব
২০২৭	বিশ্বকাপ ক্রিকেট ***	১৪	দক্ষিণ আফ্রিকা, জিম্বাবুয়ে ও নামিবিয়া (১৪টি দল)
২০৩১		১৫	ভারত ও বাংলাদেশ
২০২৫	নারী বিশ্বকাপ ক্রিকেট	১৩	ভারত ও শ্রীলঙ্কা (৩০ সেপ্টেম্বর – ০২ নভেম্বর)
(৯ – ১৯ এপ্রিল, ২০২৫) পাকিস্তানে অনুষ্ঠিত 2025 Women's Cricket World Cup Qualifier এ ওয়ানডে বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করে পাকিস্তান ও বাংলাদেশ। অংশগ্রহণ করবে ৮টি দল। মোট ম্যাচ হবে: ৩১টি।			
২০২৬	T-20 বিশ্বকাপ ক্রিকেট **	১০	ভারত ও শ্রীলঙ্কা (দল: ২০টি)
২০২৮		১১	অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড
২০৩০		১২	যুক্তরাজ্য (ইংল্যান্ড, স্টকল্যান্ড, উত্তর আয়ারল্যান্ড, ওয়েলস)
২০২৬	T-20 নারী বিশ্বকাপ ক্রিকেট	১০	ইংল্যান্ড ও ওয়েলস
২০২৬	দক্ষিণ এশীয় গেমস	১৪	পাকিস্তান
২০২৬	AFC Women's Asian Cup ***	২১	অস্ট্রেলিয়া
২০২৯	চ্যাম্পিয়ন'স ট্রফি	১০	ভারত
২০২৬	শীতকালীন অলিম্পিক	২৫	মিলান, ইতালি
২০২৬	নারী এশিয়ান কাপ ফুটবল	২১	অস্ট্রেলিয়া

বিশ্ব কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) সম্মেলন-২০২৫ অনুষ্ঠিত হয়: সাংহাই, চীন (২৬-২৮ জুলাই, ২০২৫)। মূল থিম: Global Solidarity in the AI Era.

সাল	খেলার নাম	তম	আয়োজক দেশ
২০২৬	এশিয়ান গেমস	২০	আইচি ও নাগোয়া, জাপান
২০২৭	অনূর্ধ্ব-১৯ নারী টি-২০ বিশ্বকাপ	৩	বাংলাদেশ ও নেপাল
২০২৫	এশিয়া কাপ (ক্রিকেট) – T20 Format	১৭	স্বাগতিক: ভারত; আয়োজক: আরব আমিরাত
২০২৭	এশিয়া কাপ (ক্রিকেট) – ODI Format	১৮	বাংলাদেশ
২০২৭	২য় চ্যাম্পিয়নস ট্রফির আয়োজক: শ্রীলঙ্কা।		

** ২০২৬ সালের T-20 বিশ্বকাপ ক্রিকেটে ইতিহাসে প্রথমবারের মতো জায়গা করে নিয়েছে ইতালি।

অনুশীলনী [For More Practice! Just scan this QR Code...]

1. **Wimbledon Championships কোন শহরে অনুষ্ঠিত হয়?**
   A. প্যারিস B. লন্ডন
   C. মেলবোর্ন D. নিউইয়র্ক (B)
2. **২১তম ফিফা ক্লাব ফুটবলের আয়োজক?**
   A. যুক্তরাষ্ট্র B. ফ্রান্স
   C. জার্মানি D. চীন (A)
3. **টি-২০ ১৭তম এশিয়া কাপের আয়োজক দেশ -**
   A. আরব আমিরাত B. ভারত
   C. শ্রীলঙ্কা D. বাংলাদেশ (A)
4. **কততম বিশ্বকাপ ফুটবলে ৬৪টি দল অংশগ্রহণ করবে?**
   A. ২৫তম B. ২৩তম
   C. ২৬তম D. ২৪তম (D)
5. **১৫তম বিশ্বকাপ ক্রিকেট অনুষ্ঠিত হবে?**
   A. ইংল্যান্ড B. বাংলাদেশ
   C. পাকিস্তান D. অস্ট্রেলিয়া (B)
6. **কোন দেশ সম্প্রতি দাবা খেলা নিষিদ্ধ করে?**
   A. চীন B. ইরান
   C. আফগানিস্তান D. ভুটান (C)

অধ্যায়-১১: সাম্প্রতিক সংখ্যাবিন্যাস

সংখ্যা	টি	তথ্যপ্রবাহ
২	টি	জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (আইআরডি) বিলুপ্ত করে 'রাজস্ব নীতি বিভাগ' ও 'রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ' নামে নতুন দুটি বিভাগ প্রতিষ্ঠা করে অধ্যাদেশ জারি করা হয় ১২ মে, ২০২৫।
২	টি	দেশে প্রথমবারের মতো রাজশাহী জেলার ২টি জলাভূমিকে 'জলাভূমি-নির্ভর প্রাণী অভয়ারণ্য' ঘোষণা করে সরকার (৭ মে, ২০২৫)। জলাভূমি ২টি রাজশাহীর তানোর ও গোদাগাড়ী উপজেলায় অবস্থিত।
৩	টি	দেশে মোট সমুদ্রবন্দর [**সর্বশেষ:** পায়রা সমুদ্রবন্দর, রামনাবাদ, (কলাপাড়া, পটুয়াখালী)]।
৩	টি	দেশে আন্তর্জাতিক বিমানবন্দর সংখ্যা (ঢাকা, চট্টগ্রাম, সিলেট) – (৪র্থ – চালু হবে: কক্সবাজার)।
৪	টি	বর্তমানে ভ্যাটের স্তর ৪টি [১. ৫% (সর্বনিম্ন); ২. ৭.৫%; ৩. ১০% এবং ৪. ১৫% (সর্বোচ্চ)] সূত্র: NBR
৫	টি	সরকারি টেলিভিশন সংখ্যা (বাংলাদেশ টেলিভিশন, বিটিভি চট্টগ্রাম, বিটিভি ওয়ার্ল্ড, সংসদ বাংলাদেশ, সর্বশেষ বিটিভি নিউজ; চালু হয় ৩১ ডিসেম্বর, ২০২৪)।
৫	টি	বর্তমানে পল্লী উন্নয়ন একাডেমি সংখ্যা।
১৯	টি	বাংলাদেশের জাতীয় আয় গণনায় দেশের অর্থনীতিকে ১৯টি খাতে ভাগ করা হয়।
২৪	টি	দেশে বর্তমানে স্থলবন্দর সংখ্যা।
২৯	টি	মোট গ্যাসক্ষেত্র, সর্বশেষ গ্যাসক্ষেত্র: ইলিশা-০১, ভোলা। [উৎপাদনে রয়েছে ২২টি] *** সিলেট-১০ (জৈন্তাপুর ও গোয়াইনঘাট) নম্বর গ্যাসক্ষেত্রের কূপে তেলের সন্ধান পাওয়া গেছে।
৩০	টি	বিশ্বের ৩০টি দেশের সঙ্গে বাংলাদেশের ভিসা অব্যাহতি চুক্তি স্বাক্ষরিত হয়েছে (সর্বশেষ: পূর্ব তিমুর)।
৩২	বছর	চাকরিতে প্রবেশের বয়সসীমা ৩২ বছর।
৩৫	টি	রাষ্ট্রীয় বনভূমি রয়েছে ৩৫টি জেলায় (সর্বাধিক রাষ্ট্রীয় বনভূমি: রাঙ্গামাটিতে ও সবচেয়ে কম: লালমনিরহাটে)।
৪৯	টি	বর্তমানে দেশের ৪৯টি জেলায় রেলপথ রয়েছে (সর্বশেষ জেলা: নড়াইল)।
৫১	টি	বাংলাদেশে ৫১টি দেশের দূতাবাস রয়েছে।

সংখ্যা	টি	তথ্যপ্রবাহ
৫৫	টি	নদীবন্দর। সর্বশেষ নদী বন্দর: হাতিয়া নদীবন্দর, নোয়াখালী (২য় উপকূলীয় নদীবন্দর)। দেশের প্রথম উপকূলীয় নদীবন্দর: সন্দ্বীপ নদীবন্দর, চট্টগ্রাম।
৫৫	টি	**রাজনৈতিক দল:** বাংলাদেশ মাইনরিটি জনতা পার্টি (প্রতীক: রকেট) [নিবন্ধিত রাজনৈতিক দল: ৫১টি]। [রাজনৈতিক দল হিসেবে জামায়াতে ইসলামীর নিবন্ধন ও দলীয় প্রতীক দাঁড়িপাল্লা ফিরিয়ে দেয় নির্বাচন কমিশন ২৪ জুন, ২০২৫]
৫৬	টি	পাবলিক বিশ্ববিদ্যালয় [**সর্বশেষ:** বগুড়া বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বগুড়া]
৬০	টি	জাতিসংঘের ১৯৩টি দেশের মধ্যে ৬০টি দেশে বাংলাদেশের ৮৪টি কূটনৈতিক মিশন রয়েছে।
১১৩	ধরন	বর্তমানে দেশে ১১৩ ধরনের 'সামাজিক সুরক্ষা কার্যক্রম' চলমান রয়েছে।
১১৬	তম	১১৬তম বেসরকারি বিশ্ববিদ্যালয় গ্রামীণ বিশ্ববিদ্যালয়।
১২০	দিন	নারী শ্রমিকদের মাতৃত্বকালীন ছুটি।
১২৫	টি	সুন্দরবনে বর্তমানে বাঘ সংখ্যা [সুন্দরবন বাঘ জরিপ-২০২৪]।
১৪৬	টি	বাংলাদেশে বাঘের সংখ্যা [সোর্স: গ্লোবাল টাইগার ফোরাম (জিটিএফ)-২০২৫]।
১৫৭	টি	বর্তমানে বাংলাদেশ ১৫৭টি দেশে ঔষধ রপ্তানি করে।
১৬৮	জন	গ্লোবাল ফান্ড ফর চিলড্রেন' প্রতিবেদন অনুযায়ী বাংলাদেশে জুলাই আন্দোলনে নিহত পথশিশুর সংখ্যা।
১৭০	টি	চা বোর্ড কর্তৃক নিবন্ধিত চা বাগানের সংখ্যা (সবচেয়ে বেশি চা বাগান রয়েছে মৌলভীবাজার জেলায়-৯২টি)।
২৭৪	টি	শনি গ্রহের উপগ্রহের সংখ্যা (সৌরজগতের সর্বাধিক উপগ্রহ)।
২৮৫	টি	বর্তমানে অত্যাবশ্যকীয় ওষুধ।
৩৩০	টি	সর্বশেষ ও ৩৩০তম পৌরসভা (শ্যামনগর, সাতক্ষীরা)।
৪৯৫	টি	দেশের সর্বশেষ ৪৯৫তম উপজেলা: ঈদগাঁহ, কক্সবাজার।
৫০৪	জন	দেশে বর্তমানে বীরাঙ্গনা মুক্তিযোদ্ধার সংখ্যা।
৫৬০	জন	দেশে বর্তমানে মোট শহীদ বুদ্ধিজীবীর সংখ্যা।
৬০০	টাকা	সামাজিক নিরাপত্তা বেষ্টনীর বয়স্কভাতার পরিমাণ।
৬৫৪	টি	দেশের মোট থানা সংখ্যা (সর্বশেষ: পদ্মা সেতু উত্তর ও পদ্মা সেতু দক্ষিণ থানা)।
৮৩৬	জন	জুলাই গণঅভ্যুত্থানে শহীদী সংখ্যা/ শহীদী পরিবারের সংখ্যা।
১৪১৫	টি	দেশে নদ-নদীর সংখ্যা (সোর্স-পানিসম্পদ মন্ত্রণালয়, জাতীয় নদী রক্ষা কমিশন, পানি উন্নয়ন বোর্ড)। → **দীর্ঘতম নদী:** পদ্মা (৩৫১ কিমি); **ক্ষুদ্রতম নদী:** বলেশ্বর নদী, শেরপুর (০.২ কিমি)।
৪,৫৮০	টি	দেশে বর্তমানে মোট ইউনিয়ন পরিষদ সংখ্যা (সোর্স: স্থানীয় সরকার মন্ত্রণালয়)।
৪,৫৮৪	টি	দেশে বর্তমানে মোট ইউনিয়ন পরিষদ সংখ্যা (সোর্স: জনশুমারি ২০২২)।
১৪,২৭৫	টি	দেশে বর্তমানে কমিউনিটি ক্লিনিক রয়েছে।
৯০০৪৯	টি	দেশের মোট গ্রাম (দেশের মোট জনসংখ্যার ৬৮.৩৪% লোক গ্রামে বসবাস করে)। সূত্র: আমার গ্রাম, আমার শহর।

অনুশীলনী [For More Practice! Just scan this QR Code...]

1. গ্লোবাল টাইগার ফোরাম জরিপে বাংলাদেশে বাঘের সংখ্যা-
   A. ১২৫টি B. ১৪৬টি
   C. ১৪৮টি D. ১৫২টি (B)
2. দেশে বর্তমানে মোট ইউনিয়ন সংখ্যা -
   A. ৪৫৮২টি B. ৪৬৫৪টি
   C. ৪৩৩২টি D. ৪৫৮৪টি (D)
3. বিশ্বে বাংলাদেশের কূটনৈতিক মিশন সংখ্যা -
   A. ৮৪টি B. ৮৭টি
   C. ৮০টি D. ৫০টি (A)
4. দেশে বর্তমানে উপকূলীয় নদীবন্দর -
   A. ৩টি B. ১টি
   C. ৪টি D. ২টি (D)

বাংলাদেশের মেগা প্রকল্পসমূহ

বিদ্যুৎকেন্দ্র

নাম	অবস্থান	উৎপাদন ক্ষমতা	প্রধান উপাদান	সহায়তা	বিশেষ নোট
রূপপুর	ঈশ্বরদী, পাবনা	২৪০০ মে.ওয়াট	পরমাণু-ইউরেনিয়াম	অ্যাটমস্ট্রয় এক্সপোর্ট (রোসাটম, রাশিয়া) & ভারত	স্থায়িত্ব: ৬০ বছর
রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটের জন্য 'ফ্রেশ নিউক্লিয়ার ফুয়েল' বা ইউরেনিয়ামের প্রথম চালান সফলভাবে বাংলাদেশে আসে ২৮ সেপ্টেম্বর, ২০২৩। ২৪০০ মেগাওয়াটের (১২০০ মেগাওয়াটের ২টি ইউনিট) ভিভিইআর-১২০০/৫২৩ মডেলের 'রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র' জাতীয় গ্রিডের সঞ্চালন লাইনের সঙ্গে সংযুক্ত হয়: ০২ জুন, ২০২৫।					
রামপাল	বাগেরহাট	১৩২০ মে.ওয়াট	কয়লা	ভারত	পশুর নদীর তীরে
রামপাল বিদ্যুৎকেন্দ্র থেকে উৎপাদিত ৬৬০ মেগাওয়াট বিদ্যুৎ প্রথমবারের মত জাতীয় গ্রিডে যুক্ত হয়: ১৭ ডিসেম্বর, ২০২২।					
পায়রা	কলাপাড়া, পটুয়াখালী	১৩২০ মে.ওয়াট	কয়লা	চীন	বৃহত্তম তাপবিদ্যুৎকেন্দ্র
মাতারবাড়ি	মহেশখালী, কক্সবাজার	১২০০ মে.ওয়াট	কয়লা	জাপান, সিঙ্গাপুর	আল্ট্রা সুপার ক্রিটিক্যাল প্রযুক্তির
☐ প্রথম ইউনিট (৬০০ মে.ওয়াট) পরীক্ষামূলক চালু করা হয় ২৯ জুলাই, ২০২৩ (অর্থায়ন করে: জাইকা) ☐ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন: ১১ নভেম্বর, ২০২৩। মালিকানা: কোল পাওয়ার জেনারেশন কোম্পানি লি[illegible]এল)					

মেগা প্রকল্প

নাম	প্রকল্পের নাম	অর্থায়ন/নির্মাণ	রুট	দৈর্ঘ্য	উদ্বোধন	বিশেষ তথ্য
দোহাজারী-কক্সবাজার রেলপথ	দোহাজারী - রামু হয়ে কক্সবাজার এবং রামু - মিয়ানমারের ঘুনধুম পর্যন্ত	অর্থ: এডিবি ও বাংলাদেশ সরকার সহায়তা: চীন	দোহাজারী,চট্টগ্রাম–রামু,কক্সবাজার-ঘুনধুম,বান্দরবান	দোহাজারী–রামু-কক্সবাজার= ১০০.৮৩১ কি.মি.।	১১ নভেম্বর, ২০২৩ BRI Road: দোহাজারী – রামু – ঘুনধুম - মিয়ানমার	এশিয়ান হাইওয়ে+BRI প্রকল্পে যুক্ত
কক্সবাজার আইকনিক রেলস্টেশন (প্রথম আইকনিক রেলস্টেশন–ঝিনুক আকৃতির) ☐ **অবস্থান:** চান্দের পাড়া, ঝিলংজা ইউনিয়ন, কলাতলী, কক্সবাজার। ১ লাখ ৮৭ হাজার বর্গফুটের দৃষ্টিনন্দন ছয়তলা ভবন বিশিষ্ট)। **স্থপতিকার:** মো. ফয়েজ উল্লাহ। ☐ ঢাকা-কক্সবাজার রুটে বাণিজ্যিকভাবে ট্রেন চলাচল শুরু হয়: ১ ডিসেম্বর, ২০২৩ (ট্রেনের নাম: কক্সবাজার এক্সপ্রেস)। ২য় ট্রেন: পর্যটক এক্সপ্রেস (১০.০১.২০২৪)। ☐ হাতিসহ বন্যপ্রাণী চলাচলের জন্য আলাদা আন্ডারপাস করা হয়েছে দোহাজারী-কক্সবাজার রেলপথ নির্মাণ প্রকল্পে।						
মেট্রোরেল (ঘন্টায় ৬০ হাজার যাত্রী পরিবহন করতে পারবে)	MRT (Mass Rapid Transit) Line-6	জাইকা, জাপান	উত্তরা – কমলাপুর লাইন বর্ধিত করা হবে গাজীপুরের টঙ্গী পর্যন্ত	২১.২৬ কি.মি./স্টেশন: ১৭টি [মেট্রোরেল লোগো ডিজাইনার:আলী হাসান নিশান]	২৮ ডিসেম্বর, ২০২২ (উত্তরা-আগারগাঁও রুট) ০৪ নভেম্বর, ২০২৩ (আগারগাঁও-মতিঝিল রুট)	প্রতি ট্রেনে ২৩০৮ জন যাত্রী পরিবহন করে। গঠিত MRT Police যাত্রা শুরু করে ২১ অক্টোবর, ২০২৩।
	পরিচালনা: ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (DMTCL) মেট্রোরেলের প্রথম নারী চালক: মরিয়ম আফিজা।					
MRT Line-5 (উত্তর রুট): হেমায়েতপুর - ভাটারা – গাবতলী - মিরপুর-১০ - গুলশান পর্যন্ত ২০ কিলোমিটার। নির্মাণকাজ উদ্বোধন হয়: ০৪ নভেম্বর, ২০২৩। **MRT Line-1:** দেশের প্রথম পাতাল মেট্রোরেল। রুট: পাতাল অংশ–(বিমানবন্দর থেকে কমলাপুর পর্যন্ত) এবং এলিভেটেড অংশ–(নারায়ণগঞ্জের পীতলগঞ্জ থেকে নতুনবাজার)।						
পাতাল রেল	MRT (Mass Rapid Transit) Line-1	জাপান	নতুনবাজার – পিতলগঞ্জ	৩১.২৪১ কি.মি./ স্টেশন ২১টি	**মাটির নিচ দিয়ে:** বিমানবন্দর – কমলাপুর **উড়াল:** নতুন বাজার – পিতলগঞ্জ	
কর্ণফুলী টানেল	Karnaphuli tunnel	অর্থায়ন: বাংলাদেশ ও চীন। সহায়তা: চীন	বন্দর (পতেঙ্গা)–আনোয়ারা, চট্টগ্রাম	৩.৩২ কি.মি,**লেন:** ৪। সংযোগ সড়ক: ৫.৩৫ কি.মি. **টিউব দৈর্ঘ্য:** ২.৪৫ কি.মি.	২৮ অক্টোবর, ২০২৩ **নোট:** One city with two towns.	মিয়ানমার থেকে চীনের কুনমিং পর্যন্ত এশিয়ান হাইওয়ে ও চীনের BRI'র সাথে যুক্ত হবে।

চট্টগ্রামের কালুরঘাটে কর্ণফুলী নদীতে রেলসহ সড়ক সেতু নির্মিত হচ্ছে।